চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 93 Saturday, 4 March, 2023 ✻ ২৮ বর্ষ, ৯৩ সংখ্যা ✻ ১৯ ফাল্গুন, ১৪২৯, শনিবার, ৪ মার্চ, ২০২৩ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য– ৩ টাকা

'উপযুক্ত স্থানে' ভারতের সঙ্গে সীমান্ত সমস্যা নিয়ে আলোচনা করতে চায় চিন

নয়াদিল্লি, ৩ মার্চঃ জি২০ 'ফরেন মিনিস্টার কনক্লেভ' উপলক্ষে ভারতে এসেছে জি২০ অন্তর্ভুক্ত দেশগুলির বিদেশমন্ত্রীরা। চিনা বিদেশমন্ত্রীও এসেছেন নয়াদিল্লিতে। ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠকও হয়েছে কিন গ্যাঙের সঙ্গে বৈঠকও হয়েছে তাঁর। সেই বৈঠকে সীমান্তে শান্তিভঙ্গের প্রসঙ্গ উত্থাপিত করা হয়েছিল ভারতের তরফে। কিন্তু সে ব্যাপারে কথা বলার উপযুক্ত জায়গা এই মঞ্চ নয় বলে জানাল চিন। পাল্টা ভারত জানিয়ে দিল ভারতের সঙ্গে চিনের সম্পর্ক 'স্বাভাবিক নয়'। নয়াদিল্লিতে জি-২০ সম্মেলনের পার্শ্ববৈঠকে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর চিনা বিদেশমন্ত্রী কিন গ্যাংকে স্পষ্ট ভাষায় এ কথা জানিয়েছেন বলে সাউথ ব্লক সূত্রের খবর। তবে সীমান্তের পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে দুদেশই পদক্ষেপের ব্যাপারে সহমত হয়েছে বলে জানা

গিয়েছে। গত বছর ডিসেম্বর মাসে চিনের বিদেশমন্ত্রী হয়েছেন কিন গ্যাং। ভারতের বিদেশমন্ত্রীর সঙ্গে এটাই ছিল তাঁর প্রথম বৈঠক। সেই বৈঠকের চিনের বিদেশমন্ত্রীকে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর উত্তেজনা নিয়ে অবহিত করলেন। প্রায় ৩৪ মাস ধরে লাদাখ এবং প্রকৃত নিয়ন্ত্রণ রেখার অন্য এলাকার শান্তি বিঘ্নিত হয়েছিল তা তুলে ধরেন। এ ব্যাপারে কথা বলতে গিয়ে ভারত সাফ জানিয়েছে, চিনের সঙ্গে ভারতের পরিস্থিতি স্বাভাবিক নয়। সীমান্তে শান্তি বজায় না রাখলে এই সম্পর্ক স্বাভাবিক থাকবে না। চিনা বিদেশমন্ত্রীর সঙ্গে আলোচনার প্রসঙ্গে জয়শঙ্কর বলেছেন, ''জি২০ ফ্রেমওয়ার্কের বিভিন্ন ঘটনা নিয়ে আমাদের মধ্যে আলোচনা হয়েছে। কিন্তু বৈঠকের মূল সুর ছিল ভারত ও চিনের দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে। দুদেশের দ্বিপাক্ষিক সম্পর্কের তিক্ততা এবং সীমান্ত সমস্যা নিয়েই চলেছে আলোচনা।'' এই বৈঠকে কিন জয়শঙ্করকে জানিয়েছেন, দুপক্ষেরই এই সমস্যা গুরুত্ব সহকারে দেখা উচিত এবং সেই মতো পদক্ষেপ করা উচিত। যদিও জি২০ মঞ্চে এই নিয়ে আলোচনা করতে ততটা আগ্রহী নয় বলেই জানিয়েছেন চিনা বিদেশমন্ত্রী। তিনি বলেছেন, ''দ্বিপাক্ষিক সম্পর্কে সীমান্ত সমস্যা নিয়ে উপযুক্ত স্থানে আলোচনা করা উচিত।''

'ভাড়া' অ্যাকাউন্টেই নিয়োগ দুর্নীতির টাকা

ইডি-র হাত ধরে ফাঁস হতে চলেছে বিরাট রহস্য

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চঃ নিয়োগ তদন্তে এবার ইডির হাতে চাঞ্চল্যকর তথ্য। 'ভাড়া চুরি'র টাকা সরাতে অ্যাকাউন্ট 'ভাড়া' নেওয়ার তথ্য উঠে এসেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের হাতে। ইডি সূত্রে দাবি, নিয়োগ দুর্নীতির আর্থিক লেনদেন বিভিন্নভাবে হয়েছে। কখনও নগদে, কখনও ব্যাঙ্ক অ্যাকাউন্টের মাধ্যমে হয়েছে। সূত্রের খবর, ব্যাঙ্ক অ্যাকাউন্ট ব্যবহার করে আর্থিক লেনদেনের ক্ষেত্রে অনেক সময় ব্যবহার করা হয়েছে ভাড়া করা অ্যাকাউন্টও। ইডির সূত্র মারফত জানা গিয়েছে, বিভিন্ন ব্যক্তির অ্যাকাউন্ট ভাড়া নেওয়া হয়েছিল বিপুল অর্থের লেনদেন করার জন্য। এর বদলে ছিল কমিশনের ব্যবস্থাও। ইডি সূত্রে খবর, এই নিয়োগ কেলেঙ্কারিতে কোটি কোটি টাকার লেনদেন হয়েছে। একটি বড় চেইনের মাধ্যমে চলেছে এই কেলেঙ্কারি চক্র। 'ধেড়ে ইঁদুর'-এর খোঁজে নেমে ইতিমধ্যেই বেশ কয়েকজনকে গ্রেফতারও করেছে ইডি। সিবিআইয়ের হাতেও গ্রেফতার হয়েছেন অনেকে। তালিকায় রয়েছেন খোদ প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। যদিও আদালতের দাবি, শিকড় এখনও আরও গভীরে আছে। তথ্যপ্রমাণ,

সাক্ষ্যগ্রহণ চলছে। বহু চাকরির সুপারিশ বাতিল হয়েছে। চাকরি খোয়ানোর আশঙ্কায় দিন কাটছে অনেকেরই। এবার নয়া তথ্য ইডির হাতে। চাকরির প্রতিশ্রুতি দিয়ে তোলা টাকা এরকমই 'ভাড়া' করা অ্যাকাউন্টে পাঠানো হয়েছে বলেও ইডি মনে করছে। ঠিক যেভাবে এর আগে অনলাইন গেমিং অ্যাপ ই-নাগেটস প্রতারণায় অ্যাকাউন্ট ভাড়া দেওয়ার তথ্য উঠে এসেছিল। নির্দিষ্ট কমিশনের ভিত্তিতেই এই অ্যাকাউন্ট ভাড়া দেওয়ার তথ্য সামনে আসে। এক্ষেত্রেও তেমনই কিছু ঘটেছে বলেই ইডির তদন্তকারীরা মনে করছেন। ইডি ইতিমধ্যেই বিস্তারিত খোঁজ খবর শুরু করেছে। সূত্রের খবর, এই ভাড়ার অ্যাকাউন্ট কাদের নামে রয়েছে, সেই তালিকা তৈরি করে তাঁদের সঙ্গেও কথা বলবে ইডি। কাদের কথায় এই অ্যাকাউন্ট ভাড়া দেওয়া হয়েছে, কোন শর্তে ভাড়া দেওয়া হয়েছিল অ্যাকাউন্ট, কীভাবে লেনদেন হতো টাকা, পরিমাণই বা কত ছিল এই সমস্ত উত্তরই জানতে চাইতে পারে ইডি। প্রসঙ্গত, নিয়োগ তদন্তে শুক্রবার আদালতে তোলা হয় কুন্তল ঘোষকে। ১৭ মার্চ পর্যন্ত তাঁকে জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক।

নিয়োগপত্র বাতিল

চাকরি গেল ৬১৮ জন শিক্ষকের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চঃ দীর্ঘ আন্দোলন, অনশনের পর এবার একে একে 'অযোগ্য'দের চাকরি বাতিলের প্রক্রিয়া শুরু হয়েছে। যোগ্য প্রার্থীদের বঞ্চিত করে চাকরি পাওয়ার অভিযোগ উঠেছে যাঁদের বিরুদ্ধে, তাঁদের নিয়োগ বাতিলের প্রক্রিয়া এগোল আরও একধাপ। এবার এসএলএসটি তথা নবম-দশমের শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগে বাতিল হল ৬১৮ জনের চাকরি। দুর্নীতির কথা স্বীকার করে নিয়ে আগেই সুপারিশ বাতিল করেছিল স্কুল সার্ভিস কমিশন। এবার নিয়োগপত্র বাতিল করল মধ্যশিক্ষা পর্ষদ। শুক্রবারই এক বিজ্ঞপ্তি প্রকাশ করে নিয়োগ বাতিলের কথা জানানো হয়েছে। এরপর থেকে আর শিক্ষক রইলেন না ওই ৬১৮ জন। এই সব পদে নিয়োগের ক্ষেত্রে ওএমআর জালিয়াতির অভিযোগ উঠেছিল। সেই অভিযোগ যে সত্যি, তা স্বীকার করে নিয়েছিল এসএসসি-ও। নবম-দশমের ৮০৩ জনের ওএমআর শিট বিকৃত করা হয়েছিল অর্থাৎ প্রাপ্ত নম্বর বদলে দেওয়া হয়েছিল বলে অভিযোগ ওঠে। মামলা হয়

কলকাতা হাইকোর্টে। হাইকোর্টের নির্দেশ মেনে তার মধ্যে ৬১৮ জনের নামের তালিকা প্রকাশ করে এসএসসি। এরপর তাঁদের সুপারিশপত্র ও এবার নিয়োগপত্র বাতিল করা হল। সদ্য গ্রুপ ডি মামলাতেও চাকরি বাতিল হয়েছে ১৯১১ জনের। সে ক্ষেত্রেও ওএমআর বিকৃতির অভিযোগ উঠেছিল। কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চ তাঁদের চাকরি বাতিল করার নির্দেশ দেওয়ার পর ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছিলেন চাকরি প্রার্থীরা। সেখানে চাকরি বাতিলের নির্দেশ বহাল থাকে। সুপ্রিম কোর্টে গিয়েও কোনও লাভ হয়নি। চাকরি বাতিলের নির্দেশ বহাল রয়েছে সেখানেও। তবে এই ১৯১১ জনকে বেতন ফেরত দেওয়ার যে নির্দেশ দিয়েছিল সিঙ্গল বেঞ্চ, তা বাতিল করে দেয় ডিভিশন বেঞ্চ। নিয়োগ কেলেঙ্কারির অভিযোগ তুলে দিনের পর দিন রাস্তায় বসে থেকেছেন বঞ্চিত চাকরি প্রার্থীরা। সেই আন্দোলন এখনও জারি রয়েছে। এবার অযোগ্যদের নিয়োগ বাতিল হওয়ায় আশা দেখছেন তাঁরা।

কো-মর্বিডিটির কারণেই শিশু মৃত্যু, তাপমাত্রা বাড়লে কমে যাবে ফিরহাদ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চঃ অ্যাডিনোভাইরাসের প্রকোপ নিয়ে উদ্বেগ বেড়েছে গোটা রাজ্য জুড়ে। প্রতিদিন জ্বর ও শ্বাসকষ্টের মতো উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হচ্ছে শিশুরা। শিশু মৃত্যুর পরিসংখ্যানও কপালে ভাঁজ ফেলছে বিশেষজ্ঞদের। রাতের ঘুম উড়েছে অভিভাবকদের। বিরোধীরা এই বিষয়ে প্রশাসনের দিকে আঙুল তুললেও, রাজ্য সরকারের এ নিয়ে ভয় না পাওয়ার কথা বলছে বারবার। বৃহস্পতিবারই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দাবি করেছেন কম ওজন থাকায় বা প্রিম্যাচিওর বেবি হিসেবে জন্মানোর কারণে মৃতের সংখ্যা বাড়ছে। এবার কলকাতা পুরনিগমের মেয়র ফিরহাদ হাকিম বললেন, মৃত্যু হচ্ছে মূলত কো-মর্বিডিটি বা অন্যান্য রোগ থাকার কারণে। তাপমাত্রা বাড়ার সঙ্গে সঙ্গে অ্যাডিনোভাইরাসের প্রকোপ কমে যাবে বলেই মত ফিরহাদের। গত ৭ দিনে রাজ্যে প্রায় ৩০ জন শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবারই বিসি রায় হাসপাতালে তিন শিশুর মৃত্যু হয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে দূরের জেলা থেকে শিশুদের আনতে হচ্ছে কলকাতায়। ফলে তাদের শারীরিক অবস্থার আরও অবনতি হচ্ছে। শুক্রবার ফিরহাদ হাকিমকে এ বিষয়ে প্রশ্ন করা হলে, তিনি

জানান, অ্যাডিনোভাইরাসের প্রকোপ এখনও আছে। কলকাতায় বেশির ভাগ রোগীই জেলা থেকে আসছে বলে দাবি করেছেন তিনি। মেয়র বলেন, ''যারা অপুষ্টিতে ভুগছে তাদের মৃত্যু কোমর্বিডিটির কারণে হচ্ছে। তবে তাপমাত্রা বাড়ছে এরপর হয়ত কমে যাবে।'' বিরোধীরা যে প্রশ্ন তুলছেন, সেই প্রসঙ্গে ফিরহাদ বলেন, রোগ নিয়ে রাজনীতি একটা ছোট মনের পরিচয়। যখন মানুষ বিপদে পড়ে তখন সবাই একসঙ্গে মিলেমিশে প্রতিরোধ করতে হয়। এগুলো হচ্ছে টিভিতে ছবি তোলার জন্য, এটা বিরোধীদের দায়িত্ব নয়। মানুষের সেবা নয়, মিডিয়ার জন্য রাজনীতি করা হচ্ছে বলেও দাবি করেছেন তিনি। বৃহস্পতিবারই মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ৫ হাজার বেড তৈরি আছে, ৬০০ শিশু চিকিৎসক তৈরি। বাড়ির লোকজনকে শিশুদের যত্ন নিতে হবে বলে উল্লেখ করে মমতা বলেছেন, ''ওদের ওপর একটু বিশেষ নজর দিতে হবে, যাতে বাইরে না বেরোয়। ঘরে রাখাটাই ভাল।''

তৃণমূলের জাতীয় দলের তকমা কেড়ে নেওয়া হোক

নির্বাচন কমিশনের কাছে বেনজির দাবি শুভেন্দুর

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চঃ ত্রিপুরা, মেঘালয় এবং নাগাল্যান্ডের বিধানসভা নির্বাচনের ফলপ্রকাশের পর পরই তৃণমূলকে নিশানা করে বড় দাবি করলেন শুভেন্দু অধিকারী। ত্রিপুরা এবং মেঘালয়ে ভোটে লড়েছে বাংলার শাসকদল তৃণমূল। ত্রিপুরায় একটি আসনেও জিততে পারেনি জোড়াফুল শিবির। তবে, প্রথম বার মেঘালয়ে লড়ে ৫টি আসনে জয় পেয়েছে মমতা বন্দ্যোপাধ্যায়ের দল। এবার ভিনরাজ্যের বিধানসভা নির্বাচনের এই ভোট পরিসংখ্যান তুলে ধরে তৃণমূলের জাতীয় দলের তকমা বাতিল করার দাবি তুললেন শুভেন্দু। করলেন ট্যুইট। বিজেপি নেতার দাবি, নির্বাচন কমিশনের নিয়ম অনুযায়ী কোনও রাজনৈতিক দলকে জাতীয় দলের স্বীকৃতি পেতে হলে যে সমস্ত শর্ত পূরণ করতে হয়, তৃণমূল কংগ্রেস তা করতে ব্যর্থ। এই কারণে তৃণমূল কংগ্রেসের কাছ থেকে জাতীয় দলের তকমা কেড়ে নেওয়া হোক। দাবি, রাজ্যের বিরোধী দলনেতার। শুক্রবারের ট্যুইটে জাতীয় দল হিসাবে বিবেচিত নিয়মাবলি তুলে ধরেন শুভেন্দু। দাবি করেন, লোকসভার মোট আসনের ২ শতাংশ দখলে থাকলে জাতীয় দলের স্বীকৃতি পাওয়া যায়। মূলত, এই যুক্তি দিয়ে বিরোধী দলনেতা লিখেছেন, 'লোকসভায় তৃণমূলের সাংসদেরা শুধুমাত্র পশ্চিমবঙ্গের। অন্য কোনও রাজ্যের নন। ফলে এই শর্ত এ ক্ষেত্রে পূরণ হয়নি।' সে কারণেই জাতীয় নির্বাচন কমিশনের মুখ্য কমিশনারের কাছে শুভেন্দু অধিকারীর আবেদন, 'তৃণমূল কংগ্রেসের জাতীয় দলের স্বীকৃতি বাতিল করা হোক'। এদিনের ট্যুইটে উত্তরপূর্বের তিন রাজ্যে বিধানসভা নির্বাচনে তৃণমূলের মোট প্রাপ্ত ভোটের হিসেবও উল্লেখ করেন শুভেন্দু অধিকারী। পাশাপাশি, লেখেন, 'তৃণমূল সবচেয়ে দুর্নীতিগ্রস্ত আঞ্চলিক দল'। ত্রিপুরা বিধানসভা ভোটের ফলাফল সামনে আসার সঙ্গে সঙ্গেই শুভেন্দু অধিকারী গত বৃহস্পতিবার ট্যুইট করে কটাক্ষের সুরে বলেছিলেন, 'ত্রিপুরেশ্বরীর আশীর্বাদে ত্রিপুরায় বিধানসভা নির্বাচনে 'নোটা'র কাছে হাড্ডাহাড্ডি লড়াই করে পরাজিত হল সর্বভারতীয় তোলামুল পার্টি'। শুভেন্দুর ট্যুইটের পরপরই বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ভোটের ফলাফলের নিয়ে রাজ্যে শাসকদলকে নিশানা করে ট্যুইট করেন। লেখেন, 'মেঘালয়ে এপাং, সাগরদিঘিতে ওপাং, ত্রিপুরায় ঝপাং, ২০২৪ এ ড্যাং ড্যাং'।

প্রতি চাকরির 'দাম' ৮ লক্ষ নিতেন কুন্তল, ভাগ যেত পার্থর কাছেও ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চঃ চাকরি দেওয়ার নামে টাকা নিতেন, এমন অভিযোগ প্রথম থেকেই উঠেছে তৃণমূলের যুব নেতা কুন্তল ঘোষের বিরুদ্ধে। ঠিক কত টাকা নিতেন? কতজনের কাছ থেকে নিয়েছিলেন? জিজ্ঞাসাবাদ করার পর ক্রমশ সামনে আসছে সেই সব তথ্য। শুক্রবার প্রায় ১৬ কোটি টাকার হিসেব পেশ করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। এদিন কুন্তল ঘোষকে নগর দায়রা আদালতে পেশ করা হয়। শুনানিতে ইডি দাবি করেছে, এজেন্টদের মাধ্যমে প্রায় ২০০ জন চাকরি প্রার্থীর কাছ টাকা নিয়েছিলেন কুন্তল। এমনকী সেই টাকা প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের হাতে গিয়েছে বলেও দাবি করেছেন ইডির আইনজীবী। ইডি-র আইনজীবী এদিন আদালতে জানিয়েছেন, কুন্তলের মোট ২০ জন এজেন্ট ছিলেন। তার মধ্যে ১০ জন এজেন্টের বয়ান নেওয়া হয়েছে ইতিমধ্যেই। অনেক এজেন্ট গা ঢাকা দিয়েছেন বলেও দাবি কেন্দ্রীয় সংস্থার। ইডি আরও জানিয়েছে, জিজ্ঞাসাবাদে এজেন্টরা টাকা তুলে দেওয়ার কথা স্বীকার করেছেন। ২০০ জন প্রার্থীর থেকে কুন্তলকে টাকা তুলে দেওয়া হয়েছিল বলে জানা গিয়েছে। ওই ২০০ জন

চাকরির সুযোগ পেয়েছিলেন বলেও দাবি ইডি-র। হিসেব কষে ইডি জানায় প্রতি প্রার্থীদের থেকে ৮ লক্ষ টাকা করে নিয়েছিলেন কুন্তল। অর্থাৎ ২০০ জনের কাছ থেকে মোট ১৬ কোটির টাকা নেওয়া হয়েছিল। সেই টাকা পার্থর কাছে গিয়েছে বলেও দাবি করেছে ইডি। বিএড, ডিএলএড কলেজের অনুমোদনের জন্যও টাকা নেওয়া হত বলে অভিযোগ। সে ক্ষেত্রে পার্থ এবং মানিকের প্রভাবকে কাজে লাগানো হয়েছে বলেও দাবি করেছে ইডি। পাশাপাশি এদিন কুন্তলকে জেলে গিয়ে জেরার আবেদন জানিয়েছে তদন্তকারী সংস্থা। গত ১৪ দিনে মামলার কী অগ্রগতি হয়েছে, সে বিষয়ে বিচারক জানতে চান ইডি-র কাছে। তদন্তকারী অফিসার বিচারকের কাছে গিয়ে বেশ কিছু নথি দেখান। ইডি-র তরফে জানানো হয়েছে, প্রাথমিক, উচ্চ প্রাথমিক ও নবম-দশমে চাকরির জন্য টাকা নিয়েছিলেন কুন্তল। এদিন আদালতে জামিনের আর্জি জানিয়েছিলেন কুন্তলের আইনজীবী। তবে, সেই আর্জি খারিজ হয়ে গিয়েছে। আগামী ১৭ মার্চ পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে কুন্তলকে।

দুই হাইকোর্টে জোড়া ধাক্কা, অনুব্রতর দিল্লি যাত্রায় রইল না বাধা!

কলকাতা ও নয়াদিল্লি, ৩ মার্চঃ দিল্লি হাইকোর্টও কোনও স্বস্তি দিল না অনুব্রত মণ্ডলকে। দিল্লি আসতেই হচ্ছে অনুব্রত মণ্ডলকে। কারণ এ দিন কলকাতা হাইকোর্টেও পিছিয়ে গিয়েছে অনুব্রত মণ্ডলের আবেদনের শুনানি। ফলে এই মুহূর্তে অনুব্রতকে দিল্লি নিয়ে যাওয়ার ক্ষেত্রে কোনও বাধাই রইল না। এ দিকে এ দিন কলকাতা হাইকোর্টেও অস্বস্তি অনুব্রত মণ্ডলের। কলকাতা হাইকোর্টেও স্থগিতাদেশ জোগাড়ে ব্যর্থ অনুব্রত। প্রবীণ আইনজীবীর মৃত্যুতে এ দিন শুনানি অসম্পূর্ণ থাকে। আগামিকাল বিশেষ বেঞ্চ গঠন করে শুনানির জন্য প্রধান বিচারপতি কাছে অনুরোধ পাঠালেন বিচারপতি বিবেক চৌধুরী। শনিবার সকাল ১১টায় অনুব্রত মণ্ডল আবেদনের শুনানি সম্ভাবনা। শনিবার ছুটির দিন বিশেষ বেঞ্চ গড়ে শুনানির জন্য অনুরোধ পাঠালেন বিচারপতি বিবেক চৌধুরী। ফলে আইনি দিক দিয়ে অনুব্রতকে দিল্লি নিয়ে যেতে আপাতত ইডি-র কোনও বাধা রইল না। এ দিন দিল্লি হাইকোর্টে অনুব্রতর আইনজীবী আদালতে বলেন, নেওয়ার অভিযোগ আনা হয়। তিনি বলেন, অনুব্রত মণ্ডলকে গ্রেফতার করেছে সিবিআই। যদিও এখন ইডি দিল্লিতে আনতে চাইছে। এই মামলা দিল্লির নয়। তাও আনতে চাইছে। ১৭ মার্চ এই মামলার শুনানি হওয়ার কথা ছিল। এই পরিস্থিতিতে সোম অথবা মঙ্গলবার শুনানির দিন ধার্য হোক। বিচারপতি বলেন, ''অন্য আদালতেও আপনারা আবেদন করেছেন। তাহলে এখানে এসেছেন কেন ? অন্য কোর্টে আবেদনের বিষয় আলাদা।'' ইডির আইনজীবী আদালতে জানান, ''অভিযুক্তের আইনজীবীদের বক্তব্য রেকর্ড করা হোক। ওরা দু'-রকম কথা বলছেন।'' সোমবার শুনানির আবেদন জানান কপিল সিবাল। ইডির আইনজীবী পাল্টা বলেন, ৯ জানুয়ারি থেকে সময় নিয়ে চলেছেন। মৌখিক আশ্বাসে সময় নিয়েই চলেছেন। অনুব্রত মণ্ডলের আইনজীবী বলেন, ''অনুব্রতকে দিল্লি নিয়ে যাওয়া হবে না বলে আসানসোল আদালতে মৌখিক আশ্বাস দিয়েছিল ইডি। তারপরেও দিল্লি আনার প্রস্তুতি চলছে।' ইডির আইনজীবী তার জবাবে বলেন, ''আদালতের রেকর্ডে মৌখিক আশ্বাসের কোনও উল্লেখ নেই।'' অনুব্রতকে দিল্লি নিয়ে এসে জেরা করায় সম্মতি দিয়েছে আসানসোল আদালত। তারপরেই এই তৃণমূল নেতাকে দিল্লি নিয়ে যাওয়ার তোড়জোড় শুরু করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট।

ডিজিটাল তথ্য সুরক্ষা বিল দ্রুত কার্যকর করার আশ্বাস কেন্দ্রীয় মন্ত্রীর

যত দ্রুত সম্ভব বিলটি পুনর্বিবেচনা করে সংসদে পেশ করার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ করা হচ্ছে বলে জানিয়েছেন কেন্দ্রীয় তথ্য-প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।

নয়াদিল্লি, ৩ মার্চঃ ডিজিটাল ইন্ডিয়া গড়তে এবং বিশ্বস্ত জাতি গড়তে ডিজিটাল ডাটা প্রোটেকশন বিল তথা ডিজিটাল তথ্য সুরক্ষা বিলটি দ্রুত কার্যকর করা জরুরি। কেন্দ্রীয় তথ্য-প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের কাছে এমনই আবেদন জানিয়েছে টেক-ইন্ডাস্ট্রি। কেন্দ্রীয় মন্ত্রী অবশ্য টেক ইন্ডাস্ট্রিকে নিরাশ করেননি। বিষয়টি গুরুত্ব সহকারে দেখা হচ্ছে এবং যত দ্রুত সম্ভব এটি পুনর্বিবেচনা করে সংসদে উপস্থাপন করা হবে বলে জানিয়েছেন অশ্বিনী বৈষ্ণব। কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন, ডিজিটাল তথ্য সুরক্ষা বিল নিয়ে ইতিমধ্যে যোগাযোগ ও তথ্য-প্রযুক্তির সংসদীয় কমিটিতে আলোচনা চলছে। যত দ্রুত সম্ভব বিলটি পুনর্বিবেচনা করে সংসদে পেশ করার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ করা হচ্ছে। যদিও সংসদীয় কমিটিতে বিলটি অনুমোদিত হয়েছে কিনা তা স্পষ্ট করেননি কেন্দ্রীয় তথ্য-প্রযুক্তি মন্ত্রী। প্রসঙ্গত, ডিজিটাল ক্ষেত্রে গ্রাহকের তথ্য সুরক্ষা রাখতেই ডিজিটাল ডাটা প্রোটেকশন বিল তথা ডিজিটাল তথ্য সুরক্ষা বিলের খসড়া প্রকাশ করেছিল নরেন্দ্র মোদির সরকার। এই বিলে ভারতে একটি ডেটা প্রোটেকশন অথরিটি অফ ইন্ডিয়া গঠনের পরিকল্পনার কথা বলা হয়েছিল। কিন্তু ওই বিলের তীব্র বিরোধিতা করে তৃণমূল ও কংগ্রেস। বিরোধীদের অভিযোগ ছিল, রীতিমতো আইন করে নাগরিকদের ব্যক্তিগত বিষয়ে নজরদারি চালাতে চাইছে সরকার। বিরোধীদের তীব্র বিরোধিতার জেরে সেই বিলটি বিবেচনার জন্য সংসদীয় কমিটির কাছে পাঠানো হয়। কমিটি একাধিক সংশোধনী প্রস্তাব দিলে বিলটি প্রত্যাহার করে নেওয়া হয়। তারপর গত বছর সংশোধিত আরও একটি খসড়া প্রকাশ করে কেন্দ্র। এই বিলের মূল নীতি হল, ব্যক্তিগত তথ্য ব্যবহারের ক্ষেত্রে প্রতিটি সংস্থাকে স্বচ্ছতা বজায় রাখতে হবে। গ্রাহকের ব্যক্তিগত তথ্য আদায়ের ক্ষেত্রেও কিছুটা সীমাবদ্ধতা আনা হয়। যতটুকু প্রয়োজন, ততটাই ব্যক্তিগত তথ্য সংগ্রহের কথা বলা হয়েছে। গ্রাহকের ব্যক্তিগত তথ্য যাতে সুরক্ষিত থাকে, সেটাও সুনিশ্চিত করার বার্তা দেওয়া হয়েছে। তবে শিশু এবং অভিভাবকেরা পরস্পরের তথ্য দেখতে পারবে বলে বিলে উল্লিখিত। ব্যক্তিগত ডিজিটাল তথ্য সুরক্ষা বিলের নীতি লঙ্ঘন করলে ৫০০ কোটি টাকা পর্যন্ত জরিমানা হতে পারে বলেও এই বিলে উল্লেখ করা হয়েছে। যদিও এখনও পর্যন্ত বিলটি সংসদে পাশ হয়নি। বিলটিতে এখনও কিছু ঘাটতি রয়েছে বলে দাবি উঠেছে। ফলে পুনরায় বিলটি অনুমোদনের জন্য সংসদীয় কমিটির কাছে পাঠানো হয়। বর্তমানে সেটি একেবারে হিমঘরে।

অর্পিতা-হৈমন্তীর পরে এবার সোমা!

নিয়োগ দুর্নীতি কাণ্ডে আরও এক রহস্যময়ীর খোঁজ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চঃ অর্পিতা, হৈমন্তীর পরে এবার সোমা। নিয়োগ দুর্নীতি কাণ্ডের তদন্তে এবার আরও এক রহস্যময়ী নারীর খোঁজ। পুরো নাম, সোমা চক্রবর্তী। ইডি সূত্রের খবর, টেট দুর্নীতি কাণ্ডে ধৃত যুব তৃণমূল নেতা কুন্তল ঘোষের নথিপত্র ঘেঁটে নাকি খোঁজ মিলেছে এই সোমা চক্রবর্তীর। অভিযোগ, ২০২০ সালে এই সোমা চক্রবর্তীকেই লক্ষ লক্ষ টাকা দিয়েছিলেন কুন্তল। এমনকি, লেনদেন হওয়া টাকার অঙ্ক ৫০ লক্ষ টাকাও ছুঁয়ে ফেলতে পারে বলে মনে করছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার গোয়েন্দারা। শুধু লক্ষ লক্ষ টাকাই নয়, এই সোমা চক্রবর্তীকে ফ্ল্যাট-গাড়িও নাকি দিয়েছিলেন ধৃত যুবনেতা। যদিও এদিন এই যাবতীয় কথা অস্বীকার করেছেন কুন্তল। দাবি করেছেন, সোমা নামে কোনও মহিলাকেই নাকি তিনি চেনেন না। তাঁর কথায়, ''আমার নিজেরই ফ্ল্যাট নেই তো কাকে ফ্ল্যাট দেব।'' অন্যদিকে, কুন্তলের ব্যাঙ্কের নথিপত্রে এই সোমা চক্রবর্তী নামের মহিলার খোঁজ মেলায় এদিন তাঁকে সিজিও কমপ্লেক্সে তলবও করে ইডি। নোটিস পেয়ে হাজিরাও দেন সোমা। জেরার মুখে হুগলির বলাগড়ের যুবনেতা এই কুন্তলেরই মুখে উঠে এসেছিল তাপস মণ্ডল ঘনিষ্ঠ গোপাল দলপতি এবং তাঁর দ্বিতীয় স্ত্রী হৈমন্তী গঙ্গোপাধ্যায়ের নাম। কুন্তলের অভিযোগ, এই গোপাল এবং তাঁর স্ত্রীয়ের অ্যাকাউন্টে চাকরিপ্রার্থীদের কাছ থেকে নেওয়া টাকার একটা বড় অংশ ট্রান্সফার করা হয়েছিল। এদিন আদালতে কুন্তল আরও একবার দাবি করেন, ওই দুজনের কাছেই চাকরি দুর্নীতির বিপুল টাকা রয়েছে। ইতিমধ্যেই সিবিআই-এর রেডারে রয়েছেন এই গোপাল এবং হৈমন্তী। হৈমন্তীকে নিয়ে সেই বিতর্ক মিটতে না মিটতেই সোমা নামে আরও এক 'রহস্যময়ী'র প্রসঙ্গ উঠে এল নিয়োগ দুর্নীতিকাণ্ডে। শুক্রবার কুন্তলকে ১৭ মার্চ পর্যন্ত জেল হেফাজতে রাখার নির্দেশ দিয়েছেন আলিপুর আদালতের বিচারক।

দোলের দিন শিয়ালদহ শাখায় বাতিল একগুচ্ছ ট্রেন

কলকাতা, ৩ মার্চ ঃ আগামী ৭ মার্চ মঙ্গলবার দোলযাত্রা। ওইদিন শিয়ালদহ শাখায় একগুচ্ছ লোকাল ট্রেন বাতিল করল পূর্ব রেল। শিয়ালদহ মেইন লাইন-সহ কৃষ্ণনগর, রানাঘাট, শান্তিপুর, নৈহাটি, বনগাঁ, হাসনাবাদ, ডানকুনি, ডায়মন্ড হারবার, লক্ষ্মীকান্তপুর, সোনারপুর, বজবজ শাখার একাধিক ট্রেন বাতিল করা হয়েছে রেলের তরফে। রেলের তরফে জানানো হয়েছে, দোলের দিন যাত্রী সংখ্যা কম থাকায় ট্রেন বাতিলের এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।পূর্ব রেলের তরফে বিজ্ঞপ্তি প্রকাশ করে জানিয়েছে, আগামী ৭ মার্চ মঙ্গলবার দোলযাত্রার দিনে শিয়ালদহ শাখায় একগুচ্ছ লোকাল ট্রেন বাতিল করা হয়েছে। কৃষ্ণনগর, রানাঘাট, শান্তিপুর, নৈহাটি, বনগাঁ, হাসনাবাদ, ডানকুনি, ডায়মন্ড হারবার, লক্ষ্মীকান্তপুর, সোনারপুর, বজবজ শাখায় সকালের দিকে এবং রাতের দিকে একাধিক ট্রেন বাতিল থাকবে। ৩৪৭১১ লক্ষ্মীকান্তপুর শিয়ালদা লোকাল, ৩৪৮১১ ডায়মন্ডহারবার শিয়ালদা লোকাল, ৩৪৯৩৫ নামখানা শিয়ালদা লোকাল, ৩৪১১২ শিয়ালদা বজবজ লোকাল-সহ দক্ষিণ শাখায় বহু ট্রেন বাতিল করা হয়েছে।

আখাউড়া সীমান্ত ও লাকসাম-আখাউড়া রেলওয়ে প্রকল্প পরিদর্শন

আগরতলা, ৩ মার্চ ঃ বাংলাদেশ বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর মহাপরিচালক মেজর জেনারেল একেএম নাজমুল হাসান, বিএএম, এনডিসি, পিএসসি ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া আইসিপি, লাকসাম-আখাউড়া রেলওয়ে প্রকল্প এবং বিজিবি-র অন্তর্ভুক্ত সীমান্ত এলাকা পরিদর্শন করেছেন। সম্প্রতি বিজিবি মহাপরিচালক বিজিবি-র সরাইল রিজিয়নের আওতাধীন সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি)-এর অধীনস্থ আখাউড়া আইসিপি পরিদর্শন করেন। বিজিবি মহাপরিচালক আগরতলার আখাউড়া আইসিপিতে পৌঁছলে বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)-এর ত্রিপুরা ফ্রন্টিয়ার কমান্ডার তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান। এ সময় বিএসএফ-এর একটি চৌকস দল বিজিবি মহাপরিচালককে গার্ড অব অনার প্রদান করে। পরে তিনি উপস্থিত বিএসএফ সদস্যদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন।আখাউড়া আইসিপি পরিদর্শন শেষে বিজিবি মহাপরিচালক আখাউড়া আইসিপি বিওপি পরিদর্শন করেন এবং সৈনিকদের সাথে মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেন। মধ্যাহ্নভোজের পর তিনি বিজিবির সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি)-এর অধীনস্থ ফকিরমোড়া বিওপি পরিদর্শন করেন। লাকসাম-আখাউড়া রেলওয়ে প্রকল্পের কসবা

বাংলাদেশে আদানি গোষ্ঠীর সঙ্গে বিদ্যুৎ চুক্তি বাতিলের দাবি জোরালো

ঢাকা, ৩ মার্চ ঃ এবার বাংলাদেশে আদানি গোষ্ঠীর সঙ্গে বিদ্যু চুক্তি বাতিলের দাবি জোরালো হল। হিন্ডেনবার্গ রিপোর্টের পর থেকেই বিশবাঁও জলে আদানি গোষ্ঠী। শেয়ারে রক্তক্ষরণের পাশাপাশি প্রস্তাবিত প্রকল্পগুলির ভবিষ্য নিয়ে দেখা দিয়েছে অনিশ্চয়তা। এহেন পরিস্থিতিতে শুক্রবার এক যৌথ সংবাদ বিবৃতিতে দু'টি পরিবেশপ্রেমী সংগঠন তাদের দাবির প্রতি সরকারকে মনোযোগী হওয়ার আহ্বান জানিয়েছে।শেয়ারে ধস নামার পর ভারতের শিল্পগোষ্ঠী আদানির বিদ্যুৎ বাংলাদেশে রফতানি নিয়ে ওপার বাংলায় ব্যাপক আলোচনা চলছে। বাংলাদেশে রফতানির জন্য ভারতের ঝাড়খণ্ডে আদানি গ্রুপ নির্মাণ করেছে ১৬০০ মেগাওয়াটের দুই ইউনিটের বিদ্যুৎকেন্দ্র। তবে গত মাসেই বাংলাদেশের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ জানিয়েছিলেন যে আদানি গোষ্ঠীর থেকে বিদ্যুৎ আমদানি করা হবে। এনিয়ে কোনও সংসয় নেই।আদানি গ্রুপের কাছ থেকে বাংলাদেশে বিদ্যুৎ আমদানির বিরুদ্ধে সরব হয়েছে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) এবং বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন)। চুক্তি বাতিলের দাবি জানিয়েছে তারা। আমদানি করা বিদ্যুতের ওপর নির্ভরতা বন্ধেরও দাবি জানিয়েছে এই দুই সংগঠন।যৌথ বিবৃতিতে বলা হয়, বাংলাদেশের নিজস্ব বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার প্রায় অর্ধেক ব্যবহার করা হচ্ছে না। তাই বিদেশি মুদ্রা খরচ করে বিদ্যু আমদানির যৌক্তিকতা নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে। তা ছাড়া আদানিদের কাছ থেকে যেসব শর্তে বাংলাদেশ বিদ্যুৎ কিনতে যাচ্ছে, তা দেশের জন্য খুবই প্রতিকূল।

হিজাব নিয়ে দ্রুত শুনানির আর্জি খারিজ করল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ৩ মার্চ ঃকর্ণাটক হিজাব মামলায় জরুরি ভিত্তিতে শুনানি করতে অস্বীকার করল সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় বলেন, হোলির পরে এই বিষয়ে. সুপ্রিম কোর্ট একটি বেঞ্চ গঠন করবে।হিজাব পরতে চাওয়া ছাত্রীদের আইনজীবী শুক্রবার সুপ্রিম কোর্টে বলেন, ' ইতিমধ্যে এক বছর হারিয়েছে, তারা আরও একটি বছর হারাবে।' আইনজীবীর এমন কথার উত্তরে আদালত বলে, ' আপনি শেষ তারিখে এসেছেন। আমরা হোলি ছুটির পরে এটি গ্রহণ করব।' আইনজীবী আদালতে বলেন, ' হিজাব পরা শিক্ষার্থীরা নিষেধাজ্ঞার কারণে ইতিমধ্যে এক বছর হারিয়েছে। এই শিক্ষাবর্ষে তাদের কী হবে? তারা কি এ বছরও হারাবে?'জবাবে প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় বলেন, ' আপনার প্রশ্নের উত্তর দিতে পারব না। হোলির ছুটির পর একটি বেঞ্চ গঠন করা হবে।' এর আগেও শিক্ষা প্রতিষ্ঠানে হিজাব পরতে চাওয়া ছাত্রীদের তরফে এই বিষয়ে শুনানির আবেদন জানানো হয়েছিল সর্বোচ্চ আদালতে। আগামী ৯ মার্চ থেকে কর্ণাটকে কলেজগুলিতে পরীক্ষা শুরু হবে, তাই ছাত্রীদের হিজাব পরে পরীক্ষায় বসতে দেওয়ার আবেদন জানানো হয়।উল্লেখ্য, গত বছরের শুরুতে কর্নাটকের উদুপিতে একটি সরকারি কলেজে পাঁচজন ছাত্রীকে হিজাব পরে ঢুকতে বাধা দেওয়া হয়। সেই ঘটনার পর পড়ুয়ারা কলেজের বাইরে বিক্ষোভ দেখায়। কর্ণাটকের বিভিন্ন কলেজের তরএ হিজাব পরে শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়। এরপর কলেজের এমন সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে মামলা করেন হিজাব পরতে চাওয়া ছাত্রীদের একাংশ। সাংবিধানিক অধিকারে হস্তক্ষেপ করা হচ্ছে বলে দাবি করে সর্বোচ্চ আদালতেও মামলা দায়ের হয়।

আমার ফোনেও পেগাসাস ছিল, ভারতীয় গণতন্ত্র আক্রমণের মুখেঃকেমব্রিজ বক্তৃতায় রাহুল গান্ধী

নয়াদিল্লি, ৩ মার্চ ঃ লন্ডনের কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের এমবিএ পড়ুয়াদের সামনে বক্তব্য রাখার সময় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। তিনি বলেছেন, বিপুল সংখ্যক রাজনৈতিক নেতাদের ফোনে পেগাসাস রয়েছে। আমার নিজের ফোনেও পেগাসাস ছিল। আমাকে গোয়েন্দাদের পক্ষ থেকে বলা হয়, দয়া করে আপনি ফোনে যা বলছেন সে বিষয়ে সতর্ক থাকুন, কারণ আমরা সব রেকর্ড করছি। রাহুলের মতে, ভারতীয় গণতন্ত্র আক্রমণের মুখে।কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে রাহুল গান্ধীর বক্তৃতার ভিডিও-র ইউটিউব লিঙ্ক শেয়ার করেছেন কংগ্রেস নেতা ও প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের প্রাক্তন উপদেষ্টা স্যাম পিত্রোদা। কংগ্রেস নেতা রাহুল গান্ধী কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের এমবিএ পড়ুয়াদের সামনে বক্তব্য রাখার বলেছেন, ক্রমাগত চাপ রয়েছে, যা আমরা অনুভব করি। বিরোধীদের বিরুদ্ধে মামলা হয়। ফৌজদারি মামলার অধীনে থাকা উচিত নয়, তা সত্ত্বেও আমার বিরুদ্ধে অনেকগুলি ফৌজদারি মামলা হয়েছে। রাহুল আরও বলেছেন, বিরোধী দল হিসেবে, যখন সংবাদ মাধ্যম এবং গণতান্ত্রিক স্থাপত্যের উপর এই ধরণের আক্রমণ করা হয় তখন মানুষের সঙ্গে যোগাযোগ করা খুব কঠিন হবে বলে মনে করা হয়েছে।

দেশের বিভিন্ন রাজ্যে বৃষ্টির পূর্বাভাস

নয়াদিল্লি, ৩ মার্চ ঃ শুক্রবার দেশের বিভিন্ন রাজ্যে বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে। পাহাড়ি রাজ্যেও তুষারপাত হতে পারে। এছাড়াও এদিন রাজধানী দিল্লিতে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬.৫ ডিগ্রি সেলসিয়াস। এটি স্বাভাবিকের চেয়ে তিন ডিগ্রি সেলসিয়াস বেশি। ভারতের আবহাওয়া দফতরের এক আধিকারিক এই খবর জানিয়েছেন। আবহাওয়াবিদদের মতে, রাজধানীতে সকাল ৯ঃ০০ টায় সার্বিক বায়ু মানের সূচক (একিউআই) ১৬১ রেকর্ড করা হয়েছে। এটি 'মধ্যম' বিভাগে পড়ে। সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। অর্ধেক দিন অতিবাহিত হওয়ার পর ভূপৃষ্ঠে শক্তিশালী বাতাস বইতে পারে।তিনি বলেন, আজ পশ্চিম হিমালয় অঞ্চলে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে। বৃষ্টি হতে পারে মহারাষ্ট্র, পঞ্জাব, উত্তরাখণ্ড, গুজরাট এবং দক্ষিণ মধ্যপ্রদেশে। জম্মু ও কাশ্মীর, লাদাখ এবং হিমাচল প্রদেশের বেশিরভাগ জায়গায় তুষারপাত হতে পারে।

সহকারী সেনাপ্রধানের দায়িত্ব নিলেন লেফটেন্যান্ট জেনারেল সুচিন্দ্র কুমার

নয়াদিল্লি, ৩ মার্চ ঃ লেফটেন্যান্ট জেনারেল এমভি সুচিন্দ্র কুমার গত বুধবার সেনাবাহিনীর ভাইস চিফ হিসেবে দায়িত্ব নিয়েছেন। তিনি বর্তমান ভাইস চিফ লেফটেন্যান্ট জেনারেল বিএস রাজুর কাছ থেকে দায়িত্ব তুলে নিয়েছেন, যিনি জয়পুর-ভিত্তিক সপ্ত শক্তি কমান্ডের দায়িত্ব গ্রহণ করেছেন। লেফটেন্যান্ট জেনারেল এমভি সুচিন্দ্র কুমার এখন পর্যন্ত সেনা সদর দফতরে ডেপুটি চিফ অফ আর্মি স্টাফ (স্ট্র্যাটেজি) পদে অধিষ্ঠিত ছিলেন। দায়িত্ব নেওয়ার আগে তিনি জাতীয় যুদ্ধ স্মৃতিসৌধ পরিদর্শন করেন এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। এরপর সাউথ ব্লকে তাঁকে গার্ড অব অনার দেওয়া হয়।সৈনিক স্কুল বিজাপুর এবং ন্যাশনাল ডিফেন্স একাডেমির প্রাক্তন ছাত্র লেফটেন্যান্ট জেনারেল ১৯৮৫ সালে ১ম আসাম রেজিমেন্টে কমিশন লাভ করেন। তিনি ৫৯ রাষ্ট্রীয় রাইফেলস ব্যাটালিয়ন পদাতিক ব্রিগেড এবং নিযন্ত্রণ রেখায় একটি পদাতিক ডিভিশন এবং উত্তর কমান্ডে অত্যন্ত সক্রিয় হোয়াইট নাইট কর্পস-এর নেতৃত্ব দিয়েছেন।

মেঘালয়ের নির্বাচনী ফলাফলে টুইটারে হতাশা প্রকাশ তথাগত রায়ের

কলকাতা, ৩ মার্চ ঃমেঘালয়ের নির্বাচনী ফলাফলে তাঁর হতাশা প্রকাশ করলেন প্রাক্তন রাজ্যপাল তথা বিজেপি-র প্রাক্তন সভাপতি তথাগত রায়।শুক্রবার তিনি টুইটারে লিখেছেন, মেঘালয়ের নির্বাচনী ফলাফলে আমি কিছুটা হতাশ। একবার রাজ্যের সাথে নাড়ির সম্পর্ক থাকা এবং তার পরে রাজ্যপাল হওয়া, আমার জন্য এই ফলাফলগুলির অনেক প্রভাব রয়েছে। দুর্ভাগ্যবশত আমার গোপনীয়তার শপথ আছে। তাই অনেক কিছু বলতে পারছি না।অপর টুইটে মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তৃতার একটি ভিডিও যুক্ত করে তথাগতবাবু লিখেছেন, ' মজা দেখ! এই ভিডিওটি নিয়ে কিছুকাল সামাজিক মাধ্যমে নেটা নাগরিকদের অনেকে মিম করছিলেন।প্রসঙ্গত, বৃহস্পতি বার প্রকাশিত মেঘালয়ে বিধানসভা নির্বাচনের ফলাফল বলছে ৫টি আসনে জিততে পেরেছে তৃণমূল কংগ্রেস। সরকার গঠনের লক্ষ্য নিয়ে নামলেও সেই লক্ষ্যপূরণ হয়নি। তবে বিজেপির থেকে বেশি ভোট পেয়েছে রাজ্যের বর্তমান শাসক দল।

''সবুজ শক্তি' ক্ষেত্রে বিশ্বকে নেতৃত্ব দেওয়ার বিশেষ ক্ষমতা রয়েছে ভারতের''

নয়াদিল্লি,৩মার্চঃ ভারত সরকার আয়োজিত বাজেট পরবর্তী ১২টি ওয়েবিনারের মধ্যে এটি ছিল প্রথম। ২০২৩-এর কেন্দ্রীয় বাজেটে যেসব উদ্যোগের কথা ঘোষণা করা হয়েছে তার কার্যকর রূপায়ণের জন্য পরামর্শ চাইতে সরকার এই ওয়েবিনারগুলির আয়োজন করেছে।অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, ২০১৪ সাল থেকে দেশে এখনও পর্যন্ত যে ক'টি বাজেট পেশ করা হয়েছে প্রতিটিতেই বর্তমান সময়ের চ্যালেঞ্জ মোকাবিলার পাশাপাশি ভবিষ্যতের সংস্কারের দিকেও নজর দেওয়া হয়েছে।' উন্নয়ন'-এর জন্য প্রধানমন্ত্রী তিনটি মূল স্তম্ভের কথা উল্লেখ করেন। প্রথমটি, পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎপাদন ক্ষমতা বৃদ্ধি, দ্বিতীয়টি জৈব জ্বালানির ব্যবহার কমানো এবং সর্বশেষ, দেশে যত দ্রুত সম্ভব গ্যাস-ভিত্তিক অর্থনীতির দিকে পরিবর্তিত হওয়া।এই প্রকল্পগুলি ইথানল ব্লেন্ডিং-এর মতো পদক্ষেপের ক্ষেত্রে ঘোষণা করা হয়েছে। ' সবুজ কুসুম' যোজনা, সৌরক্ষেত্রে উৎপাদন, বাড়ির ছাদে সৌর প্রকল্প এবং ব্যাটারি সংরক্ষণের মতো বিষয়গুলি বিগত কয়েক বছর ধরে বাজেটে প্রাধান্য পাচ্ছে। বিগত বছরের বাজেটে অন্যতম বিশেষ ঘোষণার উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, কৃষকদের জন্য ' সবুজ প্রণাম' যোজনা, শহরগুলির যানবাহন বাতিল নীতি, ' যোজনা এবং সবুজ হাইড্রোজেন ও জলাজমি সংরক্ষণের বিষয়গুলি এবারের বাজেটেও বিশেষভাবে গুরুত্ব পেয়েছে।প্রধানমন্ত্রী বলেন, পুনর্নবীকরণযোগ্য শক্তিক্ষেত্রে বর্তমানে আন্তর্জাতিক স্তরে ভারতের বিশেষ অবস্থান রয়েছে। এবারের বাজেট আন্তর্জাতিক সবুজ শক্তি বাজারে ভারতকে অন্যতম চালিকাশক্তি হিসেবে গড়ে তুলতে বিশেষ ভূমিকা পালন করবে। সেজন্য আমি আজ শক্তিক্ষেত্রের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ভারতে বিনিয়োগের আহ্বান জানাই - বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এবারের বাজেট প্রত্যেক সবুজ শক্তির বিনিয়োগকারীকে ভারতে বিনিয়োগের বিশেষ সুযোগ করে দিয়েছে যার ফলে, এই ক্ষেত্রের স্টার্ট-আপগুলিও বিশেষভাবে উপকৃত হবে।২০১৪-র পর থেকে মূল অর্থনীতিতে পুনর্নবীকরণযোগ্য শক্তিক্ষেত্রে ভারত বিশেষ ভূমিকা পালন করছে - বলেন প্রধানমন্ত্রী। তিনি আরও বলেন যে বিভিন্ন তথ্য সমীক্ষা করে দেখা যায় যে পুনর্নবীকরণযোগ্য শক্তিক্ষেত্রে ভারত নির্দিষ্ট সময়ের আগেই লক্ষ্যমাত্রায় পৌঁছতে পারছে। শ্রী মোদী বলেন, ভারত অজীবাশ্ম জ্বালানির ক্ষেত্রে ৪০ শতাংশ অবদান রাখার লক্ষ্যমাত্রা অর্জন করেছে এবং তা সম্ভব হয়েছে নির্দিষ্ট সময়ের ৯ বছর আগেই। ধার্য করা সময়ের পাঁচ মাস আগেই ভারত ১০ শতাংশ ইথানল মিশ্রণের লক্ষ্য পূরণেও সমর্থ হয়েছে বলে তিনি মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, ২০২৫-২৬ সালের মধ্যেই ভারত পেট্রোলে ২০ শতাংশ ইথানল মিশ্রণে সক্ষম হবে। ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা অর্জন সম্ভব হবে। ই-২০ জ্বালানি চালুর কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, সরকার জৈব জ্বালানি ক্ষেত্রে জোর দিচ্ছে এবং বিনিয়োগকারীদের জন্য এটি নতুন সম্ভাবনার সৃষ্টি করছে। সৌর, বায়ু এবং বায়ো-গ্যাসের ব্যবহার ভারতে স্বর্ণ খনি বা তৈলক্ষেত্রের তুলনায় কোনও অংশেই কম নয় বলে তিনি মন্তব্য করেন।প্রধানমন্ত্রী বলেন, জাতীয় সবুজ হাইড্রোজেন মিশনের আওতায় ভারত ৫ এমএমটি সবুজ হাইড্রোজেন উৎপাদনের লক্ষ্য পূরণের দিকে এগিয়ে চলেছে। এজন্য ১৯ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।গোবর থেকে ভারতের ১০ হাজার মিলিয়ন কিউবিক মিটার বায়ো-গ্যাস তৈরির ক্ষমতা রয়েছে বলে শ্রী মোদী মন্তব্য করেন। দেড় লক্ষ কিউবিক মিটার গ্যাস দেশে গ্যাস সরবরাহের ক্ষেত্রে ৮ শতাংশ অবদান রাখতে পারে। এই সম্ভাবনার দিকে নজর রেখেই বর্তমানে ভারতের জৈব জ্বালানি কৌশলে 'সবুজ যোজনাকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। এবারের বাজেটে সরকার ' সবুজ যোজনার আওতায় ৫০০টি নতুন কারখানা স্থাপনের পরিকল্পনার কথা ঘোষণা করেছে। তবে এগুলি কোনটাই পুরনো ধাঁচের কারখানা নয়। সরকার এই আধুনিক কারখানাগুলি গড়ে তুলতে ১০ হাজার কোটি টাকা ব্যয় করবে - বলে জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, কৃষিক্ষেত্রের বর্জ্য এবং বাড়ি-ঘরের বর্জ্য থেকে সিবিজি উৎপাদনের জন্য বেসরকারি ক্ষেত্রগুলিকে আকর্ষণীয় অর্থ দেওয়া হচ্ছে।ভারতের যানবাহন বাতিল নীতির দিকে আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন, সবুজ উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে এ এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। তিনি বলেন, এবারের বাজেটে সরকার ৩ লক্ষের বেশি যানবাহন বাতিল করার জন্য ৩ হাজার কোটি টাকার সংস্থান রেখেছে। এই যানবাহনগুলি পুলিশের গাড়ি, অ্যাম্বুলেন্স এবং বাস ছাড়াও বিভিন্ন কেন্দ্র ও রাজ্য সরকারের অধিকৃত এবং ১৫ বছরের পুরনো। যানবাহন বাতিলের বাজার ক্রমশ উন্নত হতে চলেছে বলেও তিনি উল্লেখ করেন।প্রধানমন্ত্রী বলেন, আগামী ৬-৭ বছরে ভারত ব্যাটারি সংরক্ষণ ক্ষমতা ঘন্টায় ১২৫ গিগাওয়াটে নিয়ে যাবে। ব্যাটারি প্রস্তুতকারকদের সাহায্য করতে সরকার এক বিশেষ প্রকল্প নিয়ে এসেছে।প্রধানমন্ত্রী জল-ভিত্তিক যানবাহন ভারতে বিশেষ গুরুত্বপূর্ণ বলেও মন্তব্য করেন। তিনি বলেন, অন্তর্দেশীয় জলপথের মাধ্যমে দেশের ২ শতাংশ পণ্য পরিবহণ করা হয়। ভারতের জলপথগুলির উন্নয়ন এই ক্ষেত্রে বিনিয়োগকারীদের জন্য নতুন সম্ভাবনার সৃষ্টি করবে বলে তিনি মন্তব্য করেন।বক্তব্যের শেষে প্রধানমন্ত্রী বলেন, সবুজ শক্তির ক্ষেত্রে ভারতের বিশ্বকে নেতৃত্ব দেওয়ার বিপুল সম্ভাবনা রয়েছে। এবারের বাজেট কেবলমাত্র সম্ভাবনা নয়, ভবিষ্যতের নিরাপত্তার নিশ্চিতকরণও বটে - বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। সবশেষে তিনি সকল অংশীদারদের বাজেটের সম্ভাব্য সব দিক যত দ্রুত সম্ভব বাস্তবায়িত করার আহ্বান জানান। তিনি বলেন, সরকার আপনাদের সঙ্গে রয়েছে। আপনারা আপনাদের পরামর্শ জানান।প্রেক্ষাপটকেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের আয়োজনে এই ওয়েবিনারটিতে সবুজ উন্নয়নের বিষয়ে ছ'টি অধিবেশন বসবে। বিভিন্ন রাজ্যের সরকারি প্রতিনিধি, শিল্প, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের বিশিষ্টজনেরা এই ওয়েবিনারে অংশ নেবেন।২০২৩-২৪-এর কেন্দ্রীয় বাজেটে যে সাতটি বিষয়কে প্রধান গুরুত্ব দেওয়া হয়েছে তার মধ্যে সবুজ উন্নয়ন অন্যতম। এই ক্ষেত্রের উন্নয়ন হলে বিপুল সংখ্যায় কর্মসংস্থানের সম্ভাবনাও বাড়বে।

কোভিড সংক্রমণ ঊর্ধ্বমুখীই ভারতে সক্রিয় রোগী বেড়ে ২,৫২৫, থমকে গিয়েছে মৃত্যু

নয়াদিল্লি, ৩ মার্চ ঃ ভারতে করোনার বা।বা।ন্ত একটু একটু করে বৃদ্ধি পাচ্ছে, বাড়ছে সক্রিয় রোগীর সংখ্যাও। বৃহস্পতিবার সারাদিনে ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ২৮৩ জন। এই সময়ে অবশ্য কারও মৃত্যু হয়নি। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ২৮৩ জন, দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে ৪,৪৬,৮৭,১৬২-তে পৌঁছেছে। দেশে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ২,৫২৫-এ পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০১ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৫৩,৮৬৫ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ০৬ হাজার ৭৪৭ জন প্রাপক, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৪, ০৮,৫০৭। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএম আর) জানিয়েছে, ২ মার্চ সারা দিনে ভারতে ১,০১,০১৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

ভারত-অস্ট্রেলিয়া ম্যাচ দেখতে গুজরাটে আসবেন প্রধানমন্ত্রী মোদী



আহমেদাবাদ, ৩ মার্চ ঃ আগামী ৯ মার্চ গুজরাটে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী আহমেদাবাদের মোতেরার নরেন্দ্র মোদী স্টেডিয়ামে একটি ক্রিকেট ম্যাচ দেখবেন।পাশাপাশি রাজ্য জুড়ে বিজেপি কর্মীরাও এই অনুষ্ঠানে বিপুল সংখ্যক উপস্থিত থাকবেন। দলীয় সূত্রে জানা গেছে, ১৮২টি বিধানসভা আসনের অধীনে প্রতিটি অঞ্চল থেকে ৫০০ জন কর্মীকে আমন্ত্রণ জানানো হবে। আহমেদাবাদের এই স্টেডিয়ামটি ৬৩ একর জুড়ে বিস্তৃত। স্টেডিয়ামে এক লাখ ৩২ হাজার মানুষের বসার ব্যবস্থা রয়েছে। বিশ্বের আর কোনও ক্রিকেট স্টেডিয়ামে এত দর্শক ধারণক্ষমতা নেই। আগে এই স্টেডিয়ামের বসার ক্ষমতা ছিল মাত্র ৫৩ হাজার দর্শকের।স্টেডিয়ামের মাঝখানে একটিও পিলার নেই, মানে দর্শকদের ম্যাচ দেখতে কোনও অসুবিধা হবে না। যেকোনো স্ট্যান্ডে বসে সমানভাবে ম্যাচ উপভোগ করতে পারবেন সমর্থকরা।

ভোটের মুখে কর্নাটকে ১৭ শতাংশ বেতন বৃদ্ধি, রাজ্য কর্মীদের আন্দোলনে পিছু হটল বিজেপি সরকার

বেঙ্গালুরু, ৩ মার্চ ঃ শিয়রে বিধানসভা ভোট। তাই রাজ্য সরকারি কর্মচারীদের অনির্দিষ্টকাল ধর্মঘট শুরুর প্রথম দিন কয়েক ঘণ্টার মধ্যেই আন্দোলনের চাপে নতিস্বীকার করল কর্নাটকের বিজেপি সরকার। রাজ্য কর্মীদের বেসিক পে একলাফে ১৭ শতাংশ বাড়িয়ে দিতে বাধ্য হলেন মুখ্যমন্ত্রী বাসবরাজ বোম্মাই। তাও এই বৃদ্ধি অন্তর্বর্তী বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। আগামী মে মাসের মধ্যে নতুন সরকার গঠন হবে কর্নাটকে। তার আগে কর্মচারীদের দাবিমতো রাজ্য পুরনো পেনশন প্রকল্প চালুর পুনর্বিবেচনা করতে একটি কমিটিও গঠন করেছে। এদিন থেকেই অন্তর্বর্তী বেতন বৃদ্ধির সুবিধা পাবেন কর্মীরা।কর্মচারী সংগঠনের নেতৃত্বের সঙ্গে মঙ্গলবার রাতে বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী। বুধবার সকালে অর্থ দফতরের সঙ্গে বৈঠকের পর ফের একদফা কর্মচারীদের নিয়ে আলোচনায় বসেন বোম্মাই। তারপরই মূল বেতনের ১৭ শতাংশ বৃদ্ধির কথা ঘোষণা করেন এবং সংগঠনও ধর্মঘট তুলে নেয়।প্রসঙ্গত, মুখ্যমন্ত্রীর এদিনের ঘোষণায় রাজ্য সরকারের ঘাড়ে অতিরিক্ত ১২ হাজার কোটি টাকার খরচ বাড়বে। এই দুটি দাবিতেই কর্মচারী সংগঠন ১ মার্চ থেকে অনির্দিষ্টকাল ধর্মঘটের ডাক দিয়েছিল। সেই মতো এদিন সকাল থেকে রাজ্য সরকারগুলি অফিসগুলি কার্যত অচল হয়ে পড়ে। বহু অফিসের দরজাই খোলেনি। সরকারি স্কুল-কলেজগুলিও বন্ধ ছিল। বহু হাসপাতালে ডাক্তাররা কালো ব্যাজ পরে কাজ করেন। আবার অনেক জায়গায় ডাক্তার-নার্সরা কাজেই নামেননি।

হিন্দুস্তান হিন্দু রাষ্ট্র ছিল এবং তাই থাকবে, জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন কার্যকর করতে হবেঃপ্রবীণ তোগাড়িয়া

বেগুসরাই, ৩ মার্চ ঃ আন্তর্জাতিক হিন্দু পরিষদের সভাপতি প্রবীণ তোগাড়িয়া মন্তব্য করেছেন, ভারতে জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন কার্যকর না হলে পূর্ণিয়া-সহ পূর্বাঞ্চল ও উত্তরাঞ্চলে কাশ্মীরের মতো পরিস্থিতি বিরাজ করবে। যেখানে হিন্দুদের হত্যা, লুট, অপহরণ ও ধর্ষণের ঘটনা ঘটছে, মানুষ দেশান্তরী হচ্ছেন। ২০ বছর পর এই এলাকাতেও একই অবস্থা শোনা ও দেখা যাবে।প্রবীণ তোগাড়িয়া, যিনি বৃহস্পতিবার রাতে বেগুসরাইয়ে একটি অনুষ্ঠানে যোগ দিতে এসেছিলেন, তিনি বলেছেন, হিন্দুস্তান হিন্দু রাষ্ট্র ছিল, আছে এবং থাকবে। আমাদের ডিএনএ ঔরঙ্গজেব ও গজনীর সাথে মেলে না, আমাদের ডিএনএ শিবাজী মহারাজের। ঔরঙ্গজেব যখন আমাদের বিশ্বাসকে নাড়া দিতে পারেনি, তখন জয়চাঁদের মতো বিহারের শিক্ষামন্ত্রী চন্দ্রশেখর কী পারবে আমাদের বিশ্বাসকে নাড়া দিতে? সাড়ে চারশো বছর আগে রাম মন্দির ভেঙে দেওয়া হয়েছিল, আমরা ফের রাম মন্দির তৈরি করেছি।তিনি বলেন, কেউ সনাতন ধর্মে বিঘ্ন ঘটাতে পারবে না। রামায়ণ নিয়ে মন্তব্য করে ভুল করেছেন শিক্ষামন্ত্রী চন্দ্রশেখর। ভগবান কৃষ্ণের বংশধর হওয়ায় কৃষ্ণের পাশাপাশি রামের প্রতিও তাঁর শ্রদ্ধা থাকা উচিত। হিন্দু ও মুসলমানদের ডিএনএ এক নয়। ক্যান্সার ডাক্তার হিসাবে, আমরা অন্য কারও চেয়ে ডিএনএ সম্পর্কে বেশি বুঝি।১৫টি সংগঠনের মাধ্যমে তারা সমৃদ্ধ হিন্দু, শিক্ষিত হিন্দু, সুস্থ হিন্দু তৈরির জন্য অবিরাম ২৪ ঘন্টা কাজ করে যাচ্ছে। এ জন্য হিন্দু হেল্পলাইন-স্বাস্থ্য হিন্দু বেসরকারি চিকিৎসকদের মাধ্যমে বিনামূল্যে চিকিৎসা সেবা দিচ্ছে। তিনি কারাগারে থাকা হিন্দুদের বিনামূল্যে অ্যাডভোকেটদের সেবা দিয়ে সাহায্য করছেন। কোনো হিন্দু যাতে ক্ষুধার্ত না ঘুমায় তা নিশ্চিত করার জন্য, তারা প্রতি মাসে খাদ্যশস্য বিতরণ করছে, মানুষের কাছে একমুঠো খাদ্যশস্য চাইছে।ডাঃ তোগা।য়িা বলেন, তিন মাসে তিনি প্রায় চার হাজার কিলোমিটার পাড়ি দিয়েছেন। এ সময় তিনি বিহার, পশ্চিমবঙ্গ, উত্তরপ্রদেশ, মধ্য প্রদেশসহ অন্যান্য রাজ্য সফর করেছেন। গ্যাস সিলিন্ডারের দাম বাড়ানো ভুল। যারা পাকিস্তানে খাবার পাঠাতে চান তারা পাঠান, যারা মসজিদে যেতে চান তারা যান।

কলকাতায় আবক্ষ মূর্তি বসল শহীদ গোপীনাথ সাহার

কলকাতা, ৩ মার্চ ঃ এক অমর স্বাধীনতা সংগ্রামীর মৃত্যুর শতবার্ষিকী পালনের অনুষ্ঠান শুরু হল বুধবার থেকে। কলকাতার ইন্ডিয়ান মিরর স্ট্রিটে 'বঙ্গীয় সাহা সমিতি' (পশ্চিমবঙ্গ শুঁ।সমাজ) তাদের কার্যালয়ের সামনে গোপীনাথ সাহার আবক্ষ মূর্তির উন্মোচন করল।পরাধীন ভারতে কলকাতার নগরপাল চার্লস টেগার্টকে গুলি করে মারতে গিয়ে ভুল করে মেরে ফেলেছিলেন পাশে থাকা সাধারণ এক ইউরোপীয়, আর্নেস্ট ডে-কে। সেই অপরাধে ১৯২৪ সালের ১ মার্চ ফাঁসি হয়েছিল আঠারো বছর চার মাস বয়সি তরুণ স্বাধীনতা সংগ্রামী গোপীনাথ সাহার।বঙ্গীয় সাহা সমিতির সম্পাদক সুবীর সাহা বললেন, এ প্রজন্মের ছেলেমেয়েরা কতটা জানে গোপীনাথ সাহা সম্পর্কে? অথচ ওঁর মতো শহিদদের হাত ধরেই দেশ স্বাধীন হয়েছে। তাই ঠিক করেছি, গোপীনাথের মৃত্যু শতবর্ষ উপলক্ষে শ্রদ্ধা জানাতে অন্যান্য অনুষ্ঠানের সঙ্গে তাঁর মূর্তিও বসানো হল। এ ভাবে আজকের প্রজন্ম তাঁর সম্পর্কে জানতে উসাহী হবে।১৯০৫-এর ৭ ডিসেম্বর বরানগরে জন্ম হয় গোপীনাথের। তাঁর বংশের লোকজন থাকেন শ্রীরামপুরের ক্ষেত্রমোহন সাহা স্ট্রিটে। চার্লস টেগার্টকে কী ভাবে গুলি করে মারার পরিকল্পনা করেছিলেন ওই তরুণ? গোপীনাথের ভাইপো জগবন্ধু সাহা বলেন, বাবাদের মুখে শুনেছি, চার্লস টেগার্ট খুব অত্যাচারী পুলিশ কমিশনার ছিলেন। ' শুনলেই বেত হাতে মারতে আসতেন।টেগার্টকে মারার পরিকল্পনা করতে গিয়ে কাকা জানতে পারেন, তিনি সব সময়ে রক্ষী-পরিবৃত হয়ে থাকেন। অনেক দিন ধরে টেগার্টকে অনুসরণ করে কাকা দেখেন, ওঁকে একমাত্র ফাঁকা পাওয়া যায় প্রাতভ্রমণের সময়ে। তখন রক্ষী থাকেন না। পরিকল্পনা অনুযায়ী, এক দিন ভোরেই টেগার্টকে লক্ষ্য করে গুলি চালান কাকা।কিন্তু সেই গুলি লক্ষ্যভ্রষ্ট হয়ে এক সাধারণ ইউরোপীয়ের গায়ে লাগে। তাঁর মৃত্যু হয়। জগবন্ধু বলেন, আলিপুর সেন্ট্রাল জেলে কাকার ফাঁসি হয়। হাসতে হাসতে ফাঁসির মঞ্চে যান। তবে টেগার্টের বদলে গুলিতে এক নিরপরাধ ইউরোপীয় মারা যাওয়ায় কাকা আফশোস করেছিলেন। সুবীর জানান, সুভাষচন্দ্র বসু থেকে শুরু করে চিত্তরঞ্জন দাশ- সহ তখনকার স্বাধীনতা সংগ্রামীরা সকলেই ভালবাসতেন গোপীনাথকে। গোপীনাথ গ্রেফতার হওয়ার পরে সেই মামলা যখন চলছিল, তখন বাংলা সংবাদপত্রে নিয়মিত সেই মামলার বিবরণী লেখা হত। গোপীনাথের ফাঁসির পরে তাঁর দেহ পরিবারকে দেওয়া হয়নি।এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতার মহানাগরিক ফিরহাদ হাকিম, সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়, মন্ত্রী শশী পাঁজা, বিধায়ক তাপস রায়, নয়না বন্দ্যোপাধ্যায়, স্মিতা বক্সি প্রমুখ। তাঁরা শহীদদের অবদানের কথা সশ্রদ্ধ চিত্তে স্মরণ করেন।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৪ মার্চ ঃবৃহঃবার, ১৯ ফাল্গুন মাস ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ৪মার্চঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ১৯ ফাল্গুন মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৯ ফাল্গুন মাস ১৪২৯, ভারতীয় সিভিলঃ১৯ ফাল্গুন মাস ১৯৪৪, মৈতৈঃ৮ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ ।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫

আবহাওয়া

অংশত, সকালে দিকে মেঘলা আকাশ হবে। পরে পরিষ্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩.০১ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৩.০৫এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৮শতকরা এবং ৩৪শতকরা। বৃষ্টি হয়নি শুক্রবার । জোয়ার- সকাল ৮টা ২০ মিনিট এবং রাত-৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৮টা ২০মিনিট। রাত-৮টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৫ টা ৫৮মিনিট এবং সূর্য অস্ত যাবে আজকের দিনেঃ ৫ টা - ৪২ মিনিটের মধ্যে হবে আবহাওয়া পরিবর্তন

রাশিফল

মেষ রাশিঃআপনার হাসি বিষণ্নতার বিরুদ্ধে যন্ত্রণা দূরীকরণের কাজ করবে।
বৃষ রাশিঃআপনার স্বাস্থ্য নিয়ে দুশ্চিন্তা করা প্রত্যাখ্যান করুন। অসুস্থতা প্রতিহত করার এটি একটি ক্ষমতাশালী প্রতিরোধ।
মিথুন রাশিঃধ্যান পরিত্রাণ আনবে। আজ, আপনি একটি দলের কোনও ব্যক্তির মুখোমুখি হতে পারেন যিনি আপনাকে আপনার অর্থনৈতিক দিকটি শক্তিশালী করার জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শ দিতে পারেন।
কর্কট রাশিঃ যদি আপনি একটি দীর্ঘ যাত্রায় যাবার পরিকল্পনা করেন তাহলে আপনার স্বাস্থ্য এবং শক্তি সংরক্ষণের অভ্যাস অত্যন্ত উপকারী প্রমাণিত হবে।
সিংহ রাশিঃস্বাস্থ্য সুন্দর থাকবে। আজ, কোনও পূর্ববর্তী বিজ্ঞপ্তি ছাড়াই আপনার ঋণখেলাপীর কাছ থেকে নেওয়া অর্থের সাথে আপনার অ্যাকাউন্টে জমা দেওয়া হবে। বিবাহের যোগ হবেই আজ
কন্যা রাশিঃআনন্দদায়র সফর এবং সামাজিক জমায়োত আপনাকে ভারমুক্ত এবং খুশি করে রাখবে।। অর্থের প্রাপ্তি হবেই।
তুলা রাশিঃআপনার অপ্রত্যাশিত প্রকৃতিকে আপনার বৈবাহিক সম্পর্ক নষ্ট করতে দেবেন না।
বৃশ্চিক রাশিঃএই সময়টি আধ্যাত্মিকতার সাহায্য নেওয়ার জন্য উপযুক্ত যেহেতু আপনার মানসির চাপ প্রতিহত করার পক্ষে এটি অন্যতম সেরা বিকল্প।
ধনু রাশিঃ সন্তান হতে পারে। পরিশ্রমের বিকল্প নেই আজ।
মকর রাশিঃআপনার উদ্দীপনা বাড়িয়ে তুলতে আপনার মনে এক উজ্জ্বল সুন্দর এবং গৌরবজনক
কুম্ভ রাশিঃবাড়িতে অতিথি আসতে পারে আজ। শুভ দিন।
মীন রাশিঃআপনার হাসি বিষণ্নতার বিরুদ্ধে যন্ত্রণা দূরীকরণের কাজ করবে।

সুন্দরবনের মানুষের জীবন শৈলীর পরিবর্তনে সৌরলাইটে এখন আলোকিত কুলতলির কয়েকটি গ্রাম

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, সুন্দরবন, ৩ মার্চ ঃ সুন্দরবনের মানুষের জৈবনশৈলীর পরিবর্তন আনতে বসানো সৌরলাইট। আর এই সৌরলাইটে এখন আলোকিত সুন্দরবনের কুলতলির বেশ কয়েকটি গ্রাম। সুন্দরবন যেখানকার মানুষের জীবন কাটে প্রতিনিয়ত সংকটকে ঘিরে। গ্রামগুলি জঙ্গল ও নদী সংলগ্ন হওয়ায় গ্রামবাসীদের ঝুঁকির মাত্রা অনেকটাই বেশি। এখানকার মানুষের জীবনশৈলি অন্য মানুষদের থেকে আলাদা। এখানকার অন্ধকার রাস্তা যেন গ্রামবাসীদের কাছে এক প্রকার মারণফাঁদ, অভিশাপ। তাঁর প্রধান কারণ সাপের কাম।। দক্ষিণ ২৪ পরগনা বনদপ্তর বিভাগ ও কলকাতা সোসাইটি ফর কালচারাল হেরিটেজ যৌথ ভাবে উদ্যোগ নিয়ে এবার সুন্দরবনের কুলতলি রেঞ্জের ৫টি গ্রামে ২৫টি সৌর ল্যাম্প বসানোর দায়িত্ব নিয়েছে। যা প্রায় ৪৫১৬ টি পরিবারের জন্য একটি সুখবর। এই সৌর ল্যাম্প গুলি বন্য সংঘাত থেকে গ্রামবাসীদের জীবন রক্ষা করবে। বনদপ্তর এই প্রকল্পটির জন্য কেএসএইচকে দায়িত্ব দিয়েছে। কেএসসিএইচ বা কলকাতা সোসাইটি ফর কালচারাল হেরিটেজ কর্তৃক এই সোলার স্ট্রিট লাইট স্থাপন করার কাজ শেষ হয়েছে। সুন্দরবনের কুলতলি রেঞ্জের ভুবনেশ্বরী, দেবীপুর, মধ্য গুড়গুড়িয়া, পূর্ব গুড়গুড়িয়া এবং দেউলবাড়ির চিতুরির প্রায় ৪১৩৬ টি পরিবার এই রাস্তায় বসানো সৌর ল্যাম্প এর সুবিধা ভোগ করতে পারবে। এই গ্রামগুলো সুন্দরবনের মূল এলাকা সংলগ্ন

হওয়ায় অন্ধকারে চলার পথে তাঁরা ঘন ঘন সাপের কামড়ের শিকার হয়ে থাকে, যার ফলে নিয়মিত মৃত্যু বা গুরুতর আহত হয়। বন দফতরের কুলতলি রেঞ্জের দক্ষিণ ২৪ পরগণা বিভাগের অধীনে পড়ে। সেখান থেকে নিকটবর্তী সরকারি হাসপাতাল ৩৬ কিমি দূরে। এই বিষয়ে জেলা বন আধিকারিক (ডিএফও) মিলন মন্ডল বলেন, আমরা সকলেই জানি সুন্দরবন এমন একটি জায়গা, যেখানে প্রানীজগ ও এখানে বসবাসকারী মানুষ সবসময় প্রকৃতির সংস্পর্শে আসে। মানব ও বন্য সংঘাত সুন্দরবন বন বিভাগের প্রধান উদ্বেগের কারণগুলির মধ্যে একটি। ইট দিয়ে রাস্তা তৈরি করা হয়েছে কিন্তু এখানে 'বিদ্যুৎ' একটি বিরল ব্যাপার। সুন্দরবন এলাকায় সাপের কামড় একটি সাধারণ সমস্যা। বিষাক্ত সাপেদের মধ্যে কেউটে সহ একাধিক সাপ মানুষদের জন্য প্রধান ভয় ও ক্ষতির কারণ। সাপের কামড়ের ফলে মৃত্যুর হার ৬৫ শতাংশের বেশি। এমনকি বাঘ গত পাঁচ বছরে দুইবার গ্রামে ঢুকেছে। তাই এখানে এই উদ্বেগের একমাত্র সমাধান হল সোলার লাইট। গ্রামের প্রধান অংশগুলি চিহ্নিত করে আমরা ২৫টি সোলার স্ট্রিট লাইট স্থাপন করেছি ইতিমধ্যেই। এই প্রকল্পটি করার মাধ্যমে আমরা নবায়নযোগ্য সবুজ শক্তির প্রচার ও করেছি এবং কার্বনের মাত্রা কমাতে সক্ষম হচ্ছি প্রতিনিয়ত। এই সোলার লাইট গুলি প্রতি বছর ১৮২.৫ কিলোওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদন করবে এবং এই স্ট্রিট লাইট বাঘকেও বিভ্রান্ত করতে সাহায্য করবে। আমি এই প্রকল্পের জন্য কেএসসিএইচ কে ধন্যবাদ জানাই। আর এই সোলার লাইটে এখন আলোকিত সবার প্রিয় সুন্দরবন।

দোল উপলক্ষ্যে মেট্রোর বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ দোলযাত্রা ও হোলি উপলক্ষ্যে মেট্রো রেল বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আগামী মঙ্গলবার দোলযাত্রার দিন কবি সুভাষ ও দমদমের মধ্যে আপ ও ডাউন মিলিয়ে ২৮৮টির পরিবর্তে ৬০টি ট্রেন চালানো হবে। ওইদিন সকাল ৬ টা ৫০ মিনিটের পরিবর্তে দুপুর আড়াইটার সময় ট্রেন চলাচল শুরু হবে বলে শুক্রবার মেট্রো রেলের তরফে এক বিবৃতিতে জানান হয়েছে। অন্যদিকে বুধবার হোলি উপলক্ষ্যে এই করিডরে দুই দিকে মোট ১৮৮ টি ট্রেন চালানো হবে। পাশাপাশি মঙ্গলবার ইস্ট ওয়েস্ট করিডরে শিয়ালদহ ও সেক্টর ফাইভের মধ্যে আপ ও ডাউনে ২২টি এবং বুধবার ৯০টি ট্রেন চালানো হবে। মঙ্গলবার জোকা-তারাতলা রুটে কোন যাত্রীবাহী ট্রেন চলবে না।

মমতা বন্দ্যোপাধ্যায় যে উন্নয়ন করেছেন তা বহুদিন মানুষ মনে রাখবেঃ অরূপ রায়

দুরন্ত বার্তা, হাওড়া, ৩ মার্চ ঃ বাংলা চলচ্চিত্রের স্বর্ণযুগের স্বনামধন্য অভিনেতা 'পরশ পাথর' ছবির মুখ্য অভিনেতা আন্তর্জাতিক খ্যাতিপ্রাপ্ত তুলসী চক্রবর্তীর পুণ্য জন্মদিবসে শুক্রবার সকালে হাওড়ায় ৩২ নং ওয়ার্ডে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিন তুলসী চক্রবর্তীর প্রতিকৃতিতে মাল্যদান করেন সমবায় দপ্তরের মন্ত্রী অরূপ রায়। শুক্রবার সকালে ৩২ নম্বর ওয়ার্ড তৃণমূল কংগ্রেসের ওই অনুষ্ঠানে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মন্ত্রী অরূপ রায় সাগরদীঘির ফলাফল প্রসঙ্গে বলেন, '২২০ টা সিট থেকে ১টা সিট কমে গেল তাতে কিছু যায় আসে না। আগামী দিনে তৃণমূল কংগ্রেসই থাকবে। মমতা বন্দ্যোপাধ্যায় যে উন্নয়ন করেছেন তা বহুদিন মানুষ মনে রাখবে। মানুষের স্বার্থে তৃণমূল কাজ করে। মানুষের স্বার্থ ছাড়া আমাদের কোনও স্বার্থ নেই। যেদিন মানুষের স্বার্থে কাজ করতে পারব না সেদিন আমরাই সরে যাব।' মাধ্যমিক পরীক্ষার সময় বালিতে এবং বাঁকড়ায় মাইক বাজানোর প্রসঙ্গে প্রশ্নের উত্তরে অরূপ রায় বলেন, 'যে কোনও পরীক্ষার সময় পরীক্ষার্থীদের মনসংযোগের ব্যঘাত ঘটানো উচিত নয়। বিশেষ করে জনপ্রতিনিধিদের তো নয়ই। কারণ মানুষের স্বার্থ দেখাই আমাদের একমাত্র কর্তব্য। সেই কারণে পরীক্ষা চলাকালীন মাইক বাজানোর আমি বিরোধী।'

গ্যাসের দাম বৃদ্ধির প্রতিবাদে চুঁচুড়ায় রাস্তায় উনুন জ্বালিয়ে রান্না করে মহিলা তৃণমূল কংগ্রেসের অবস্থান বিক্ষোভ

বনস্পতি দে, হুগলি, ৩ মার্চ ঃ দাম বেড়েছে রান্নার গ্যাসের। প্রতিবাদে রাস্তার মধ্যে জ্বললো উনুন। শুক্রবার হুগলি চুঁচুড়া পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের মহিলা তৃণমূল কর্মীরা গ্যাসের সিলিন্ডারের দাম বাড়ার প্রতিবাদে পথে নামেন। চুঁচুড়া কারবালা মোড়ে গ্যাস সিলিন্ডার ফেলে কয়লা ঘুঁটে দিয়ে উনুন জ্বালিয়ে রান্না করে প্রতিবাদ দেখান। বুধবার রান্নার গ্যাসের দাম ৫০ টাকা বেড়েছে। বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের দাম বেড়েছে ৩৫০ টাকার ওপরে। দাম বাড়ার পর কলকাতায় গ্যাস সিলিন্ডারের দাম ১১২৯ টাকা হয়েছে। গ্যাস সিলিন্ডারের দাম বাড়ার ফলে গৃহস্থের পকেটে টান পড়েছে। গ্যাসের দাম বাড়ার ফলে প্রতিবাদ দেখাচ্ছে তৃণমূল। এর ফলস্বরূপ রাস্তায় উনুন জ্বালিয়ে অভিনব প্রতিবাদ জানাচ্ছে তৃণমূল।

আলুর অধিক ফলনে দাম না পেয়ে ক্ষতিগ্রস্থ চাষীরা, পাশে দাঁড়াচ্ছে রাজ্য সরকার



দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ আলুর বাম্পার ফলনের কারণে ফসলের দাম না পেয়ে ক্ষতিগ্রস্থ আলু চাষিদের পাশে দাঁড়াচ্ছে রাজ্য সরকার। আলু চাষিরা যদি কেজি প্রতি সাড়ে ছ'টাকার কমে ফসলের দাম পান তবে রাজ্য সরকার তাদের ক্ষতিপূরণ দেবে।খুহ শীঘ্রই সরকারি ভাবে এই বিষয়ে ঘোষণা করা হবে বলে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানিয়েছেন। তিনি বলেন এবছর আলুর দাম পড়ে যাওয়ায় মুখ্যমন্ত্রী অত্যন্ত উদ্বিগ্ন। কৃষকরা আলুর দাম প্রতি কেজিতে সাড়ে ছ'টাকার নীচে পেলে রাজ্য সরকার সেই লোকসানের অঙ্ক তাকে ক্ষতিপূরণ হিসাবে দেবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কৃষিমন্ত্রী বলেন ফসলের দাম না পাওয়া বা প্রাকৃতিক দুর্যোগে শস্যহানির কারণে কৃষকেরা যাতে ক্ষতিগ্রস্থ না হন রাজ্য সরকার সেদিকে সতর্ক দৃষ্টি রেখেছে। তারা যাতে উৎপন্ন ফসল সহজে বাজারজাত করতে পারেন এবং উপযুক্ত দাম পান তা নিশ্চিত করতে রাজ্য সরকারের সংশ্লিষ্ট সাতটি দফতরকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। আলুচাষীদের লাভ সুনিশ্চিত করতে রাজ্যেই আলুবীজ উৎপাদন করার প্রকল্প হাতে নেওয়া হয়েছে। মেদিনীপুর ও নদীয়ায় এই ভাইরাসমুক্ত আলু বীজ উৎপাদনের ফলে রাজ্যের কৃষকদের আলু বীজের জন্য পাঞ্জাবের ওপর নির্ভরশীলতা অনেকটাই কমানো সম্ভব হয়েছে। কৃষিমন্ত্রী আরও জানিয়েছেন বাংলা শস্য বীমা প্রকল্পের আওতায় কৃষকদের প্রায় বিনামূল্যে তাদের ফসলের বীমা করার সুযোগ দেওয়া হচ্ছে। আলু ও আখ চাষীরা প্রিমিয়ামের মাত্র চার থেকে পাঁচ শতাংশ টাকা দিয়ে এই বীমার সুযোগ পান। গত বছর শস্যহানির জন্য কৃষকদের ৬৫০ কোটি টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। গত খারিফ মরশুমের শস্যহানির মূল্যায়ণ চলছে বলে তিনি জানান। এর পাশাপাশি কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহারের জন্যও রাজ্যসরকার কৃষকদের উৎসাহিত করছে বলে কৃষিমন্ত্রী জানিয়েছেন।

সোমবার থেকে বাজেট অধিবেশনের ২য় পর্ব শুরু

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ আগামী সোমবার থেকে রাজ্য বিধানসভায় বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব শুরু হতে চলেছে। আগামী অর্থ বছরের জন্য বিভিন্ন দপ্তরে যে বাজেট বরাদ্দ হয়েছে তার উপরে ৯ তারিখ থেকে আলোচনা শুরু হবে। শুক্রবার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বিধানসভায় কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে ১৩ তারিখ পর্যন্ত ৬ টি দপ্তরের বাজেট বরাদ্দর উপরে আলোচনা ছাড়াও সরকার পক্ষের আনা তিনটি বিলের উপরে আলোচনা হবে বলে কার্যসূচী ঠিক হয়েছে।

এসে পৌঁছোয়নি নথি, জামিন পাওয়ার প্রায় ২৪ ঘন্টা বাদেও নৌশাদ জেলে

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ বৃহস্পতিবার হাইকোর্ট থেকে জামিন পাওয়ার প্রায় ২৪ ঘন্টা বাদেও ভাঙড়ের আইএসএফ বিধায়ক নৌশাদ সিদ্দিকি জেলে। তাঁকে জামিনের নির্দেশ দেওয়া সত্বেও জেল কর্তৃপক্ষের কাছে তাঁর মুক্তির নির্দেশ পৌঁছয়নি। ফলে এখনও জেলেই রয়েছেন আইএসএফ বিধায়ক। প্রেসিডেন্সি জেল কর্তৃপক্ষের দাবি, আজ সূর্যাস্তের আগে মুক্তির নির্দেশ তাদের কাছে না পৌঁছালে আজ মুক্তি পাবেন না নৌশাদ। গ্রেফতারির ৪০ দিন পরে বৃহস্পতিবার হাইকোর্ট থেকে জামিন পেয়েছিলেন নৌশাদ সিদ্দিকি। জামিন মামলায় আগেই হাইকোর্টের প্রশ্নের মুখে পড়েছিল রাজ্য। প্রসঙ্গত, ২১ জানুয়ারি ধর্মতলায় আইএসএফ-এর একটি কর্মসূচি ঘিরে ঝামেলা হয়। দলের প্রতিষ্ঠা দিবসে ভাঙড়ে তৃণমূলের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়েন আইএসএফ নেতা-কর্মীরা, যার আঁচ এসে পড়ে কলকাতায়। আইএসএফ ও পুলিশের খণ্ডযুদ্ধে, অগ্নিগর্ভ হয়ে ওঠে ধর্মতলা। গ্রেফতার করা হয় ভাঙড়ের বিধায়ক নৌশাদ সিদ্দিকি-সহ আরও অনেক আইএসএফ নেতা কর্মীকে।

প্রয়াত পান্ডব গোয়েন্দার স্রষ্টা সাহিত্যিক ষষ্ঠীপদ চট্টোপাধ্যায়

দুরন্ত বার্তা, হাওড়া, ৩ মার্চ ঃ ইন্দ্রপতন ঘটে গেল বাংলা সাহিত্যে। না ফেরার দেশে চলে গেলেন পান্ডব গোয়েন্দার স্রষ্টা সাহিত্যিক ষষ্ঠীপদ



চট্টোপাধ্যায়। শুক্রবার বেলা ১১টা ১০ মিনিট নাগাদ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। হাওড়ার এক নার্সিংহোমে চিকিৎসারত ছিলেন তিনি। সেখানেই প্রয়াত হন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর। হাওড়ার জগাছার হাটপুকুরের বাসিন্দা ছিলেন তিনি। তাঁর পরিবারের এক সদস্য বলেন, এই নিয়ে তিনবার স্ট্রোক হয়েছিল তাঁর। ডিসেম্বর, জানুয়ারি মাসে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েছিলেন। সেই সময় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল এবং তিনি ধীরে ধীরে সুস্থ হয়ে উঠেছিলেন। তবে মার্চ মাসে তিনি ফের অসুস্থ হয়ে পড়েন। বৃহস্পতিবার রাত থেকেই তাঁর শারীরিক অবস্থার অবনতি হতে শুরু করে। শুক্রবার সকালে সেখানেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। এই ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে বাংলার সাহিত্য মহলে। প্রসঙ্গত, বর্তমান ও অতীতের বহু প্রজন্ম তাঁর লেখা পড়েই তাঁদের শৈশব জীবন কাটিয়েছে। বর্ষীয়ান এই সাহিত্যিকের মৃত্যুতে পাঠক ও তাঁর গুনগ্রাহীদের মন এদিন ভারাক্রান্ত হয়ে পড়ে। বাংলা সাহিত্যে তাঁর সৃষ্টির জন্য চিরকাল অমর হয়ে থাকবেন তিনি।

জল জীবন মিশন প্রকল্পের আওতায় রাজ্যের ৫৬ লক্ষ বাড়িতে নলবাহিত বিশুদ্ধ পানীয় জল সংযোগ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ কেন্দ্রীয় সরকারের জল জীবন মিশন প্রকল্পের আওতায় রাজ্যের প্রায় ৫৬ লক্ষ বাড়িতে নলবাহিত বিশুদ্ধ পানীয় জলের সংযোগ দেওয়ার কাজ শেষ হয়েছে। এ পর্যন্ত ৫৫ লক্ষ ৯৪ হাজার ২৯৫ টি বাড়িতে পানীয় জল পৌছানো সম্ভব হয়েছে বলে রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি দফতর জানিয়েছে। রাজ্যে জল জীবন মিশনের দ্বিতীয় পর্যায়ে এক কোটি ৩০ লক্ষ গ্রামীণ পরিবারে নলবহিত বিশুদ্ধ পানীয় জলের সংযোগ দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সব থেকে বেশি সংযোগ দেওয়া হয়েছে নদীয়া জেলায়। অন্যান্য রাজ্যের তুলনায় এরাজ্যে জল জীবন মিশন প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগোচ্ছে। তবে কিছু এলাকায় পাইপ লাইন দেওয়ার পরেও জল পৌঁছচ্ছে না বলে অভিযোগ আসছে। সেই সমস্ত অভিযোগগুলি খতিয়ে দেখার ব্যবস্থা করা হয়েছে। সংযোগ দেওয়ার পর বাড়িতে নিয়মিত যাতে জল পৌঁছায়, সেই বিষয়টিও দেখার জন্য মুখ্য সচিব হরিকৃষ্ণ দ্বিবেদী জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। নবান্ন সূত্রে জানা গিয়েছে, নদীয়া জেলায় ১২ লক্ষ ৭২ হাজার ৫১৬টি বাড়িতে সংযোগ দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়। তার মধ্যে ৭ লক্ষ ৪৩ হাজার ৮৩০ টি বাড়িতে জল সংযোগ দেওয়া হয়েছে। উল্লেখ্য জল জীবন মিশন প্রকল্পে রাজ্যে এখনও পর্যন্ত প্রায় সাড়ে তিনহাজার কোটি টাকা খরচ হয়েছে। গত ২ অক্টোবর দিল্লির বিজ্ঞান ভবনে জলজীবন মিশন প্রকল্প বাস্তবায়নে উকর্ষতার জন্য ভারত সেরার পুরস্কারও পেয়েছে রাজ্য সরকার।

শিশু মৃত্যুর প্রতিবাদে বিসি রায় হাসপাতালের সামনে বিজেপির প্রতিবাদ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ শিশুর মৃত্যু ঘিরে শুক্রবারও উত্তপ্ত বিসি রায় হাসপাতাল। চিকিৎসায় গাফিলতির অভিযোগে পরিজনরা



বিক্ষোভ দেখায়। শুক্রবার সকাল আটটা নাগাদ দশ মাসের এক শিশু কন্যার মৃত্যু হয় হাসপাতালে। পরিবারের লোকজন দাবি করছেন, বারাসতের ওই শিশু কন্যা দুই সপ্তাহ আগে জ্বর নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছিল। শিশুর ফুসফুসের সংক্রমণও ছিল বলে পরিবারের দাবি। মৃত শিশুর পরিবারের লোকেরা এই নিয়ে বিক্ষোভ দেখান। তাঁরা দাবি করছেন, এদিন সকালে চিকিৎসকেরা জানিয়েছেন অ্যাডিনো ভাইরাসে আক্রান্ত ছিল শিশুটি। কিন্তু এতদিন এই বিষয়টি চিকিৎসকরা শনাক্ত করতে পারেননি বলে দাবি পরিবারের। সূত্রের খবর, বিক্ষোভকারীদের মধ্যে বিজেপি-র বেশ কিছু কর্মী সমর্থক ছিলেন। বিষয়টি নিয়ে অবশ্য বিসি রায় হাসপাতাল কর্তৃপক্ষের তরফে কোনও প্রতিক্রিয়া এখনও পাওয়া যায়নি। ফলে শিশুর মৃত্যুর কারণ, অ্যাডিনোই ছিল কি না, সেই বিষয়টি এখনও স্পষ্ট নয়। প্রসঙ্গত, অশোকনগরের আড়াই বছরের এক শিশুর মৃত্যুর প্রেক্ষিতে দিন তিন আগে ওই হাসপাতালে বিক্ষোভ দেখিয়েছিল। সর্দি-কাশি-জ্বর নিয়ে ভর্তি হওয়া শিশুটির মৃত্যু হয়েছিল। বাড়ির লোকেরা চিকিৎসায় গাফিলতির অভিযোগ এনেছিল।

চিকিৎসার গাফিলতিতে কিশোরীর মৃত্যুর অভিযোগ, বিক্ষোভ পরিবারের

শ্রেয়া আদক, হাওড়া, ৩ মার্চ ঃ চিকিৎসার গাফিলতিতে কিশোরীর মৃত্যুর অভিযোগ। হাওড়া জেলা হাসপাতালে বিক্ষোভ রোগীর পরিবারের। পুলিশ এসে পরিস্থিতি সামাল দেয়। জ্বর নিয়ে হাওড়া জেলা হাসপাতালে চিকিৎসার জন্য বৃহস্পতিবার সন্ধ্যে নাগাদ ১৪ বছরের ওই কিশোরীকে আনা হয়েছিল। শুক্রবার হাসপাতালেই মৃত্যু হয় ওই কিশোরীর। মৃতার পরিবারের অভিযোগ, এদিন রোগীর অবস্থা খারাপ দেখে তারা চিকিৎসককে খবর দেন। অভিযোগ, চিকিৎসক দেখার পর একটি ইনজেকশন দেবার পরই ওই কিশোরী মৃত্যুর মুখে ঢলে পড়ে। তাদের অভিযোগ কিশোরীর হাত মুখ সব কালো হতে থাকে দেখে ডাক্তারবাবুকে বার বার ডাকলেও তিনি আসেননি। পরিবার সূত্রে জানা গেছে, ১৪ বছরের মৃত কিশোরীর নাম সাইনা পারভীন। বাড়ি ডোমজুড়ের বাঁকড়া ছোট পেয়াদাপাড়ায়। জ্বর নিয়ে হাসপাতালে ভর্তি করা হয় তাকে। সাইনা পারভীন। তার দিদি সুলতানা বেগম বলেন, আমাদের মা - বাবা আগেই মারা গেছেন। আমরা সব ভাইবোন মিলে এক সাথে থাকি। তিনি বলেন হাসপাতালে ভুল চিকিৎসার জন্যই আমার বোনকে হারাতে হলো। এদিন ঘটনার জেরে উত্তেজনা ছড়িয়ে পড়ে। হাওড়া থানা থেকে বিশাল পুলিশবাহিনী ছুটে আসে হাসপাতালে। প্রায় ঘন্টা তিনেক পরে পরিস্থিতি আয়ত্বে আসে। হাওড়া থানার পুলিশ ঘটনার তদন্ত করছে।

হ্যাক হয়েছে বাবুল সুপ্রিয়ের হোয়াটস্অ্যাপ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ হ্যাক হয়েছে রাজ্যের মন্ত্রী বাবুল সুপ্রিয়ের হোয়াটস্অ্যাপ। স্টেটাস দিয়ে তিনি নিজেই একথা জানালেন। তিনি জানান, হোয়াটস্অ্যাপে একটি ভুয়ো লিঙ্ক পাঠিয়ে তাঁর ফোন হ্যাক করা হয়। হ্যাকিংয়ের পর মেসেজিং অ্যাপ থেকে নিজে নিজেই প্রায় ১৫০-২০০ জনের কাছে মেসেজ চলে গিয়েছিল বলেও তিনি জানান। বাবুল বলেন, ''আমার কাছে একটা লিঙ্ক এসেছিল। ক্লিক করতেই দেখানো হল ৮৮ জনকে মেসেজ পাঠানো হচ্ছে। আমি কিছু বুঝতে না পেরে ওই লিঙ্ক বন্ধ করতে দেখি আমার হোয়াটস্অ্যাপ থেকে নম্বর তালিকায় থাকা ১৫০-২০০ জনের হোয়াটস্অ্যাপে ওই লিঙ্ক চলে গিয়েছে। কিছু গন্ডগোল হচ্ছে বুঝতে পেরে আমি সঙ্গে সঙ্গে ফোন সুইচ অফ করে দিই। কম্পিউটারের সাহায্যে ফোন রিসেট করে আবার ফোন চালু করি। তবে এখনও বোঝা মুশকিল যে ঠিক হয়েছে কি না।'' তিনি এই বিষয়টি নিয়ে সাইবার ক্রাইম বিভাগের কাছে যাবেন বলে জানিয়েছেন। এই বিষয়ে ইতিমধ্যেই তিনি কয়েক জন পুলিশ আধিকারিকের সঙ্গে কথাও বলেছেন। মন্ত্রী জানিয়েছেন, যাঁদের কাছে তাঁর হোয়াটস্অ্যাপ থেকে মেসেজ গিয়েছে, তাঁদের সাবধান করতে তিনি একটি স্টেটাস দিয়েছেন।

পিনকন এবং টাওয়ার গ্রুপের তদন্তে ইডি

রাজ্যের ১৫টি জায়গায় তল্লাশি চালিয়ে উদ্ধার কোটি টাকা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ চিটফান্ড মামলায় ফের তৎপর কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা। এবার পিনকন এবং টাওয়ার গ্রুপ চিটফান্ড সংস্থার বিরুদ্ধে নতুন করে তদন্ত শুরু করলেন এনফোর্সমেন্ট ডিরেক্টরেট -এর গোয়েন্দারা। এই দুই সংস্থার সঙ্গে জড়িত থাকার অভিযোগে কলকাতার বিশিষ্ট আইনজীবী ও তাঁর আত্মীয়দের বাড়ি অফিস সহ একযোগে ১৫টি জায়গায় তল্লাশি চালাল ইডি। আর বিভিন্ন জায়গায় তল্লাশিতে উঠে এসেছে নগদ ১ কোটি ২৭ লক্ষ টাকা। ইডি সূত্রে খবর, পিনকন এবং টাওয়ার গ্রুপ চিটফান্ড সংস্থার তদন্তে গত ১ মার্চ কলকাতার বিশিষ্ট আইনজীবী ও তাঁর আত্মীয়দের বাড়ি, অফিসে তল্লাশি চালান ইডি-র গোয়েন্দারা। কলকাতা, হাওড়া, শিলিগুড়ি সহ মোট ১৫ টি জায়গায় তল্লাশি চালানো হয়। এমনকি রাজ্যের বাইরে আগ্রাতেও তল্লাশি চালানো হয়। বিভিন্ন জায়গায় এই তল্লাশিতেই উঠে আসে মোট ১ কোটি ২৭ লক্ষ টাকা। এছাড়া কয়েকটি মোবাইল ফোন এবং ল্যাপটপও উদ্ধার করেছেন গোয়েন্দারা। গত সোমবার এগুলি উদ্ধার হলেও ইডি-র তরফে এদিন বিষয়টি জানানো হয়। যে সমস্ত মোবাইল ফোন ও ল্যাপটপ উদ্ধার হয়েছে, সেগুলি থেকে পিনকন ও টাওয়ার গ্রুপ চিটফান্ড সংক্রান্ত গুরুত্বপূর্ণ নথি মিলতে পারে এবং এই ঘটনায় আরও কারা জড়িত, তা জানা যেতে পারে বলে গোয়েন্দাদের দাবি। ইডি সূত্রে খবর, মোটা টাকা সুদ দিয়ে বেআইনিভাবে বাজার থেকে প্রচুর টাকা তুলেছে পিনকন এবং টাওয়ার গ্রুপ। তারপর আর জনগণকে টাকা ফেরত দেয়নি। ঘটনার তদন্তে নেমে গোয়েন্দারা জানতে পেরেছেন, পিনকন এবং টাওয়ার গ্রুপের টাকা একাধিক ব্যক্তির ব্যাঙ্ক অ্যাকাউন্টে হস্তান্তর করা হয়েছে। সেই সমস্ত অ্যাকাউন্ট খতিয়ে দেখেই এবার তল্লাশিতে নেমেছেন কেন্দ্রীয় গোয়েন্দারা। প্রসঙ্গত, কেন্দ্রীয় গোয়েন্দা আধিকারিকদের বিশিষ্ট আইনজীবী ও তাঁর আত্মীয়দের বাড়িতে তল্লাশির ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ওই আইনজীবীকে অকারণে হেনস্থা করা হচ্ছে বলে সাংবাদিক বৈঠকে জানান তিনি।

পুলিশ পরিচয়ে মহিলার ৭০ হাজার টাকা আত্মসাতের অভিযোগে গ্রেফতার ৩

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ ঋণের টাকা মেটানোর জন্য চাপের পর সেই ঋণগ্রহীতার থেকে প্রায় ৭০ হাজার টাকা আত্মসাতের অভিযোগ উঠল বিধাননগরে। অভিযোগ, টাপ দেওয়া হয়েছিল পুলিশ আধিকারিকের ভুয়া পরিচয় দিয়ে। এই ঘটনায় তিন জনকে গ্রেফতার করল বিধাননগর সাইবার থানার পুলিশ। বাগুইআটির বাসিন্দা প্রিয়াঙ্কা দাসের (৩৫) অভিযোগ, সম্প্রতি একটি অজ্ঞাত নম্বর থেকে তাঁর মোবাইলে ফোন আসে। ফোনে অপরিচিত নম্বর ধরার একটি অ্যাপ থাকায় প্রিয়াঙ্কা দেখেন, ফোনটি এসেছে বিধাননগর সাইবার থানা থেকে। গত ১৪ ফেব্রুয়ারি তিনি বিধাননগর সাইবার থানায় একটি অভিযোগ দায়ের করেন। পুলিশ সূত্রে খবর, ফোনটি তোলার পরেই ও পার থেকে তাঁকে ঋণের টাকা মেটানোর জন্য চাপ দেওয়া হতে থাকে। টাকা না মেটানো হলে তাঁকে গ্রেফতার করা হবে বলেও হুমকি দেওয়া হয়। পুলিশকে প্রিয়াঙ্কা জানান, ভয় পেয়েই অপরিচিত নম্বর থেকে পাঠানো ব্যাঙ্ক অ্যাকাউন্টে তিনি প্রথমে ১৮ হাজার ২৩৩ টাকা দেন। এখানেই শেষ নয়, ওই ব্যাঙ্ক অ্যাকাউন্টে পরে আরও ৫৫ হাজার টাকা পাঠান তিনি। তার পরেই প্রিয়াঙ্কা বুঝতে পারেন, তিনি জালিয়াতির শিকার হয়েছেন।

বাউন্সার সঙ্গে এনে মিল দখল করতে আসার অভিযোগ ভারত জুটমিলে

দুরন্ত বার্তা, হাওড়া, ৩ মার্চ ঃ বাউন্সার সঙ্গে এনে মিল দখল করতে আসার অভিযোগ উঠল দাসনগরের ভারত জুটমিলে। জানা গেছে, শরিকি গন্ডগোলে মিল দখল করতে এসে কর্মী ও নিরাপত্তারক্ষীদের মাধরের অভিযোগ উঠেছে মিলেরই এক মালিকের বিরুদ্ধে। বাউন্সার নিয়ে এসে মিল দখলের চেষ্টা করা হয়েছে বলেও অভিযোগ। এই নিয়ে সেখানকার শ্রমিকদের সাথে মিল দখলকারীদের মারপিট হয়। এতে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে। বহিরাগতদের বেশ কয়েকজনকে পুলিশের হাতে তুলে দেয় শ্রমিকরা। ঘটনাস্থলে আসে দাসনগর থানার বিশাল পুলিশ বাহিনী। মিলের এক শ্রমিক জানান, বাইরে থেকে প্রায় একশো জন এসেছিল। তাদের কাছে মদের বোতল ছিল। বৃহস্পতিবার রাতে মিলের ঢুকে তারা চারিদিক ঘিরে ফেলে। আমরা প্রতিবাদ করি। তারপর প্রশাসন চলে আসে ও অভিযুক্তদের ঘটনাস্থল থেকে নিয়ে যায়। শিবপুর ব্লক তৃণমূল কংগ্রেসের নেতা মহেন্দ্র শর্মা বলেন, কোনোও মারামারি হয়নি। এটা মিলের শরিকদের নিজস্ব ব্যাপার। পুলিশ প্রশাসন এসেছে। তারা যথাযথ ব্যবস্থা নেবে বলে তিনি জানান।

ভারত-বাংলাদেশ সীমান্তে ২২টি সোনার বিস্কুটসহ ধৃত দুই চোরাকারবারী

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ৩ মার্চ ঃ উত্তর ২৪ পরগণার আন্তর্জাতিক সীমান্ত সংলগ্ন এলাকায় বিএসএফ জওয়ানরা ২২টি সোনার বিস্কুট সহ দুই পাচারকারীকে হাতেনাতে ধরেছে। ধৃত চোরাকারবারিরা হলেন- জহির হোসেন মোল্লা ও গিয়াসউদ্দিন মন্ডল। দুজনেই উত্তর ২৪ পরগনা জেলার বাসিন্দা। শুক্রবার বিএসএফের দেওয়া তথ্য অনুযায়ী, বৃহস্পতিবার সীমান্ত ফাঁড়ি জয়ন্তীপুর এলাকায় ঘটনা ঘটে। জয়ন্তীপুর গ্রামের বেড়া গেটের কাছে একটি মোটরসাইকেলসহ সন্দেহভাজন দুই ব্যক্তি দীর্ঘক্ষণ দাঁড়িয়ে ছিল। তাদের সন্দেহজনক গতিবিধি দেখে জওয়ানরা কাছে গিয়ে জিজ্ঞাসাবাদ ও তল্লাশি চালালে দুজনেই ভয় পেয়ে সেখান থেকে পালানোর চেষ্টা করলে জওয়ানরা সঙ্গে সঙ্গে তাদের হেফাজতে নিয়ে যায়। তল্লাশিকালে সাইকেলের সিটের নিচে থাকা ইম্প্রোভাইজড ক্যাভিটি থেকে কালো রঙের কাপড়ে মোড়ানো তিনটি প্যাকেট উদ্ধার করা হয়, যার ভেতর থেকে ২২ টি সোনার বিস্কুট উদ্ধার করা হয়। বাজেয়াপ্ত সোনার মোট ওজন ২.৫৬৬ কেজি, যার আনুমানিক মূল্য ১ কোটি ৪৪ লাখ ১ হাজার ৫৭১ টাকা।

দম্পতির জোড়া দেহ উদ্ধার, চাঞ্চল্য

দুরন্ত বার্তা, বারুইপুর, ৩ মার্চ ঃ দম্পতির জোড়া মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়াল এলাকায়। শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে দক্ষিন ২৪ পরগনার বারুইপুর রেল কলোনিতে। মৃতদের নাম সুজয় দাস (১৯) ও বসুমতি দাস (১৮)। ঘটনার খবর পেয়ে বারুইপুর থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, বছর দুয়েক আগে প্রেম ভালোবাসা করে বিয়ে করেছিল সুজয় ও বসুমতি। কোনরকম কর্মসংস্থান ছিল না সুজয়ের। তাঁদের একটা ৯ মাসের সন্তানও রয়েছে। আর সেই কারণেই সাংসারিক বিবাদ লেগেই ছিল পরিবারে। মূলতঃ অভাবের কারণেই এই দম্পতি আত্মঘাতী হয়েছে বলে প্রাথমিক অনুমান পুলিশের। এদিন সকালে শিশু সন্তানের চিৎকার শুনে প্রতিবেশীরা ঘরের দরজা খুলে দেখেন সুজয় ঘরের চালে গলায় ফাঁস লাগিয়ে ঝুলছে। দরজা খুলে ভিতরে ঢুকতেই সকলে দেখেন বসুমিতার দেহ বিছানায় পড়ে। বারুইপুর থানায় খবর দিলে পুলিশ ঘটনাস্থলে এসে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

এনপিপি'র জয়, অভিনন্দন সুনীল মজুমদারের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ National People's party - র West Bengal State Committee -র রাজ্য সভাপতি সুনীল মজুমদার মেঘালয়ে এনপিপির জয়ে মেঘালয়বাসীদের অভিনন্দন জানিয়েছেন। NPP National President Conrad Sangma আবার সরকার গঠন করবে মেঘালয়ে। বিজেপি এই Conrad Sangma -র সরকারকে সাপোর্ট করবে।

বার্লিনের আন্তর্জাতিক বাণিজ্য ও পর্যটন মেলায় অংশ নিচ্ছে পশ্চিমবঙ্গ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ দীর্ঘ বেশ কয়েক বছর পর বার্লিনের আন্তর্জাতিক বাণিজ্য ও পর্যটন মেলায় অংশ নিচ্ছে পশ্চিমবঙ্গ। এই মেলাতে সাংস্কৃতিক-পর্যটন ক্ষেত্রে সবচেয়ে আকর্ষণীয় গন্তব্যস্থল হিসেবে পুরস্কৃত হচ্ছে রাজ্য। আন্তর্জাতিক স্তরের একটি পর্যটন সংস্থা এই পুরস্কার দিচ্ছে। বিশ্বের এই বৃহত্তম মেলা শুরু হচ্ছে ৭ মার্চ। চলবে ৯ মার্চ পর্যন্ত। বার্লিনে ৮ মার্চ রাজ্যের হয়ে এই পুরস্কার নেবেন পর্যটন দপ্তরের প্রধান সচিব নন্দিনী চক্রবর্তী। তাঁর সঙ্গে যাচ্ছেন মুখ্যমন্ত্রীর দপ্তরের সচিব পিবি সেলিম। রাজ্যের নামি দামী পর্যটন সংস্থা এই মেলায় যোগ দিচ্ছেন। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে ভ্রমণপিপাসুরা এই মেলায় আসেন। তাই খ্যাতনামা পর্যটন সংস্থাগুলি সারা বছর এই মেলার জন্য অপেক্ষা করে থাকেন। এরকম একটি বিশ্ব পর্যটন মঞ্চে রাজ্য সরকার পশ্চিবমঙ্গের পর্যটন ক্ষেত্রে বিনিয়োগের আবেদন করবে। এই রাজ্যের পর্যটনক্ষেত্র, তার পরিকাঠামো সরকারের তরফ থেকে কী কী সুবিধা দেওয়া হচ্ছে সব কিছু একটি পাওয়ার পয়েন্চ প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরা হবে। শুধু পর্যটন ক্ষেত্রেই নয়, শিল্পের বিনিয়োগের ক্ষেত্রে হিসেবেও যে এ রাজ্য লাভজনক তা দেখানো হবে ওই প্রেজেন্টেশনে।

দক্ষিণবঙ্গের তাপমাত্রা উর্ধ্বমুখী

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ আগের দিনের তুলনায় কিছুটা নামল কলকাতার তাপমাত্রা, পারদ নেমেছে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাতেও। ফলস্বরূপ স্বস্তি ফিরেছে, ভোরের দিকে হালকা ঠান্ডা অনুভূত হয়েছে কলকাতা ও লাগোয়া জেলাগুলিতে। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী কিছু দিন এমনই ওঠানামা করবে তাপমাত্রার পারদ। আপাতত কোথাও বৃষ্টির কোনও সম্ভাবনা নেই, বরং তাপমাত্রা আরও বাড়তে পারে। ভোরের দিকে হালকা ঠান্ডা মালুম হবে, কিন্তু বেলা বাড়তেই তা উধাও হয়ে যাবে। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী কিছু দিন রাতের তাপমাত্রার তেমন কোনও পরিবর্তন না হলেও, দিনের তাপমাত্রা ধীরে ধীরে ২-৩ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ৯৩ সংখ্যা, শনিবার, ১৯ ফাগুন, ১৪২৯

রাষ্ট্রীয় সন্ত্রাস

সম্পাদকীয়

ভারতের প্রধানমন্ত্রী যাকে আর্বান নকশাল বলেছেন সেটা কার্যত খলিস্তানপন্থী বোঝা গিয়েছে। খলিস্তানপন্থীরা এখন বেশ সক্রিয় অবস্থায় রয়েছে সেটা প্রমানিত। কানাডায় খলিস্তাপন্থীদের সদর দফতর সেটা ভারতীয় গোয়েন্দারা ভালো করেই জানে। কিন্তু তারা কোনও কিছুই করতে পারছে না। তার একটি মাত্র কারণ হচ্ছে সেখানে খলিস্তানপন্থীরা স্বেচাসেবক সংগঠন তৈরি করেছে। তার ফলে কানাডা সরকারও কোনও কিছু আইনী পদক্ষেপ গ্রহণ করতে পারছে না। জঙ্গি সংগঠন বলে ঘোষণা দিতে পারছে না। এদিকে ভারত সরকার খলিস্তানপন্থী ওপর বেশি করে নজর রাখতে শুরু করে দিয়েছে। তার একটি মাত্র কারণ হচ্ছে এই সংগঠন রাষ্ট্রীয় সন্ত্রাস তৈরি করতে পটু। রাষ্ট্রীয় সন্ত্রাস সৃষ্টি হলে তাকে দমন করা খুবই মুশকিল। পাকিস্তানে রাষ্ট্রীয় সন্ত্রাস সৃষ্টি করেছে সেখানকার জঙ্গি সংগঠনগুলি। তারা পাকিস্তানের প্রশাসনকে নিয়ন্ত্রণ করতে শুরু করে দিয়েছে। তার ফলে পাক সেনা থেকে সেখানকার প্রশাসন সব সময়ে ভয়ে ভয়ে দিন কাটায়। রাষ্ট্রীয় সন্ত্রাস সৃষ্টি করে পাকিস্তানের অভ্যন্তরে সেনা স্কুলে হামলা করে বহু সেনা সন্তানদের হত্যা করেছিল জঙ্গি সংগঠনের নেতারা। পাক সেনাদের সর্তক করে দেওয়া হয়েছিল তারা যদি কোনও রকম জঙ্গিদের ওপরে নজরদারি করতে বা দমন করতে পরিকল্পনা গ্রহণ করে তাহলে তার ফল একেবারে ভালো হবে না। ভারতে কৃষক আন্দোলনের নাম করে খলিস্তানপন্থীরা প্রজাতন্ত্র দিবসের দিন রাজধানি দিল্লিতে প্রবেশ করে ভারতের জাতীয় পতাকাকে নামিয়ে সেখানে খলিস্তানপন্থীদের পতাকা তুলে দিয়েছিল। সেই সময়ে প্রশাসন নির্দেশ দিয়েছিল যারা যা করতে চাইছে তার করতে দেওয়া হোক। তাতে যেন কোনও বাধার সৃষ্টি না করা হয়। তার ফলে গোটা রাজধানি খলিস্তানপন্থীদের দখলে চলে গিয়েছিল। সেটা কিন্তু দেশের গোয়েন্দা দফতর জানে। কিন্তু ভারত সরকার সেই সময়ে মাথা ঠাণ্ডা করে সব কিছুর সামাল দিয়েছিল। কিন্তু তারপরে দেখতে পাওয়া গেল কৃষক আন্দোলনের নাম করে সেখানে শুরু হয়েছে রাষ্ট্র বিদ্রোহের কথা। রাষ্ট্রে বিরুদ্ধে বিদ্রোহ করার কথা বলা হয়েছিল। কৃষকদের ক্ষেপিয়ে তোলা হয়েছিল। সরকার বিরোধী শক্তি মাথা তুলে দাঁড়িয়ে রাষ্ট্রীয় সন্ত্রাস সৃষ্টি করার উদ্যোগ গ্রহণ করেছিল। এই রাষ্ট্রীয় সন্ত্রাসকে দমন করতে প্রধানমন্ত্রী গুরুদ্বারের শরনাপন্ন হয়েছিলেন। এছাড়া আর কোনও পথ খোলা ছিল না তাঁর কাছে। এক শ্রেণির দালাল গোষ্ঠী গোটা কৃষক আন্দোলনকে নিয়ন্ত্রণ করতে শুরু করে দিয়েছে সেই খবর সরকারের কাছে ছিল। তার ওপরে রয়েছে সরকার বিরোধী দলের উস্কানি। গোটা দেশ জুড়ে কেন্দ্রীয় সরকার বিরোধী পরিবেশ গড়ে তোলার চেষ্টা করতে শুরু করে দিয়েছিল বিরোধী দলের নেতারা বিদ্রোহী কৃষকদের সামনে রেখে। দেশের শীর্ষ আদালতে কথাকে তারা অমান্য করতে শুরু করেছিল। কৃষকদের সমস্যার কথাকে মান্যতা দিয়ে একটি কমিটি গঠন করার কথা দেশের শীর্ষ আদালত বলেছিল। সেখানে কেন তিন কৃষি বিল প্রত্যাহার করা হবে তা নিয়ে বিস্তারিত আলোচনা করা এবং তার সমাধান করার পথ তৈরি করা কথা ভাবতে বলা হয়েছিল। কিন্তু বিক্ষুব্ধ কৃষকেরা তাকে মানতে নারাজ ছিল। দেশের শীর্ষ আদালতে কমিটিতে মানছি না বলে স্লোগান তুলে ছিল। তিন কৃষি বিল কোথা কতখানি কৃষক বিরোধী তা নিয়ে আলোচনায় বসার কথা সরকার থেকে বলা হলেও তাকে বেশি পাত্তা দিতে নারাজ ছিল কৃষকেরা। তারা সরকারকে পরিস্কার করে বলে দিয়েছিল তিন কৃষি বিল প্রত্যাহার করতে হবে।

‘বুলডোজারবাবা’ রাজনীতি

বুলডোজার রাজনীতি এখন ভারতে খুবই জনপ্রিয়তা লাভ করতে শুরু করে দিয়েছে। ইনি আইনী অধিকার দিয়ে আসেন না। সংবিধানে এনার কোনও অধিকার নেই। তবুও ইনি শক্তি প্রদর্শন করে থাকেন। ইনি উপস্থিত হলে বিক্ষুব্ধ জনগণকে রুখে দেওয়ার ক্ষমতা রাখেন। পুলিশ প্রশাসনকে হস্তক্ষেপ করতে হয় না। সরকার বিরোধী জন সংগঠনকে রুখতে এখন বুলডোজার রাজনাতি অতি সক্রিয় হতে শুরু করে দিয়েছে। উত্তর প্রদেশ, মধ্য প্রদেশ, দিল্লি, উত্তরাখণ্ড এবং কাশ্মীর জুড়ে চলছে বুলডোজার রাজনীতি। কানপুরের কাছে মাদাউলি গ্রামে চালানো হয়েছিল বুলডোজার রাজনীতি। সেখানে এই অস্ত্র প্রয়োগ করা সমময়ে সরকারি উচ্চপদস্থ কর্মীরা উপস্থিত ছিলেন। তাদের সামনেই গুঁড়িয়ে দেওয়া হয়েছিল মাথা গোঁজার আস্তানা। তার ফলে সেখানকার বসবাসীরা একেবারে সরাসরি রাস্তায় এসে উপস্থিত হল। কোনও সভ্য দেশে এই রকম ঘটনা ঘটতে পারে তা কেউ ভাবতে পারে না। যা বিশ্বের জনগণ ভাবতে পারে না তা কিন্তু ভারতে হয়ে থাকে। এটা বলেছিলেন একজন নোবেল পুরস্কার প্রাপক। তিনি আক্ষেপ করে বলেছিলেন যে ভারতে বহু সুযোগ সুবিধা থকলেও সেটা কিন্তু একটি শ্রেণির হাতে কুক্ষিগত হয়ে পড়তে শুরু করে দিয়েছে। তার বাইরে যা কিছু করা হচ্ছে তা একেবারে আইন বিরুদ্ধ পদক্ষেপ। ক্ষমতালোভীরা আজকে নিজেদের স্বার্থের দিকে তাকিয়ে আইন তৈরি করছে এবং তাকে প্রয়োগ করার চেষ্টা করছে। বুলডোজার রাজনীতি তারই একটি অংশ। একজন রাজনীতিবিদ বলেছিলেন পুলিশ গুলি চালাক। মানবাধিকার এর ব্যাপারটা আমরা বুঝে নেব। পশ্চিমবঙ্গে তো মানবাধিকার কমিশন বলে কোনও কিছু রয়েছে তা বুঝতে পারা যায় না। তার একটি মাত্র কারণ হচ্ছে মানবাধিকার কমিশনের ক্ষমতা একেবারে সীমিত করে দেওয়া হয়েছে। তার হাত পা বন্ধ করে দেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কিন্তু একটি সময়ে পশ্টিমবঙ্গের মানবাধিকার কমিশন দিল্লির জাতীয় মানাবধিকার কমিশনের থেকেই শক্তিশালী।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী

কপট ব্যাক্তি অন্যের নিকট সুখ্যাতির আশায় নিজেকে নিজেই প্রবঞ্চনা করে, অল্প বিশ্বাসের দরুন অন্যের প্রকৃত দান হতেও প্রবঞ্চিত হয়......

রামকৃষ্ণের বাণী

ঠাকুর রামকৃষ্ণ দেবের প্রধান শিষ্য স্বামী বিবেকানন্দ বলতেন, শারীরিক শক্তি, মানসিক শক্তি ধারন করতে হবে। সভ শক্তি দিয়ে দেশের সেবা করতে হবে। এটা যিনি করতে পারেন তিনি হচ্ছেন সার্থক সন্ন্যাসী। জীবন সার্থক হয় তাঁর। তিনিই সিদ্ধ পুরুষ। মহা মানবে পরিণত হন তিনি। মায়ের শক্তি থেকেই সেঅ অভয় শক্তি আসে। সেই শক্তির কোনদিন ক্ষয় হয় না। এই শক্তি হচ্ছে সর্বজয়ী। যে কোনও স্থানে এই শক্তিকে প্রয়োগ করা সম্ভব হবে। মায়ের শক্তির ওপরে নির্ভর করে জাগতিক নিয়ম কানুন চলে। বেদ বেদান্ত সব কিছুই ভরসা করে রয়েছে মায়ের শক্তির ওপরে। প্রকৃত মাতৃশক্তির সংজ্ঞাকে বুঝতে হবে। পড়তে হবে। তার থেকে জ্ঞান আহরণ করতে হবে। নিজেকে নিষ্ঠাবানে পরিণত করতে হবে। মনের এবং শরীরের শক্তির প্রভাব বৃদ্ধি করতে হবে। সব বিষয়ে পারদর্শি হতে হবে। পারিবারিক শক্তির বিকাশ ঘটাতে হবে। মাতৃশক্তির পূর্ণ বিকাশ এই সময়ে দেখতে পাওয়া সম্ভব হয়েছে।

রাজ্য রাজনীতিতে তৃণমূল কংগ্রেসকে পরাস্ত করতে একজোট হতে শুরু করে দিয়েছে বিরোধী দলের নেতারা

রবীন্দ্রকুমার শীল

তৃণমূল কংগ্রেসের একার লড়াইয়ের সিদ্ধান্তকে বিরোধী দলের রাজনৈতিক নেতারা বলতে শুরু করে দিয়েছে ধান্দাবাজি রাজনীতি করতে শুরু করেছে তৃণমূল কংগ্রেস। তৃণমূল কংগ্রেস এটা আগে থেকেই সিদ্ধান্ত গ্রহণ করেছিল। সেটা প্রকাশ হওয়াটা মাত্র সময়ের অপেক্ষা ছিল। তৃণমূল কংগ্রেস বিজেপি বিরোধী জোট করবে না সেটা পরিস্কার করে আগে সবাইকে বলতে পারেনি। এবার সেটা প্রকাশ্যে বলতে শুরু করে দিয়েছে। অজুহাত দিতে শুরু করেছে সাগরদীঘিতে তৃণমূল কংগ্রেসের প্রার্থীকে পরাজিত করতে সেখনে কংগ্রেস, বিজেপি এবং সিপিএম একযোগে লড়াই করেছে। তাদের ভোট তৃণমূল কংগ্রেসের বিপক্ষে গিয়েছে। তার ফলেই সাগর দীঘিতে তৃণমূল কংগ্রেস প্রার্থী পরাজিত হয়েছে। এদিকে বিজেপি দলের নেতারা বলতে শুরু করে দিয়েছেন যে নেত্রী আশা প্রকাশ করেছিলেন ত্রিপুরাতে তারা আসন বৃদ্ধি করতে পারবে। কিন্তু সেটা করতে পারেনি। মেঘালয়ে তৃণমূল কংগ্রেস পাঁচটি আসনে জয়লাভ করেছে। কিন্তু সেখানে সরকার গঠন করছে এনপিপি এবং ইউডিপি। নাগালাণ্ডে তৃণমূল কংগ্রেস তাদের দাপট দেখাতে পারেনি। তবে তৃণমূল কংগ্রেস সবচেয়ে বেশি করে আসন পাওয়ার ইচ্ছা প্রকাশ করেছিল ত্রিপুরাতে। কিন্তু সেখানে কোনও আসন লাভ করতে পারেনি। তার ফলে পূর্ব ভারতের তৃণমূল কংগ্রেস ক্রমশ ক্ষমতা হারাতে শুরু করে দিয়েছে। চারদিক থেকে যখন ভোটের ফলাফলের খবর আসতে শুরু করে দিয়েছিল তখন তৃণমূল কংগ্রেস নেত্রী নবান্নে উপস্থিত ছিলেন। তিনি জানতেন যে ভোটের ফল তাঁর দলের পক্ষে ভালো হবে না। সেই কারণে তিনি সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন য়ে আগামি লোকসভার নির্বাচনে তাঁর দল একা লড়াই করবে। আসলে পশ্চিমবঙ্গের কোনও আসন খেয়াতে চান না নেত্রী। তিনি পশ্চিমবঙ্গের লোকসভার আসনকে অটুট করে রাখতে চান। সর্বভারতীয় রাজনীতিতে অংশ গ্রহণ করার আগে তিনি রাজ্যের আসনকে একেবারে নিশ্চিত করতে চান। তিনি বলেছেন, পশ্চিমবঙ্গ থেকে লোকসভার নির্বাচনে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আওয়াজ তুলতে হবে। বাংলা থেকেই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। তার জন্য পশ্চিমবঙ্গের একটি লোকসভার আসনে ভাগ দেওয়া কোনও দলকে সম্ভব হবে না। বিজেপিকে এবং অন্যান্য রাজনৈতিক দলকে লোকসভার নির্বাচনে রুখতে হবে। তার দিকে লক্ষ্য রেখেই তৃণমূল কংগ্রেস এবারে ঘুঁটি সাজাতে শুরু করে দিয়েছে। পঞ্চায়েত নির্বাচনের ওপরে বেশি করে জোর দিতে শুরু করে দিয়েছেন নেত্রী। তিনি ইতিমধ্যে পঞ্চায়েত নির্বাচন নিয়ে বেশ কয়েকটি দলীয় বৈঠক করেছেন। সেখানে তিনি পরিস্কার করে বলেছেন যে তৃণমূল কংগ্রেস সব সময়ে মা মাটি মানুষের সঙ্গে সংগ্রাম করেছে। তাদের হয়ে কথা বলতে শুরু করেছে। অন্য রাজনৈতিক দল বাংলা অধিকার করলে সাধারণ মানুষের দুর্দশা বৃদ্ধি পেতে থাকবে। ভাতা বন্ধ হয়ে যাবে। সাধারণ মানুষের হাতে এখন নগদ টাকা নেই। করোনা সংক্রমণ হওয়ার ফলে সাধারণ মানুষ জোরগার করতে পারছে না। রোজগার করার পথ বন্ধ হয়ে গিয়েছে। তার ফলেই বহু মানুষ একেবারে অনাহারে থাকতে বাধ্য হচ্ছে। সেই কারণে আমাদের বেশি করে নজর থাকবে লোকসভার নির্বাচনের। পশ্চিমবঙ্গে দলের লোকসভার আসন বৃদ্ধি করতে হবে। প্রতিটি তৃণমূল কংগ্রেসের লোকসভার প্রার্থীদের জয় করিয়ে নিয়ে আসার দায়িত্ব গ্রহণ করতে হবে। তার জন্য সজাগ হয়ে থাকতে হবে। তবেই দিল্লীকে জব্দ করা সম্ভব হবে। কেন্দ্রীয় সরকার একেবারে হালে জল পাবে না। সংসদে তৃণমূল কংগ্রেসের সাংসদের সংখ্যা বৃদ্ধি করলে দিল্লিতে লড়াইটা ভালো জমবে। রাজ্যের সিদ্ধান্তকে প্রাধান্য দিতে বাধ্য থাকবে কেন্দ্রীয় সরকার। নেত্রী মনে করছেন, পশ্চিমবঙ্গে অনৈতিক অঁাঁতাত হচ্ছে। কংগ্রেস সিপিএম জোট হচ্ছে তৃণমূল কংগ্রেসকে পরাস্ত করতে। তারা আবার জাতীয় রাজনীতিতে বিজেপি দলকে পরস্ত করতে তৃণমূল কংগ্রেসকে পাশে চাইছে। রাজ্য রাজনীতিতে তৃণমূল কংগ্রেসকে পরাস্ত করতে একজোট হতে শুরু করে দিয়েছে বিরোধী দলের নেতারা। আর জাতীয় রাজনীতিতে তৃণমূল কংগ্রেসকে পাশে রেখে বিজেপি বিরোধী দল তৈরি করার খেলা খেলতে শুরু করে দিয়েছে। আসন্ন লোকসভার নির্বাচনে তৃণমূল কংগ্রেস একাই লড়াই করবে। কারোর সঙ্গে হাত মিলিয়ে চলবে না। দরকার নেই আম আদমি দলকে। দরকার নেই এসপি দলকে। দরকার নেই সিপিএম দলকে। দরকার নেই কংগ্রেস দলকে। তৃণমূল কংগ্রেস পশ্চিমবঙ্গে লোকসভার নির্বাচনে বাংলায় একাই লড়াই করবে। কোনও শক্তির সঙ্গে জোট করবে

না। এদিকে বিরোধী দলের নেতারা বলতে শুরু করে দিয়েছেন নেত্রীর একার লড়াই সিদ্ধান্ত আসলে বিজেপি দলকে আরও বেশি করে শক্তিশালী করা। বিজেপি দলের সঙ্গে তৃণমূল কংগ্রেসের গোপন আঁতাঁত রয়েছে সেটা পরিস্কার। সেটা আগে বলতে লজ্জ্বাবোধ করছিলেন নেত্রী। প্রথম থেকেই নেত্রী সেই উদ্দেশ্যে সর্বভারতীয় রাজনীতিতে কংগ্রেসকে বাদ দিয়ে বিজেপি জোট করার কথা বলতে শুরু করে দিয়েছিলেন। এদিকে বিহারের মুখ্যমন্ত্রী যখন বিজেপি বিরোধী জোট করার আগ্রহ প্রকাশ করতে শুরু করে দিলেন তখন নেত্রী আবার বেঁকে বসতে শুরু করে দিলেন। এটা পরিস্কার বুঝতে পারা যাচ্ছে তিনি বিজেপি দলের এজেন্ট হয়ে কাজ করতে শুরু করেছেন। একই ঢিলে কংগ্রেস এবং সিপিএম দলকে মারার কৌশল নিয়েছেন। কিন্তু এখন তিনি মানুষের কাছে ধরা পড়ে গিয়েছেন। সেখান থেকে পালাতে পারছেন না। সেই কারণে তিনি বলতে শুরু করেছেন লেকসভার নির্বাচনে তাঁর দল একাই লড়াই করবে। ২০২১ সালে কংগ্রেস সিপিএম ভোট গিয়েছিল বিজেপির দিকে। এবারে বিজেপি ভোট গিয়েছে কংগ্রেসের দিকে। টার ফলে তৃণমূল কংগ্রেস পরাস্ত। যারা বিজেপি দলের সঙ্গে আঁতাঁত করে তারা কীভাবে বিজেপি দলের সঙ্গে লড়াই করবে? কংগ্রেসের সভাপতি অধীর চৌধুরী বলেছেন, এটাই হচ্ছে নেত্রীর আসল খেলা। এবারে বিজেপি এবং তৃণমূল কংগ্রেস গোপনে নয়, প্রকাশ্যে হাত মেলাতে শুরু করে দিয়েছে। লোকসবার নির্বাচনেই তার চিত্র দেখতে পাওয়া সম্ভব হবে। বিজেপি দল এবং তৃণমূল কংগ্রেস একযোগে কংগ্রেস সিপিএম দলের প্রার্থীদের পরাজিত করা খেলা খেলতে শুরু করে দেবে। বাংলায় দাঙ্গা দিয়ে লোকসভার হবে। আধা সামরিক বাহিনী থাকবে লোকসভার নির্বাচনকে অবাধ এবং সুষ্ঠু করতে। তবে তার মধ্যে দিয়েই কৌশল অবলম্বন করা হবে সিপিএম এবং কংগ্রেস জোট প্রার্থীকে পরাজিত করার খেলা শুরু হবে। এটাই হবে তৃণমূল বিজেপি লোকসভার নির্বাচনী লড়াই। মুখে বিভেদ কার্যত বন্ধুত্ব বজায় অটুটু থাকবে বিজেপি এবং তৃণমূল কংগ্রেসের।

জাপান ছাড়া ভারত এক পা’ও অগ্রসর হতে পারবে না



জাপান এবারে জি-২০ সম্মেলনে বিদেশ মন্ত্রীর বৈঠকে যোগদান করেনি। জাপান সরকার বলেছে তাদের বাজেট সেসন চলছে। তার ফলে জাপানের বিদেশ মন্ত্রী ভারতে উপস্থিত হয়ে জি-২০ সম্মেলনে যোগদান করতে পারবে না। তবে কোনও সচিব পর্যাদের উচ্চ পদস্থ কাউকে জাপান পাঠায়নি। মনে হয় জাপান সরকার পরিস্কার করে বুঝতে পেরে গিয়েছিল জি-২০ বিদেশ মন্ত্রীদের সম্মেলনে থেকে কোনও সঠিক সিদ্ধান্ত গ্রহণ কারাটা একেবারে অসম্ভব হবে। কারণ পশ্চিমী দেশগুলি যখন ইউক্রেন এবং রুশ যুদ্ধে সামিল। তার ফলে জি-২০ সম্মেলন থেকে শান্তির বার্তা দেওয়া একেবারে অসম্ভব। সেই কারণে জাপান এবারে বিদেশ মন্ত্রীর সম্মেলন থেকে নিজেদের সরিয়ে রাখলো? তার উত্তর পাওয়া সম্ভব হচ্ছে না। তবে আগামি দিনে রাষ্ট্র প্রধানদের সঙ্গে বৈঠকে জাপান উপস্থিত থাকে কিনা সেটাই দেখার বলে মনে করতে শুরু করে দিয়েছেন কূটনীতিকগণ। জি-২০ সম্মেলনে এবারে যৌথ বিবৃতি প্রকাশ করা গেল না। সম্মেলনের নিয়মরক্ষার্থে একটি নির্যাস নথি প্রকাশ করা হলো মাত্র। তাতে সব কটির দেশের সিলমোহর লাগালো ভারত। তবে এর মূল্য কতখানি তা আগামি ভবিষ্যত বলতে পারবে বলে জানতে পারা গিয়েছে। আয়োজক দেশ হিসাবে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গরিব দেশগুলির উন্নয়নেয়র বার্তা তুলে ধরতে কম চেষ্টা করেননি। তিনি নতুন দিশা দেখাতে সক্ষম হয়েছিলেন। কিন্তু রাশিয়া ইউক্রেন যুদ্ধ তাকে সফল হতে দিল না। তার ফলে রাশিয়া আমেরিকার সংঘাত প্রকাশ্যে এসে উপস্থিত হলো জি-২০ সম্মেলনে। বৈঠকে শেষে রেওয়াজ অনুসারে এক সঙ্গে ছবি তোলার ব্যাপারে আপত্তি দেখা দিতে শুরু করে। তার ফলে সবার একসঙ্গে ছবি তোলা সম্ভব হয়নি। সম্মেলনের শেষে সব বিদেশমন্ত্রীরা দাঁড়িয়ে এক সঙ্গে ছবি তোলা একটি প্রচলিত রেওয়াজ। চিনের বিদেশ মন্ত্রীর সঙ্গে ছবি তোলার প্রশ্নে আমেরিকার বিদেশ সচিব ব্লিঙ্কেন এড়িয়ে গিয়েছেন। তিনি আবার রাশিয়ার বিদেশ মন্ত্রীর সঙ্গে ছবি তুলতে আগ্রহ প্রকাশ করেননি। তার ফলে বিদেশ মন্ত্রীদের যে সম্মেলন শুরু হয়েছিল দিল্লিতে দেখতে পাওয়া গেল কার্যত তা একেবারে শূন্যতে পরিণত হয়েছে। এর থেকে কোনও ফললাভ করা যায়নি। তবে সেটার আগাম অনুভব করতে পেরেছিল জাপান সরকার? দিলিতে বিদেশ মন্ত্রীদের সম্মেলনে জাপান বিদেশ মন্ত্রী পাঠাতে নারাজ ছিল। বাজেটের কারণ দেখিয়ে সম্মেলনকে কি এগিয়ে গেল জাপান? তার ফলে তারা বিদেশ মন্ত্রীকে সম্ভবত এই সম্মেলনে পাঠাতে ইচ্ছা প্রকাশ করেনি। দেশে বাজেটের অজুহাত দেখিয়ে জাপানের বিদেশ মন্ত্রী দিল্লি আসাটা একেবারে বন্ধ করে দিয়েছিল জাপান সরকার। জাপান সরকার অযথা সময় নষ্ট করতে চায় না। তারা সব সময়ে সময়ের মূল্য দিতে চায়। জাপান সেটাই বরাবর করতে ইচ্ছা প্রকাশ করে। সেখানে গিয়ে কোনও লাভ হবে না সেখানে উপস্থিত হয়ে সময়ের অপচয় করে না। তারা সময়ের দামকে টাকার চেয়ে বেশি করে গুরুত্ব দিয়ে থাকে জাপান। সময়কে মূল্যবান বলে মনে করে। শ্রমকে মূল্যবান বলে গ্রহণ করে থাকে। তার ফলে জাপান উন্নয়নে বহু দূর পর্যন্ত এগিয়ে গিয়েছে। চিনের চেয়ে বেশি এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করতে শুরু করে দিয়েছে। জাপান এখন সামরিক দিক দিয়ে শক্তিশালী হওয়ার চেষ্টা করছে। জাপানের পাশে যদি চিন শক্তিশালী সামরিক দিক দিয়ে হওয়ার চেষ্ট করে তাহলে জাপান চুপ করে বসে থাকতে পারে না সেটা স্পষ্ট করে দিয়েছে জাপান সরকার। এদিকে জাপানে সঙ্গে ভারতের বিসাল আর্থিক বিনিয়োগের যোগসূত্র রচনা হয়েছে। ভারতের কৃষিতে জাপান কয়েক কোটি ডলার বিনিয়োগ করে রেখেছে। ভারত এখন জাপানের ওপরে নির্ভরশীল কৃষি পণ্যে। জাপান ছাড়া ভারত এক পা’ও অগ্রসর হতে পারবে না। ভারত জাপান কৃষি ক্ষেত্রে বিশাল লেনদেন করে থাকে। তথ্য প্রযুক্তি দিক দিয়ে জাপানের ওপরে ভারত নির্ভরশীল বলা যেতে পারে। জাপানই এখন ভারতের সবচেয়ে অকৃত্রিম বন্ধু রাষ্ট্র বলা সম্ভব যা বিদেশ মন্ত্রী জয়শঙ্কর প্রকাশ করে থাকেন।

বিশ্বের সব রাষ্ট্র নেতারা ভারতে এসে উপস্থিতিতে জি-২০ কর্মযজ্ঞে শান্তির বার্তা দিলেন প্রধানমন্ত্রী মোদি

ভারত ইন্দোনেশিয়ার কাছ থেকে জি-২০ সম্মেলনের সভাপতি দায়িত্ব ভার গ্রহণ করেই কর্মযজ্ঞ অনুষ্ঠান করতে শুরু করে দিয়েছে। বিশ্বের সব রাষ্ট্র নেতারা ভারতে এসে উপস্থিত হয়ে বিশ্বের বিভিন্ন সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করছেন। এদিকে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের কয়েকজন গবেষক বলেছেন যে প্রবল গরম এবং খরার মুখে পড়তে চলেছে বিশ্ব। তার হাত থেকে রেহাই পাওয়া একেবারে অসম্ভব। এক দল বিজ্ঞানী আবার বলেছেন যে বিশ্বের অধিকাংশ স্থলভাগ জলের তলায় চলে যাওয়ার সম্ভাবনা রয়েছে। আগামি দশ থকে পনেরো বছরের মধ্যে তা হওয়ার সম্ভাবনা রয়েছে। সেই কারণে সব রাষ্ট্র নায়কদের এ ব্যাপারে চিন্তা ভাবনা করতে হবে। মানব সভ্যতাকে ধ্বংস করছে মানুষই। তারা এই ধ্বংসের প্রধান কারণ হয়ে উঠতে শুরু করেছে। ইউক্রেন যুদ্ধ হচ্ছে তার সবচেয়ে বড় উজ্জ্বল উদাহরণ। যেভাবে একটি বৃহৎ শক্তি একটি দেশকে একেবারে নাৎসীবাদ তকমা দিয়ে তাকে ধ্বংস করে দিতে শুরু করে দিয়েছে তা নিন্দার ভাষা নেই। কিন্তু তবুও সেই দেশের বিরুদ্ধে কোনও কঠোর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। তার একটি মাত্র কারণ সেই দেশটি শক্তিশালী। অধিকাংশ রাষ্ট্রকে দমন করার ক্ষমতা সে রাখে। সেই ভয়ে তাকে সবাই এখন তোয়াজ করে চলেছে। গোটা বিশ্ব পরিস্থিতি খুবই জটিল অবস্থার মধ্যে দাঁড়িয়ে রয়েছে। চিন আবার ভারত সীমান্তে তাদের শক্তি বৃদ্ধি করতে শুরু করেছে। শ্রীলঙ্কার সঙ্গে ভারতের সম্পর্ক ভালো ছিল। কিন্তু আর্থিক কারণে শ্রীলঙ্কা মাথা তুলে দাঁড়াতে পারছে না। শ্রীলঙ্কাকে কব্জা করে নিয়েছে চিন। চিনের লক্ষ্যই হচ্ছে তার পার্শ্ববর্তী দেশগুলির উপরে আধিপত্য বিস্তার করে চিনের স্থায়ীত্বকে নিশ্চিত করা। চিন তার চারপাশে কোনও শত্রুদেশ রাখতে একেবারে নারাজ। ভারতকে চিন গ্রাস করতে পারছে না। তার প্রধান কারণ হচ্ছে আমেরিকা এবং ব্রিটেন। এই দুই দেশে ভারতীয়দের প্রভাব বিস্তার করতে শুরু করেছে। ইতিমধ্যে আমেরিকার ভাইস প্রেসিডেন্ট হচ্ছেন ভারতীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক কমলা হ্যারিস। আবার ব্রিটেনের প্রধানমন্ত্রী একজন ভারতীয় বংশোদ্ভূত ব্রিটেন নাগরিক ঋষি সুনক। তার ফলে ভারতের ভুকৌশলগত রাজনীতি একটি মানকে বজার রাখতে সক্ষম হয়েছে। কিন্তু যেসব দেশ ভারত সম্পর্কে সন্দিহান তাদের সঙ্গে হাত মিলিয়ে চলার চেষ্টা করছে চিন। চিন ইতিমধ্যে আফগানিস্তানের সঙ্গে তেল তোলা নিয়ে চুক্তি করলো। যে আফগানিস্তানের তালিবান সরকারকে কোনও রাষ্ট্র স্বীকৃতি দেয়নি তাদের সঙ্গে চিন ১৫ কোটি ডলারের চুক্তিবদ্ধ হল। তার ফলে দেখতে পাওয়া যাচ্ছে যে চিন ক্রমশ শক্তিশালী হওয়ার চেষ্টা করতে শুরু করেছে। চিন এই সব দেশের অভ্যন্তরে যে ব্যাপক গণ্ডগোল তৈরি হয়েছিল তার সমাধান করতে শুরু করে দিয়েছে। করোনায় আক্রান্ত চিন সীমান্ত খুলে দিয়েছে। জনগণের চলার রাস্তাতে একেবারে উন্মুক্ত করে ফেলেছে। তার ফলে কোন চিনা নাগরিক ইচ্ছা করলে বিদেশ সফর এবং চিন দেশে সবাই আসতে পারবে। তাতে কোনও বাধা নেই। এদিকে বিশ্বের অধিকাংশ রাষ্ট্র চিনা নাগরিকদের দেশে প্রবেশ করতে দিতে বাধা দিতে শুরু করে দিয়েছে। তার ফলে চিনের বিকাশ হওয়ার পথটা ক্রমশ শঙ্কুচিত হতে শুরু করেছে। চিন পাকিস্তানের রাজনীতি উত্থান পতনের সঙ্গে জড়িত রয়েছে সেটা ক্রমশ প্রকাশ পেতে শুরু করেছে। সেই কারণেএই মুহূর্তে ভারতের মাটিতে আন্তর্জাতিক সমাবেশের খুবই প্রয়োজন। জি-২০ সম্মেলনে এই সব জটিল সমস্যা নিয়ে যেমন আলোচনা হচ্ছে এবং পাশাপাশি সমস্যার সমাধান করার দিকেও নজর দেওয়া হচ্ছে। পরিবেশ থেকে শুরু করে অর্থনীতি নিয়ে বিস্তারিত আলোচনা জি-২০ সম্মেলনের সূচিতে অন্তর্ভুক্ত হয়েছে। বিশ্ব পরিবেশ রক্ষা করাটা গুরুত্ব হয়ে দেখা দিতে শুরু করে দিয়েছে। আগামি দিনে পানীয় জলের সমস্যা দেখা দিতে থাকবে। সমুদ্রের জলস্তর বৃদ্ধি পেতে শুরু করেছে। ফলে বিশ্বের অধিকাংশ স্থলভাগ জলের তলায় তলিয়ে যাওয়ার সম্ভাবনা। মানুষ গভীর সঙ্কটের মুখে দাঁড়িয়ে রয়েছে। করোনা সংক্রমণ দিয়ে তার শুরু হল বিশ্ব সংকট। তার সঙ্গে যুক্ত হল রাশিয়া ইউক্রেন যুদ্ধ। সমস্ত সংকটকে সমানে রেখে তার সমাধানকে গুরুত্ব দিয়ে মানব সভ্যতাকে রক্ষা করার ডাক দিলেন প্রধানমন্ত্রী মোদি। অধিকাংশ রাষ্ট্র নেতারা সে ব্যাপারে চিন্তা করতে শুরু করেছেন। এদিকে কূটনীতিকরা বলতে শুরু করেছেন যে ইন্দোনেশিয়ার বালিতে জি-২০ সম্মেলন যে বিপুল সাড়া পাওয়া গিয়েছিল তা কিন্তু দিল্লিতে সেই রকম সাড়া পাওয়া সম্ভব হচ্ছে না। তার একটি মাত্র কারণ হচ্ছে রুশ ইউক্রেন যুদ্ধ। এই যুদ্ধ চলার ফলে জি-২০ সম্মেলন ক্রমশ ব্যর্থ হতে শুরু করে দিয়েছে। কোনও নির্দিষ্ট বার্তা উঠে আসতে পারছে না। দিল্লিতে উপস্থিত কূটনীতিক গণ সবাই সবার দিকে মুখ ঘুরিয়ে তাকিয়ে রয়েছেন। করমদন করতে দেখা যাচ্ছে না কাউকে। চিন, আমেরিকা এবং রাশিয়া বিদেশ মন্ত্রীরা পরস্পরের হাত ধরে দাঁড়িয়ে ছবি তুলতে চাইছেন না। একটা অদৃশ্য পাঁচিল রচিত হয়ে গিয়েছে বিদেশমন্ত্রীদের সম্মেলন ঘিরে।

স্কুলের ছাদে ও বাগানে উদ্ধার হল সকেট বোমা

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৩ মার্চ ঃ সাগরদিঘি উপনির্বাচন হয়ে গিয়েছে। ফলাফল প্রকাশ হয়ে গিয়েছে। তবে বাকি রয়েছে পঞ্চায়েত নির্বাচন। এই পরিস্থিতিতে মুর্শিদাবাদের স্কুলের ছাদে এবং বাগানে পড়ে থাকতে দেখা গেল সকেট বোমা। স্কুলের কর্মচারীরা পরিস্কার করার সময় বোমাগুলি উদ্ধার করেন। শুক্রবার মুর্শিদাবাদের ডাঙাপাড়া অঞ্চলের হাসানপুর রাজেশ্বরী বিদ্যাপীঠে এই বোমা উদ্ধার হওয়াকে কেন্দ্র করে আলোড়ন পড়ে গিয়েছে। স্থানীয় সূত্রে খবর, শুক্রবার সকালে মুর্শিদাবাদ থানার অন্তর্গত ডাঙ্গাপাড়া অঞ্চলের হাসানপুর রাজেশ্বরী বিদ্যাপীঠের ছাদে সকেট বোমাগুলি উদ্ধার হয়। এদিন সকালে স্কুলের কর্মচারীরা ঝাড়ু দেওয়ার সময় দেখতে পান সেই বোমাগুলিকে। তখন এই খবর দেওয়া হয় মুর্শিদাবাদ থানার পুলিশকে। ইতিমধ্যেই মুশিদাবাদ থানার পুলিশ এসে ঘটনার তদন্ত শুরু করেছে। স্কুলের বাগান আর ছাদে অনেকগুলি বোমা পড়ে থাকতে দেখে আতঙ্ক তৈরি হয়। পুলিশ সূত্রে খবর, পুলিশ ঘটনাস্থলে এসে তদন্ত শুরু করেছে। তবে কে বা কারা এই বোমা রেখে গিয়েছে সেটা এখনও জানা যায়নি। তবে ঘটনাস্থলে এসেছে বম্ব স্কোয়াড্ও। তারা বোমা নিষ্ক্রিয় করার চেষ্টা করছেন। আগামী ৫, ৬, ৭ মার্চ স্কুলের ৭৫তম বর্ষপূর্তি অনুষ্ঠান রয়েছে। তার আগে সকেট বোমা উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে গোটা এলাকাজুড়ে। মুর্শিদাবাদ পুলিশ জেলার সুপার সুরিন্দর সিং বলেন, ঘটনাস্থলে পুলিশ পৌঁছেছে। প্রয়োজনীয় পদক্ষেপ করা হয়েছে। কে বা কারা যুক্ত সেটা খতিয়ে দেখা হচ্ছে। এই বোমা উদ্ধার হওয়াকে কেন্দ্র করে স্কুলের শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক, ছাত্র-ছাত্রী সবাই আতঙ্কিত হয়ে পড়েছেন। এই বিষয়টি নিয়ে স্কুল পরিচালন সমিতির সদস্য কুন্তল চৌধুরী বলেন, স্কুলের বাগানে যাঁরা কাজ করছিলেন, তাঁরাই খবর দেন যে, স্কুলে দুটো বোমা পাওয়া গিয়েছে। ছুটে এসে দুটো বোমা দেখতে পায়। তার পরেই পুলিশে খবর দেওয়া হয়। এই স্কুলে বোমা মজুত করে কোনও বড় অপরাধের ছক কষেছিল দুষ্কৃতীরা বলে মনে করছেন জেলা পুলিশ কর্তারা।

তৃণমূলী মহিলা প্রধানকে কটূক্তি করার অভিযোগ

দুরন্ত বার্তা, নন্দীগ্রাম, ৩ মার্চ ঃ তৃণমূলের মহিলা প্রধানকে কটূক্তি করার অভিযোগ উঠল বিজেপির বিরুদ্ধে। এই ঘটনাকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে উঠল রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নির্বাচনী বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম। ফের শুরু হল শাসক বিরোধী তরজা। সূত্রে খবর, শুক্রবার সকালে নন্দীগ্রাম দু'নম্বর ব্লকের খোদামবাড়ী ২নং গ্রাম পঞ্চায়েতের প্রধান মালবিকা মাইতি স্বামীর সঙ্গে বাইকে বসে আত্মীয়র বাড়িতে যাচ্ছিলেন। রাস্তায় তাঁকে দেখে বিজেপির কয়েকজন কর্মী অশ্লীল ভাষায় কটূক্তি করে বলে অভিযোগ। মালবিকা মাইতির অভিযোগ, কেবল গালিগালাজ নয় অভিযুক্ত বিজেপি কর্মীরা তাঁর হাত ধরে বাইক থেকে নামিয়ে দেয়। এই ঘটনার খবর চাউর হতেই প্রতিবাদ জানিয়ে আন্দোলনে নামে তৃণমূল। জানা গিয়েছে, স্থানীয় বিজেপি নেতা পিন্টু করের বিরুদ্ধেই মূল অভিযোগ উঠেছে। অভিযুক্তের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে শাসক দল। পুলিশকে গোটা বিষয়টি জানানো হয়েছে বলে খবর। যদিও বিজেপির তরফে সম্পূর্ণ অভিযোগ অস্বীকার করা হয়েছে। পিন্টু করের দাবি, তৃণমূল প্রধান তাঁকে দেখলেই রেগে যান। কয়েকবার তাঁকে ঘাড় ধাক্কা দিয়েছেন বলে পাল্টা অভিযোগ তুলেছেন বিজেপি নেতা।

রায়বেঁশে কর্মশালা ও উৎসব

সুজিত দত্ত, পূর্ব বর্ধমান, ৩ মার্চ ঃ পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র আয়োজিত এবং পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় শুক্রবার থেকে শুরু হল রায়বেঁশে নৃত্যের কর্মশালা ও উৎসব। পূর্ব বর্ধমান জেলার কাটোয়ার রবীন্দ্রভবনে আয়োজিত রায়বেঁশে নৃত্যের কর্মশালা ও উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ সরকারের প্রাণী সম্পদ বিকাশ বিভাগ দপ্তরের মন্ত্রী স্বপন দেবনাথ, পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শম্পা ধাড়া, কাটোয়ার মহকুমা শাসক অর্চনা পি ওয়াংখেড়ে, জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক রামশঙ্কর মন্ডল, কাটোয়া পৌরসভার পৌরপতি সমীর কুমার সাহা, কাটোয়া ও কালনা মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, জেলা পরিষদের কর্মধ্যক্ষ মিঠু মাঝি, মাম্পি রুদ্র, ডঃ দেবাশীষ নাগ সহ অন্যান্যরা। এদিন মন্ত্রী স্বপন দেবনাথ বলেন, বাংলার লোকসংস্কৃতি বাঁচিয়ে রাখার প্রয়োজনীয়তা আছে বুঝেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বাংলার ভাদুগান, লোকসঙ্গীত, রণপা নৃত্য, ছৌনাচ, ঘোড়ানাচ, রায়বেঁশে সহ বিভিন্ন লোকসংস্কৃতি রয়েছে। পশ্চিমবঙ্গে বর্ধমান, বীরভূম ও মুর্শিদাবাদে মূলত রায়বেঁশে নৃত্যের প্রচলন দেখা যায়। এই নৃত্যের বিভিন্ন কলাকৌশল দেখলে এই নৃত্যকে একপ্রকার ব্যায়ামই বলা যেতে পারে। এর মাধ্যমে শরীর চর্চা করা যায়। কিন্তু বর্তমানে ছেলে-মেয়েরা মোবাইলেই ব্যস্ত, এই ধরনের লোক সংস্কৃতি থেকে নতুন প্রজন্ম অনেকটা বিমুখ হয়ে রয়েছে। যদিও লোকশিল্পীদের উৎসাহ দিতে, তাদের পাশে দাঁড়ানোর উদ্যোগ নিয়েছিলেন মা মাটি মানুষের সরকার। তাদের পরিচয়পত্র প্রদান, অনুষ্ঠানে সহযোগিতা, ১০০০ টাকা অনুদান প্রদান ইত্যাদির মাধ্যমে ক্রমশ হারিয়ে যাওয়া লোকশিল্পীরা আবার নিজেদের সংস্কৃতি চর্চা করতে উৎসাহী হয়ে পড়েছে। তারা ফের ফিরে আসছে। এটা রাজ্য সরকারের প্রচেষ্টার একটা বড় সাফল্য। জেলা সভাধিপতি শম্পা ধাড়াও লোকশিল্পীদের জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কথা উল্লেখ করেন। পূর্ব বর্ধমান জেলা তথ্য সংস্কৃতি আধিকারিক রামশঙ্কর মন্ডল জানিয়েছেন এই নৃত্য কর্মশালা ও উৎসবে মোট ৩৫০ জন লোকশিল্পী অংশগ্রহণ করছেন। ৫ মার্চ পর্যন্ত এই কর্মশালা ও উৎসব চলবে।

ফের আশ্রমিকদের কটাক্ষ উপাচার্যর

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ৩ মার্চ ঃ খোলাচিঠিতে আশ্রমিক, প্রাক্তনী, রাবীন্দ্রিক, ছাত্র, শিক্ষক, শিক্ষাকর্মী, প্রাক্তন উপাচার্য ও বোলপুরবাসীদের আক্রমণ করলেন উপাচার্য। উপাচার্য তাঁর খোলা চিঠিতে বিশ্বভারতীর অধঃপতনের মূল কারণ হিসেবে দায়ী করেন প্রাক্তন উপাচার্য, আশ্রমিক, রাবীন্দ্রিক, প্রাক্তনী, শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্রদের। শুধু তাই নয়, তিনি বলেছেন যে, যে সমস্ত আশ্রমিক এবং যারা রবীন্দ্রনাথের সাহচর্যে এসেছিলেন, তাঁরাও রবীন্দ্রনাথের আদর্শ বুঝতে পারেন নি। তাছাড়াও বিশ্বভারতীর অবক্ষয়ের পিছনে বোলপুরবাসী কতকটা দায়ী, এমন মন্তব্যও করা হয়েছে। আর এই কারণে বিশ্বভারতীর অবক্ষয়ে কাউকে বিচলিত হতে দেখা যায় না। এছাড়াও শিক্ষক ও ছাত্রদের গুণ্ডা বলে সম্বোধন করেন উপাচার্য। তাঁর মতে, যে শিক্ষকরা আন্দোলনে ছাত্রদের প্ররোচনা দিয়েছেন তারা গুণ্ডা এবং আন্দোলনকারী ছাত্ররা হলো ছাত্রনামা গুণ্ডা। আর যে সমস্ত অভিভাবক ছাত্রদের প্রশ্রয় দিয়েছেন, তারা বেপথু অভিভাবক। ফের বিশ্বভারতীকে সোনার ডিম দেওয়া রাজহাঁসের সাথে তুলনা করে উপাচার্য বলেন, সোনার ডিম দেওয়া রাজহাঁসের পরিচর্যার দরকার নেই। সোনার ডিম অর্থাৎ লাভের কড়ির হিসেব নিয়েই মত্ত। মতলববাজের মতো আশ্রমিকরা ও রাবীন্দ্রিকরা বিশ্বভারতী থেকে ফায়দা নিংড়ে নিয়েছেন। উপাচার্য বলেন, আজ পর্যন্ত কোনো উপাচার্য তাদের কার্যকাল পূরণ করতে পারেন নি। যারা আমাকে আক্রমণ করেন, তারা ভেবেছিলেন, আমার মানসিক শান্তি নষ্ট হলে প্রাক্তন উপাচার্যদের মতো আমি দৌড়ে পালাব। কিন্তু তা করবো না। এই গুণ্ডাদের বিশ্বভারতী থেকে নিষ্ক্রান্ত করাই আমার লক্ষ্য। উপাচার্য বলেন, বিশ্বভারতী আর বিদেশি পড়ুয়াদের আকৃষ্ট করতে পারে না। বিদেশি পড়ুয়া বলতে বাংলাদেশের পড়ুয়ারাই বেশি আসে। এই বার্তালাপে উপাচার্য পৌষমেলা না করার কারণও তুলে ধরেন।

স্বাধীনতা সংগ্রামীর জন্মদিন পালন

রাজকুমার ঘোষ, কালনা, ৩ মার্চ ঃ গান্ধীবাদী আন্দোলনের বর্ধমান জেলার পুরোধা প্রয়াত স্বাধীনতা সংগ্রামী, প্রাক্তন সাংসদ ও রাজ্যের প্রাক্তন শ্রমমন্ত্রী জনাব আব্দুস সাত্তার সাহেবের আজ ১১২তম জন্মদিবস পালিত হল। আব্দুস সাত্তার সমাজ কল্যাণ কেন্দ্রে কালনা ২ ব্লকের বৈদ্যপুর পঞ্চায়েতের তালা গ্রামের পাশের গ্রাম টোলা গ্রামে আব্দুস সাত্তারের সমাধিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান বিশিষ্ট সমাজসেবক তথা আব্দুস সাত্তার সমাজকেন্দ্র প্রতিষ্ঠাতা প্রণব রায়। এছাড়াও উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলা পরিষদের সহ-সভাপতি তথা রাজ্য আদিবাসী সেলের চেয়ারম্যান ও রাজ্য তৃণমূল কংগ্রেসের মুখপাত্র দেব টুডু, সাত্তার সাহেবের ১১২তম জন্মদিন উপলক্ষে তার স্মৃতিচারণা করেন সমাজসেবক প্রণব বাবু। আব্দুস সাত্তার রাজ্যের একজন শুধু মন্ত্রী ছিলেন না, তিনি একজন স্বাধীনতা সংগ্রামী ছিলেন। ব্রিটিশদের তাড়াতে তিনি অগ্রণী ভূমিকা পালন করেন। কালনা ২ ব্লক নয়, পূর্ব বর্ধমান জেলার গর্ব তিনি।

এক বৃদ্ধকে পিটিয়ে খুনের অভিযোগ

দুরন্ত বার্তা, আসানসোল, ৩ মার্চ ঃ এক বৃদ্ধকে পিটিয়ে খুনের অভিযোগ উঠল আসানসোলে। ঘটনার পর থেকে পলাতক অভিযুক্ত এক তরুণী ও তার তিন পুরুষ সঙ্গী। বৃহস্পতিবার রাতের এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে আসানসোল দক্ষিণ থানার আড়াডাঙ্গা এলাকায়। মৃতের নাম অমর সিং (৬৫)। মৃতের স্ত্রী মীরা সিংয়ের লিখিত অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমেছে আসানসোল দক্ষিণ থানার পুলিশ। শুক্রবার দুপুরে আসানসোল জেলা হাসপাতালে দেহের ময়নাতদন্ত হয়। আসানসোল দক্ষিণ থানার আড়াডাঙ্গা এলাকায় বাড়ির সামনেই বৃদ্ধকে পিটিয়ে খুনের অভিযোগ উঠেছে। আরও অভিযোগ, গতকাল বিকেল সাড়ে তিনটের সময় স্থানীয় এক তরুণী ও তার তিন পুরুষ সঙ্গী মিলে বৃদ্ধকে মারধর করে। যার জেরে তাঁর মৃত্যু হয় বলে এলাকার বাসিন্দাদের অভিযোগ।

মা ও শিশুদের মৃতদেহ উদ্ধার

দুরন্ত বার্তা, কালিয়াগঞ্জ, ৩ মার্চ ঃ উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জের ধনকৈল গ্রাম পঞ্চায়েতের উত্তর শংকরপুর এলাকায় ছাদ থেকে দুই শিশু ও গৃহবধূর ঝুলন্ত দেহ উদ্ধার। পরপর ঝুলছে দুই শিশু সন্তানের দেহ। খানিকটা দূরে গলায় দড়ি দিয়ে ঝুলছেন মা। শুক্রবার ঘর থেকে দুই শিশু ও গৃহবধূর ঝুলন্ত দেহ উদ্ধার করেছে পুলিশ। তিনজনকেই খুন করা হয়েছে বলে অভিযোগ মৃতার বাপেরবাড়ির লোকেদের। এই ঘটনায় মৃতার শ্বশুর ও শাশুড়িকে আটক করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত গৃহবধূর নাম ময়না বর্মন (২১)। দুই শিশুর নাম মিলন বর্মন (৩) এবং মৌমিতা বর্মন (৫)। মৃতার বাপেরবাড়ির লোকেদের অভিযোগ, বিয়ের পর থেকে ময়নার ওপর অত্যাচার চালাত তাঁর শ্বশুরবাড়ির লোকজন। জানা গিয়েছে, অষ্টপ্রহর উপলক্ষ্যে এদিন দুই সন্তানকে নিয়ে বাপেরবাড়ি যাওয়ার কথা ছিল ময়নার। তবে তার আগেই তিনজনের দেহ উদ্ধার হয়। মৃতার মা রেনু বর্মনের অভিযোগ, মেয়ে ও নাতি-নাতনিকে পরিকল্পিতভাবে খুন করা হয়েছে। এদিকে, ময়নার ওপর অত্যাচারের কথা স্বীকার করে নেন হরিয়ানায় প্লাই ফ্যাক্টরিতে কর্মরত স্বামী শশী মোহন বর্মন। কালিয়াগঞ্জ থানার আইসি দীপাঞ্জন দাস জানিয়েছেন, দুই সন্তান ও গৃহবধূর দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে। দু'জনকে আটক করা হয়েছে। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু হয়েছে।

বিয়ের দাবিতে ধর্না

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩ মার্চ ঃ বিয়ের দাবিতে প্রেমিকের বাড়ির সামনে ধর্নায় বসলেন এক যুবতী। শুক্রবার জলপাইগুড়ি জেলার রাজগঞ্জের বলাইগছে এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। ধর্নায় বসে থাকা যুবতীকে দেখতে ভিড় করলেন আশেপাশের বহু মানুষ। যুবতীর দাবি, দীর্ঘ ৫ বছরের প্রেমের সম্পর্ক। বিয়ে হওয়ারও কথা ছিল। কিন্তু এরমধ্যেই যোগাযোগ বন্ধ। প্রেমিকের অন্য জায়গায় বিয়ে ঠিক হয়েছে শুনে বাড়ির সামনে এসে ধর্নায় বসলেন মাহানভিটা গ্রামের এক যুবতী। বিয়ে করলে ওই যুবককেই করবেন, এমনই দাবি নিয়ে অনড় যুবতী। এদিকে, প্রেমিকের দেখা না পাওয়া গেলেও যুবকের মা জানালেন, তাদের সম্পর্কের কথা অজানা ছিল না। বিয়ের জন্য ছেলের পরিবারের তরফে একাধিকবার বলা হয়েছিল বলে দাবি। তবে মেয়ে পক্ষের তরফে বিয়ে দিতে চায়নি। এদিকে, যুবতীর এক আত্মীয়ের দাবি, সম্পর্কের টানেই ধর্না দিয়েছে। আলোচনার মাধ্যমে সমাধান না হলে প্রশাসনিক পদক্ষেপ নিতে হবে। শুক্রবার বলাইগছে এই ঘটনায় চাঞ্চল্য ছড়াল। ধর্নায় বসে থাকা যুবতীকে দেখতে ভিড় করলেন আশেপাশের বহু মানুষ। ঘটনার খবর পেয়ে সেখানে যান স্থানীয় পঞ্চায়েত। তিনি বলেন, বিষয়টি আলোচনার মাধ্যমে মিটমাটের পক্ষে তিনি রয়েছেন। শেষ প্রাপ্ত খবর অনুযায়ী, এই ব্যাপারে থানায় লিখিত অভিযোগ জমা পড়েনি

ডাল ভেঙে মৃত্যু

দুরন্ত বার্তা, কালনা, ৩ মার্চ ঃ কালনা ২ ব্লকের হাঁসপুকুর মিলনীর মাঠ এলাকায় আম গাছে ওষুধ দিতে উঠে আম গাছের ডাল ভেঙে পড়ে মৃত্যু হল ১ ব্যক্তির। মৃতের নাম হিয়াত মল্লিক (৪৬)। বাড়ি কালনা থানার হাঁসপুকুর মিলনীর মাঠ সংলগ্ন এলাকায়। বৃহস্পতিবার সকালে আম গাছের উপর ওষুধ স্প্রে করতে উঠে ডাল ভেঙে মাটিতে পড়ে যান। শুক্রবার দেহের ময়নাতদন্ত করা হয়।

মন্ত্রীকে ভুয়ো ফোন করে গ্রেফতার যুবক

দুরন্ত বার্তা, মালদা, ৩ মার্চ ঃ নবান্নের পরিচয় দিয়ে ভুয়ো ফোন কল রাজ্যের প্রতিমন্ত্রীকে। জানতে চাওয়া হয় রাজনৈতিক এবং ব্যক্তিগত বিভিন্ন তথ্য। প্রথমে সরল মনে সেই সব তথ্য দিয়েও দেন মন্ত্রী। কিন্তু পরবর্তীতে জানতে পারেন নবান্ন থেকে তেমন কোন ফোন আসেনি। তারপরেই পুলিশের দ্বারস্থ হন তিনি। মন্ত্রীর হয়ে পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করেন তার ব্যক্তিগত সহায়ক। অভিযোগের ভিত্তিতে তদন্ত নেমে ১২ ঘণ্টার মধ্যে সাফল্য পুলিশের। গ্রেফতার ভুয়ো পরিচয় দিয়ে ফোন করা ব্যক্তি। মালদা জেলার হরিশ্চন্দ্রপুর বিধানসভার বিধায়ক তথা রাজ্যের প্রতিমন্ত্রী তাজমুল হোসেনের কাছে গত বুধবার বিকেল বেলা একটি ফোন আসে। সেই সময় মালদা জেলাশাসক দপ্তরে একটি প্রশাসনিক বৈঠকে ছিলেন তাজমুল হোসেন। ফোন করে তাকে বলা হয় নবান্ন থেকে ফোন করা হয়েছে। তার কাজকর্ম থেকে শুরু করে রাজনৈতিক এবং ব্যক্তিগত বিভিন্ন তথ্য জানতে চাওয়া হয়। প্রথমে সাতপাঁচ না ভেবে প্রশ্নের ভিত্তিতে উত্তর দিয়ে যান প্রতিমন্ত্রী তাজমুল হোসেন। কিন্তু পরবর্তীতে তিনি জানতে পারেন নবান্ন থেকে এমন কোন ফোন করা হয়নি। সাথে সাথেই তাজমুল হোসেনের ব্যক্তিগত সহায়ক গোলাম মোর্তজা হরিশ্চন্দ্রপুর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ। যে নাম্বার থেকে ফোন কল এসেছিল সেই নাম্বারটি ট্র্যাক করে পুলিশ জানতে পারে ফোনটি উত্তর ২৪ পরগনা জেলার অশোকনগর থানা এলাকার ট্যাংরা কাঠপুর এলাকার। সাথে সাথে আইসি দেওদূত গজমেরের নির্দেশে এএসআই অজিত মণ্ডল উত্তর ২৪ পরগণার উদ্দেশ্যে রওনা দেন। সেখানে অশোকনগর থানার সহায়তায় অভিযুক্তকে গ্রেফতার করে হরিশ্চন্দ্রপুরে নিয়ে আসে পুলিশ। ধৃত ব্যক্তির নাম আজিম মন্ডল(২৫)। দশ দিনের পুলিশি হেফাজতের আবেদন জানিয়ে অভিযুক্তকে শুক্রবার চাঁচল মহকুমা আদালতে পেশ করা হয়েছে।

দোকানে আগুন দেওয়ার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩ মার্চ ঃ সরকারি জায়গা দখল করে তৃণমূলের দলীয় কার্যালয় তৈরি করার অভিযোগ উঠল। আর এলাকার এক ব্যবসায়ী পুলিশের কাছে এই অভিযোগ জানাতে গেলে ঘটে বিপত্তি। তাঁর দোকানে আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ উঠল। ঘটনাটি ঘটেছে জলপাইগুড়ি জেলার ধূপগুড়িতে। ওই ব্যবসায়ীর নাম তপন দাস। তিনি তৃণমূল কর্মীদের বিরুদ্ধে দোকানে আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ তুলেছেন। পুলিশ এবং স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ওই ব্যবসায়ী ধূপগুড়ি এলাকার বাসিন্দা। অভিযোগ, ধূপগুড়ির বারঘড়িয়া গ্রাম পঞ্চায়েতের বৃদ্ধাশ্রম দিব্যজ্যোতি বিদ্যানিকেতন হাইস্কুলের পাশে জলপাইগুড়ি জেলা পরিষদের জায়গা রয়েছে। সপ্তাহখানেক আগে সেখানে জায়গাটি দখল করে তৃণমূলের দলীয় কার্যালয় তৈরি করা হচ্ছে। জানা গিয়েছে, ওই ব্যবসায়ী ধূপগুড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি দীনেশ মজুমদার এবং তৃণমূলের গ্রামীণ ব্লক সভাপতি দীপু রায়ের বিরুদ্ধে এই অভিযোগ তুলেছেন। যদিও দীপু রায় এই অভিযোগ অস্বীকার করেছেন। তিনি এই ঘটনা সম্পর্কে কিছু জানেন না বলে দাবি করেছেন। তিনি নিজেও এই ধরনের কাজকে সমর্থন করেন না বলেই জানিয়েছেন। উল্টে তিনি এর জন্য জেলা সভাপতিকে লিখিত অভিযোগ জানাবেন বলেও করেছেন। ব্যবসায়ীর আরও অভিযোগ, তাঁর একটি জায়গাও বেআইনিভাবে তৃণমূলের তরফে দখল করা হচ্ছে। এনিয়ে তিনি ধূপগুড়ি থানায় অভিযোগ জানাতে গিয়েছিলেন। কিন্তু পুলিশে অভিযোগ নিতে চাইনি। ফলে বাধ্য হয়ে তিনি জলপাইগুড়ির পুলিশ সুপার বিশ্বজিৎ মাহাতোর কাছে লিখিত অভিযোগ জানান। আর তারপরেই ঘটে বিপত্তি। অভিযোগ জানানোর পরে রহস্যজনকভাবে ব্যবসায়ীর দোকানে আগুন লেগে যায়। এমনকী তার বাড়ির দরজায় ভাঙচুর করা হয় বলে অভিযোগ। ব্যবসায়ী জানান, পুলিশ অভিযোগ নিতে চাইনি। তাই তিনি পুলিশ সুপারের কাছে অভিযোগ জানিয়েছিলেন। এদিকে, আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় ধূপগুড়ি থানার পুলিশ এবং দমকল ইঞ্জিন। ঘটনাস্থলে দমকল পৌঁছে প্রায় এক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। এই ঘটনার পর থেকেই আতঙ্কে রয়েছে ব্যবসায়ীর পরিবার। ঘটনায় প্রশ্ন উঠেছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেখানে সরকারি জমি দখল নিয়ে সতর্ক করছেন সেক্ষেত্রে তৃণমূল কর্মীরাই কীভাবে এই কাজ করছেন! অন্যদিকে, পঞ্চায়েত সমিতির সভাপতি দীনেশ মজুমদার বলেন, ওখানে কেউ দলীয় কার্যালয় তৈরি করেনি। ওই জমি নিয়ে মামলা চলছে। এখানে ১৪৪ ধারা জারি রয়েছে। বিজেপি নেতা নরেশ রায় তৃণমূল এবং পুলিশের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন। তাঁর বক্তব্য, তৃণমূল এলাকায় অশান্তি তৈরি করছে। ব্যবসায়ী নিরাপত্তাহীনতায় ভুগছেন অথচ পুলিশ একেবারে নিষ্ক্রিয় রয়েছে।

জ্বর নিয়ে মালদা মেডিকেল কলেজে শিশুদের ভিড়

দুরন্ত বার্তা, মালদা, ৩ মার্চ ঃ অ্যাডিনো ভাইরাসের উপসর্গ নিয়ে আক্রান্ত শিশুরা ভর্তি হাসপাতালে এমনকি শিশু মৃত্যুর ঘটনা ঘটেছে। এই নিয়ে কিন্তু যথেষ্ট চিন্তিত স্বাস্থ্য দপ্তর। তবে এখনও পর্যন্ত মালদা জেলায় অ্যাডিনো ভাইরাসে কোনো শিশু আক্রান্ত না হলেও জ্বর, সর্দি-কাশি উপসর্গ নিয়ে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন বহু শিশু। এনিয়ে স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকা অনুযায়ী তৎপর মালদা মেডিকেল কলেজ ও হাসপাতাল। যথেষ্ট তৎপর মেডিকেল কলেজের চিকিৎসকরা। তবে ভর্তি থাকা শিশুর আত্মীয়রা জানিয়েছেন গ্রামীণ হাসপাতালে পরিষেবা তেমন তারা পাচ্ছেন না, চিকিৎসকরা রেফার করে দিচ্ছেন মেডিকেল কলেজ হাসপাতালে। আর এদিকে মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হতে হয়রানি হচ্ছেন। চিকিৎসা শুরু হতেও দেরি হচ্ছে। তবে মেডিকেল কলেজ হাসপাতাল বেডের সমস্যা রয়েছে। মালদা মেডিকেল কলেজ হাসপাতালে এমএসভিপি পুরঞ্জয় সাহা জানান জ্বর, সর্দি, কাশি উপসর্গ নিয়ে অনেকেই বিশেষ করে শিশুরা ভর্তি হচ্ছে। তবে অ্যাডিনো ভাইরাসের আক্রান্তে কোন শিশু ভর্তি নেই। স্বাস্থ্য দপ্তরের যা নির্দেশিকা রয়েছে সেই নির্দেশিকা মেনেই আমরা সবকিছু করছি। প্রতিদিনই প্রায় ৮ থেকে ১২জন শিশু ভর্তি হচ্ছে। বাচ্চাদের নিয়মিত পরীক্ষা করা হচ্ছে।

পূর্ব রেলওয়ে

ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, ডিআরএম বিল্ডিং, রেলওয়ে স্টেশনের নিকট, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের জন্য সমপ্রকৃতির কাজে অভিজ্ঞতাসম্পন্ন ও প্রয়োজনীয় আর্থিক সঙ্গতিসম্পন্ন এবং সেচ/সিপিডব্লুডি/ এমইবি/এমইএস অথবা কোনও পাবলিক সেক্টর উদ্যোগ-এর সাথে রেজিস্টার্ড টেন্ডারদাতাদের থেকে অনলাইন ই-টেন্ডার আহ্বান করছেন: সিনিয়র ডিইএন/২/এইচডব্লুএইচ : ই-টেন্ডার নং ২২২_২০২২-২৩, তারিখ ০২.০৩.২০২৩। কাজের বিবরণ: সিনিয়র ডিইএন/২/এইচডব্লুএইচ-এর শাখায় ম্যানুয়াল স্লিপার নবীকরণ (প্রশস্ত স্লিপার) এবং প্ল্যাটফর্ম অংশের ডিপ স্ক্রিনিং ও অন্যান্য সংশ্লিষ্ট আনুষঙ্গিক কাজ। আনুমানিক ব্যয়: ২,২৮,৭০,৮৫৫.৪৮ টাকা। বায়না মূল্য: ২,৬৪,৪০০ টাকা। টেন্ডার ফর্মের মূল্য : শূন্য। কাজ শেষের মেয়াদ : ১২ মাস। টেন্ডার বন্ধের তারিখ ও সময় : ২৪.০৩.২০২৩ তারিখ দুপুর ২টো। যদি কোনও অপ্রত্যাশিত কারণে টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত টেন্ডার বন্ধের তারিখে ছুটি/বনধ/স্ট্রাইক ঘোষিত হয় তাহলেও অনলাইনে টেন্ডার বন্ধের তারিখের কোন রকম হেরফের হবে না কারণ টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে কোনও অফার জমা করার আবেদন আইআরইপিএস ওয়েবসাইট অনুমোদন করে না। যদিও, পরের দিন অনলাইনে টেন্ডার খোলা হবে। টেন্ডারের বিস্তারিত বিবরণ www.ireps. gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের অফার জমা করতে টেন্ডারদাতাদের অনুরোধ করা হচ্ছে। কোনও ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না।
(HWH-442/2022-23)
ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নং ২১৯_২০২২-২৩ সিনিয়র ডিইএন/ ৪/এইচডব্লুএইচ, তারিখ ০১.০৩.২০২৩। সিনি. ডিভিশনাল ইঞ্জিনিয়ার (IV), ডিভিশনাল রেলওয়ে ম্যানেজারের অফিস, পূর্ব রেলওয়ে, হাওড়া-৭১১১০১ কর্তৃক যেসব টেন্ডারদাতাদের একই ধরণের কাজের অভিজ্ঞতা রয়েছে এবং সেচ/সিপিডব্লুডি/ এমইবি/এমইএস বা যে কোনও পাবলিক সেক্টরের উদ্যোগের সাথে নিবন্ধীকৃত ও প্রয়োজনীয় আর্থিক সক্ষমতা রয়েছে তাদের থেকে নিম্নলিখিত কাজের জন্য অনলাইনে ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। কাজের বিবরণঃ এসএসই/পি.ওয়ে/আরপিএইচ-এর অধীনে রামপুরহাট- দুমকা শাখায় পি.ওয়ে রক্ষণাবেক্ষণের কাজ। আনুমানিক মূল্যঃ ₹ ৮০,২৩,১০২.৪০; বায়না অর্থঃ ₹ ১,৬০,৫০০.০০। টেন্ডার নথির মূল্যঃ শূন্য। কাজ শেষ করার সময়সীমাঃ স্বীকৃতিপত্র জারি হওয়ার পর থেকে ১২ (বারো) মাস। বিজ্ঞপ্তিতে আহ্বান জানানো টেন্ডারে উল্লিখিত জমার শেষ তারিখটি যে কোনও কারণে ছুটি/বনধ/ধর্মঘট ঘোষণা করা হলে, অনলাইনে টেন্ডার জমার শেষ তারিখ পরিবর্তন করা হবে না যেহেতু আইআরইপিএস-এর ওয়েবসাইট টেন্ডারের আবেদন জমার শেষ তারিখ এবং সময়ের পরে কোনও অফার জমা দেওয়ার অনুমতি দেয় না। সেইহেতু, অনলাইনে টেন্ডারটি পরবর্তী কর্মদিবসে খোলা হবে। টেন্ডার জমা দেওয়ার শেষ তারিখ ও সময়ঃ ২৪.০৩.২০২৩ দুপুর ২টায়। টেন্ডারের বিশদ ওয়েবসাইট www.ireps.gov.in-এ পাওয়া যাবে। [illegible]
(HWH-439/2022-23)
[illegible] www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ [illegible]
আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter

Office of the Block Development Officer Chanditala-I Dev. Block MASHAT, HOOGHLY

Online E-tender is invited from the Bonafide & successful agencies as per criteria mentioned in the tender website. NIT No: 12-BDO/ Chanditala-I/2022-23 dt: 03/03/ 2023. Last Date of Bid Submission: 17/03/2023, 18.00 Hrs. Date of Opening: 21/03/2023, 11.00 Hrs. For details Pl. contact the Office of the Block Development Officer, Chanditala-I Dev. Block, Mashat, Hooghly. Visit: https:// wbtenders.gov.in
Sd/- Block Development Officer
Chanditala-I Dev. Block
Mashat, Hooghly

পূর্ব রেলওয়ে

টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ ২২২-এস/১/জ্বনা।. তারিখ ০৩.০৩.২০২৩। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য অনলাইনে ই-টেন্ডার আহ্বান করছেন। ক্রমিক নং ১, টেন্ডার নং ঃ টিএন-১৬২-২২-২৩। কাজের নামঃ ডিইএন/৩/শিয়ালদহের অধিকারক্ষেত্রে এইএন/বিপিসি-র অধীনে কালীনারায়ণপুর থেকে লালগোলা শাখায় এলসি গেট নং ১৬৭/ই, ১৬৮/ই ও ৮৪এ/ই-তে রুক্ষ কভার্ড আরসিসি ইউ-ট্রাফ দ্বারা লিমিটেড হাইট সাবওয়ে (এলএইচএস) নির্মাণ করে মানবযুক্ত/ মানবরহিত লেভেল ক্রসিং (এলসি) গেট বাতিল করা। ক্রমিক নং ২, টেন্ডার নং ঃ টিএন-১৬৩-২২-২৩। কাজের নামঃ ডিইএন/৩/ শিয়ালদহের অধিকারক্ষেত্রে এইএন/রানাঘাটের অধীনে কালীনারায়ণপুর থেকে লালগোলা শাখায় এলসি গেট নং ৮৮/ই ও ৮৯/ই-তে রুক্ষ কভার্ড আরসিসি ইউ-ট্রাফ দ্বারা লিমিটেড হাইট সাবওয়ে (এলএইচএস) নির্মাণ করে মানবযুক্ত/ মানবরহিত লেভেল ক্রসিং (এলসি) গেট বাতিল করা। ক্রমিক নং ৩, টেন্ডার নং ঃ টিএন-১৬৪-২২-২৩। কাজের নামঃ ডিইএন/৩/শিয়ালদহের অধিকারক্ষেত্রে এইএন/রানাঘাটের অধীনে কালীনারায়ণপুর থেকে লালগোলা শাখায় এলসি গেট নং ৬৫/ই ও ৭৫/ই-তে রুক্ষ কভার্ড আরসিসি ইউ-ট্রাফ দ্বারা লিমিটেড হাইট সাবওয়ে (এলএইচএস) নির্মাণ করে মানবযুক্ত/ মানবরহিত লেভেল ক্রসিং (এলসি) গেট বাতিল করা। ক্রমিক নং ৪, টেন্ডার নং ঃ টিএন-১৬৫-২২-২৩। কাজের নামঃ ডিইএন/৩/শিয়ালদহের অধিকারক্ষেত্রে এইএন/রানাঘাটের অধীনে কালীনারায়ণপুর-লালগোলা শাখায় এলসি গেট নং ৭৯/ই ও ৮৬/ই-তে রুক্ষ কভার্ড আরসিসি ইউ-ট্রাফ দ্বারা লিমিটেড হাইট সাবওয়ে (এলএইচএস) নির্মাণ করে মানবযুক্ত/ মানবরহিত লেভেল ক্রসিং (এলসি) গেট বাতিল করা। টেন্ডার মূল্যমান: ১১,৭৩,৩৬,১৫৫.৬৪ টাকা (ক্র.নং ১-এর জন্য) ও ৭,৮২,২৩,২৬০.৫৪ টাকা (ক্র.নং ২, ৩ ও ৪-এর জন্য)। ইএমডি ঃ ৭,৩৬,৭০০ টাকা (ক্র.নং ১-এর জন্য) ও ৫,৪১,১০০ টাকা (ক্র.নং ২, ৩ ও ৪-এর জন্য)। কাজ শেষের মেয়াদ: ২৪ মাস (ক্র.নং ১-এর জন্য) ও ১৮ মাস (ক্র.নং ২, ৩ ও ৪-এর জন্য)। টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ ২৭.০৩.২০২৩ তারিখ দুপুর ৩টে প্রতিটির জন্য। টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ২৭.০৩.২০২৩ তারিখ দুপুর ৩.৩০ মিনিট প্রতিটির জন্য। টেন্ডার নথিপত্র এবং বিস্তারিত বিবরণ www.ireps.gov.in ওয়েবসাইট থেকে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে টেন্ডারের জন্য বিডিং জমা করতে হবে। ম্যানুয়াল অফার সরাসরি বাতিল করা হবে। (SDAH-315/2022-23)
ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter

INVITING TENDER NOTICE

Undersigned is inviting Tender notice towards **NIT No. 24/Dev/EO/Pur/2022-23 Date. 27.02.2023.** Last date of submission of tender is **up to 05:00 pm., 13.03.2023** and will be open on **16.03.2023 at 11:00 a.m.** and **NIT No. 25/ Dev/EO/Pur/2022-23 Date: 27.02.2023,** Last date of submission of tender is **up to 05.00 pm., 10.03.2023** and will be opened on **13.03.2023 at 11.00 a.m.** and **NIT No. 26/Dev/EO/ Pur/2022-23 Date: 01.03.2023.** Last date of submission of tender is **up to 05.00 pm., 10.03.2023** and will be opened on **13.03.2023 at 11.00 a.m.** For details pl. contact to the office of the undersigned or visit the website **http:// wbtenders.gov.in.**
Sd/- Executive Officer
Pursurah Panchayat Samity
Pursurah, Hooghly

OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER PARA DEVELOPMENT BLOCK P.O.:-PARA :: DIST.:-PURULIA
CORRIGENDUM FOR e-NOTICE INVITING TENDER No- WBPUR/EO/PARA/NIT(e)-26/ 2022-23
As per regulation of tender committee, Corrigendum called for Extension of Bid closing date up to 04/03/2023 and opening date 06/ 03/2023. (Tender Id: 2023_DM_478922_1).
Sd/- Executive Officer
Para Panchayat Samity

E- tender notice
NIT NO-WB/BWN/KGP/NIT 13/2023 dt- 02-03-2023.
NIT NO-WB/BWN/KGP/NIT 14/2023 dt- 02-03-2023.
NIT NO-WB/BWN/KGP/NIT 15/2023 dt- 02-03-2023.
Online bids are invited from bonafide contractors for listed works under 15 th FC tied, untied and under SBM fund Last date of online bid submission- **11-03-2023.** For details information contact.
Sd/- Prodhan,
khandaghosh Gram Panchayat
Khejurhati, khandaghosh, Purba Bardhaman

NIT NO.-358/SGP/2023
Dated-04/03/2023
Last date of Submission on or before **11/03/ 2023 (up to 02.00 PM).** Date of Opening-**16/ 03/2023 (from 03.00 P.M).** For viewing Tender:- **www.wbtenders.gov.in**
Sd/- Pradhan
Shibrampur Gram Panchayat

NIT
The office of undersigned invites Tender for **NOTICE INVITING ELECTRONIC TENDER NO- 13/BDO/ MNG/JAL of 2022-23 dated: 03/03/2023.** Last Date of Bid submission is **10/03/2023 up to 6.00 P.M.** For further details please contact the concerned office of the undersigned.
Sd/-Block Development Officer
Maynaguri Development Block

Office of The Shyamsundarpur Gram Panchayat
(under Raipur P.S)
Dudhya*Barikul*Bankura
NOTICE INVITING e-TENDER
No-06/15 th CFC(tied)/2022-23, Dt.-03/03/2023(1 no. work)
No-07/15 th CFC(Untied)/2022-23, Dt.-03/03/2023(1 no. work)
No-08/15 th CFC(Untied)/2022-23, Dt.-03/03/2023(2 nos. work)
No-09/15 th CFC(Untied)/2022-23, Dt.-03/03/2023(1 no. work)
Ref. Memo No.-49,50,51 Dt.-03.02.2023
Tender are invited by the Pradhan, Shyamsundarpur Gram Panchayat for 04(Five) works. Date of closing of submission of Technical Bid & Financial **Bid 10.03.2023 up to 6 p.m.** For details contact office of the undersigned or visit **https:// wbtenders.gov.in**
Sd/- Pradhan
Shyamsundarpur Gram Panchayat

Fullerton India Credit Company Limited
কর্পোরেট অফিস ঃ ফ্লোর ৬, বি উইং, সুপ্রিম বিজনেস পার্ক, পোওয়াই, মুম্বই-৪০০০৭৬।
পাবলিক নোটিস
এতদ্বারা জনস্বার্থে সূচিত করা যায় যে ফুলারটন ইন্ডিয়া ক্রেডিং কোম্পানি লি. হারিয়ে ফেলেছে রিসিপ্ট বুক নং. ৩৯৩১৯৯ যার মধ্যে রয়েছে রিসিপ্ট নং. ৯৮২৯৯৫ থেকে ৯৮২৯৯৭৫। যদি কেউ উল্লেখিত রিসিপ্ট পেয়ে থাকেন, তাহলে তা হস্তান্তর করুন ম্যানেজার, ফুলারটন ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লি. শাখায়, ২য় ফ্লোর, ৫৩এ, রফি আহমেদ কিদওয়াই রোড, কলকাতা-৭০০০১৬। কোন অস্বীকৃত ব্যক্তি যদি উপরোক্ত রিসিপ্ট ব্যবহার করেন তা অনুমোদনহীন এবং অবৈধ হিসাবে বিবেচিত হবে।
ফোন ঃ ৯৭৪৮৪১৩৩৫৩ ফুলারটন ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড

PUBLIC NOTICE
Notice is hereby given that the following Share Certificates for 1100 Equity Shares of Rs. 2/- (Rupees two only) each with Folio No. H003705 of Britannia Industries Limited, having its registered office at 5 / 1 A Hungerford Street, Kolkata, West Bengal, 700017 registered in the name of H Sundaram have been lost. Monica Sundaram has applied to the company for issue duplicate certificate. Any person who has any claim in respect of the said shares certificate should lodge such claim with the company within 15 days of the publication of this notice.

Folio No.	Certificate No.	Distinctive No. (From)	Distinctive No. (To)	No. of Shares
H003705	1540	115520536	115521635	1100

Place : Mumbai
Date : 4/3/2023
Sd/-
Monica Sundaram

E – TENDER NOTICE No. 12/2022-2023, Vide Tender ID No – 2023_ZPHD_486093_1 to 16, Date.-02/03/2023
Sealed Tender is invited from the experienced and resource full bidders for execution of total 16(Sixteen) Nos. similar works. Source of Fund: 15 TH SFC UNTIED, Date of Download of Tender Paper:- **From 03/03/2023 9.00 am to 11/03/2023 up to 6.00 P.M.(IST).** Date of Submission of Tender Paper, Others Paper: - **From 03/ 03/2023 9.00 am to 11/03/2023 up to 6:00 P.M.(IST)** & the Technical bid & Financial Bid will be open **14/03/2023 12.10 pm (IST)** onward. For details please visit website: **www.wbtenders.gov.in.**
Sd/- Prodhan
Srirampur Gram Panchayat

উত্তর মধ্য রেলওয়ে
ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিস নং-২৩/ ১৫ তারিখ ২৮.০২.২০২৩
ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিস
ভারতের রাষ্ট্রপতির পক্ষে, প্রিন্সিপাল চিফ মেটিরিয়ালস ম্যানেজার, উত্তর মধ্য রেলওয়ে, প্রয়াগরাজ, (একটি আইএসও ৯০০১ঃ২০১৫ শংসাপত্রপ্রাপক ইউনিট) আহ্বান করছেন নিম্নলিখিত ই-প্রোকিওরমেন্ট টেন্ডার।

ক্র. নং.	টেন্ডার নং.	ক্ষুদ্র বিবরণ	পরিমান	টেন্ডার খোলার তারিখ
১	৪০২৩৩০১৯	হট মোল্ডিং মিকনাইট	২০০০ জোড়া	১০.০৪.২০২৩
২	৪০২৩৩০২২	টেপ পিলামাইড কাপটন অ্যাডেসিভ	১১০০০ মিটার	২৩.০৩.২০২৩
৩	৫০২৩৫০৬৬	এসএমপিএস ইন্টিগ্রেটেড পাওয়ার সাপ্লাই	০২ সেট	২৭.০৩.২০২৩

দ্রষ্টব্য ঃ ১. সম্পূর্ন বিস্তারিত তথ্যাবলী উপরোক্ত টেন্ডারের দেখা যাবে এবং ডাউনলোড করা যাবে আইআরইপিএস ওয়েবসাইট থেকে -https://www.ireps.gov.in। 324/23(K)
North central railways www.ncr.indianrailways.gov.in @northcentralrailway @CPRONCR

Amgachia Gram Panchayat
Bishnupur-I Panchayat Samity
Vill-Krishnarampur, P.O.- Amgachia, Dist.-South 24 PGS, PIN-700104
Email id: amgachiagp91@gmail.com
NOTICE OF INVITING TENDER
Amgachia Gram Panchayat has invited 1 no. N.I.eT. on 03.03.2023 vide N.I.eT. No. 120/AGP/TN/2023, Dt. 03.03.2023 scheduled to be opened on 17.03.2023 and last date of submission is on 14.03.2023 (up to 5.00 pm). For more details visit: https:/ /wbtenders.gov.in
Sd/- Pradhan
Amgachia Gram Panchayat

ভারতের পর্যটন সেক্টরকে নতুন উচ্চতা দিতে হলে দীর্ঘমেয়াদি পরিকল্পনা করতে হবে ঃ প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৩ মার্চ ঃ ভারতের পর্যটন সেক্টরকে নতুন উচ্চতা দিতে হলে দীর্ঘমেয়াদি পরিকল্পনা করতে হবে। বললেন প্রধানমন্ত্রী নারেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, চিরাচরিত ধ্যানধারণার বাইরে ভাবতে হবে আমাদের। শুক্রবার ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে মিশন মোডে উন্নয়নশীল পর্যটন বিষয়ে বাজেট পরবর্তী একটি ওয়েবিনারে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী।

এই ওয়েবিনারে প্রধানমন্ত্রী বলেছেন, পর্যটকদের জন্য যখন সুযোগ সুবিধা বাড়ে, তখন পর্যটকদের মধ্যে আকর্ষণ বাড়ে। এর ফলে পর্যটকদের সংখ্যা ব্যাপকভাবে বৃদ্ধি পায়, আমরা দেশে তা প্রত্যক্ষ করছি। প্রধানমন্ত্রী বলেছেন, আমরা যখন পর্যটন নিয়ে কথা বলি, তখন কেউ কেউ মনে করেন এটি একটি অভিনব শব্দ এবং এটি শুধুমাত্র তাঁদেরই প্রতিনিধিত্ব করে যারা সচ্ছল। ভারতের প্রেক্ষাপটে, পর্যটনের পরিধি বিশাল এবং তা আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যের অংশ। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেছেন, পর্যটন সেক্টরের জন্য চিরাচরিত ধ্যানধারণার বাইরে ভাবতে হবে আমাদের।

হিমাচলের বিলাসপুরে ট্যুরিস্ট বাস উল্টে মৃত্যু ১, আহত ৪০

বিলাসপুর, ৩ মার্চ ঃ হিমাচল প্রদেশের বিলাসপুরে ট্যুরিস্ট বাস উল্টে প্রাণ হারালেন একজন পর্যটক। দুর্ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে ৪০ জন। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে একটি মেয়ের। হরিয়ানার ওই ট্যুরিস্ট বাসটি হিমাচল প্রদেশের মানালির দিকে যাচ্ছিল।শুক্রবার সকালে বিলাসপুর জেলায় চন্ডীগড় মানালি সড়কের ওপর দুর্ঘটনাটি ঘটেছে। নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি উল্টে যায়। স্থানীয় বাসিন্দারাই প্রথমে উদ্ধারকাজে হাত লাগান, আহতদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। একজনের চন্ডীগড়ের পিজিআই তে ভর্তি করা হয়েছে। একজনের মৃত্যু হয়েছে। বাসের চালকের বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুলিশ।

রেলপথ মন্ত্রণালয়ের (রেলওয়ে বোর্ড) অধীনে, আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের অংশ হিসেবে, ইস্টার্ন রেলওয়ে স্পোর্টস অ্যাসোসিয়েশন (ইআরএসএ) ইস্টার্ন রেলওয়ে সদর দপ্তরের গেট নং ১, ফেয়ারলি প্লেস থেকে ২ নং গেট পর্যন্ত একটি ওয়াকথনের আয়োজন করেছে। এতে ইস্টার্ন রেলওয়ে স্পোর্টস অ্যাসোসিয়েশনের সদস্যরা এবং বিভিন্ন ক্ষেত্রের ক্রীড়াবিদরা ওয়াকথনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছিলেন।

গৃহস্থালি

আদা-রসুনের খোসা ছাড়াতে প্রচুর সময় লাগে? কি করবেন দেখে নিন

একটু ভালমন্দ রান্নার শখ থাকলে রান্নাঘরে আদা রসুন তো লাগবেই। রান্নার আগে আবার কষ্ট করে তার খোসাও ছাড়াতে হবে। কেউ ছুরি ব্যবহার করেন কেউ বটি। তবে হাতিয়ার যাই হোক না কেন আদা রসুন ছাড়ানো কিন্তু অনেকের কাছে বেশ কষ্টসাধ্য বিষয়। এই কষ্ট লাঘব করার কয়েকটি উপায় রয়েছে। এতে সহজেই আদা রসুনের খোসা ছাড়িয়ে নিতে পারবেন।

চামচ ব্যবহার করুন। এর গোলাকার দিক দিয়ে আদার খোসা ছাড়ানো সহজ হবে। রসুনের মাথার দিকে চাপ দিলে তার খোসাও অনায়াসে ছাড়িয়ে নিতে পারবেন।

রান্নাঘরে বেলন নিশ্চয়ই আছে। তা দিয়েও সহজে আদা রসুনের খোসা ছাড়িয়ে নিতে পারেন। কোনও পরিষ্কার জায়গায় এই দুই উপাদান রাখবেন। হালকাভাবে বেলন দিয়ে কয়েকবার বেলে নেবেন। এতে খোসা আলগা হয়ে যায়। চামচ, বেলনের বদলে অনেকে ছুরিও আদা রসুন ছোলার ক্ষেত্রে ব্যবহার করেন। এতে কাজ সহজ হয়। তবে সাবধানও থাকবেন যাতে হাত না কেটে যায়।

এছাড়া পিলার তো রয়েছে। তা দিয়ে আদার খোসা অনেক সহজেই ছাড়িয়ে নেওয়া যায়। এখন আবার গার্লিক পিলার অর্থাৎ রসুন ছাড়ানোর আধুনিক সরঞ্জামও বেরিয়ে গিয়েছে।

রসুন ছাড়ানোর ক্ষেত্রে মাইক্রোওয়েভও ব্যবহার করতে পারেন। খোসা সমেত রসুন ১০ থেকে ১৫ সেকেন্ড মতো মাইক্রোওয়েভে গরম করে নিন। এতে খোসা নরম হয়ে যাবে আর সহজেই ছাড়ানো যাবে।

জলও খুব সাহায্য করে আদা রসুন ছাড়াতে। কিছুক্ষণ ভিজিয়ে রাখুন। এতে খোসা নরম হয়ে যাবে আর ছাড়াতে সুবিধে হবে।

ঘরের সাজে ফুলদানি

আসবাব ঘরের সৌন্দর্য বাড়ায়। ঘরের পরিবেশকে মোহনীয় করে

ফুল। সুবাস ছড়ায় অন্দরে। আর সেই ফুলকে ধারণ করতে প্রয়োজন দৃষ্টিনন্দন ফুলদানি। মনে রাখবেন, ফুলের সৌন্দর্য মূলত ফুটে ওঠে নকশাদার ফুলদানিতে।

ফুল আর ফুলদানির রঙের সমন্বয় ঘটাতে পারলে তো কথাই নেই। ঘর হয়ে উঠবে একদম ফিট। ঘরের কোণ, শোকেসের ওপরে ফাঁকা জায়গা, টিভির ওপর, ড্রেসিং টেবিলের ওপর বা বেডসাইড টেবিলে রাখতে পারেন মনের মতো ডিজাইনের ফুলদানি। ফুলের ঘ্রাণ বেশি নিতে চাইলে বিছানার কাছেই রাখতে পারেন। মনে রাখবেন, যেখানেই ফুলদানি রাখুন না কেন, ঠিক মানিয়ে যাবে। ফুল নির্বাচনের ক্ষেত্রে সিদ্ধান্ত পুরোটাই আপনার। ঘ্রাণের কথা চিন্তা করলে সাদা ফুল বেশি প্রাধান্য পাবে। রং আর সৌন্দর্যের কথা চিন্তা করলে বাহারি নানা জাতের ফুল প্রাধান্য পেতে পারে। শুধু ফুল রাখার পাত্র হিসেবেই নয়, শোপিস হিসেবেও ফুলদানির থাকে সমান কদর। ক্রেতাদের রুচির প্রতি খেয়াল রেখে বিক্রেতারা রকমারি ফুলদানির পসরা সাজান। দেশি ফুলদানি তো আছেই! পাশাপাশি চায়না, জাপান, থাইল্যান্ড, ইরান এবং ভারতের তৈরি ফুলদানিও পাওয়া যাচ্ছে বাজারে। আছে বাঁশ, বেত, কাঠ, মাটি থেকে শুরু করে সিরামিক, ক্রিস্টাল, প্লাস্টিক ও ফাইবার উপাদানের তৈরি ফুলদানি।

ছোট, মাঝারি কিংবা বড় তিন ধরনের ফুলদানি পাওয়া যাচ্ছে বাজারে। ত্রিভুজ, চৌকোণা, ডিম্বাকৃতির ফুলদানি ক্রেতার রুচিতে ঘটায় ভিন্নতা। তবে ঘরের সাজে মেঝেতে ফুলদানি রাখতে চাইলে সেটা হতে হবে বড়। আর টেবিলে ফুলদানি সাজিয়ে রাখতে চাইলে মাঝারি কিংবা ছোট হওয়াই ভালো। ঘরে দেশীয় ঘরানার মাটির ফুলদানি ঐতিহ্যের সংমিশ্রণ ঘটায়। কিছু ফুলদানিতে ঘড়ি কিংবা পেনহোল্ডার লাগানো, কোনোটা দেওয়ালে ঝুলানো, আবার কোনোটা টেবিল ল্যাম্প সেট করা আছে। ফুলদানির এমন বৈশিষ্ট্যই ক্রেতাকে আকৃষ্ট করবেই।

পাত্রে ফুলের পাপড়ি সাজাবেন কীভাবে

চারদিকে এখন নানা ফুলের সমারোহ। হবেই না কেন? প্রকৃতিতে এখন চলছে বসন্তকাল। জানা অজানা নানা ফুলে উচ্ছল চারদিক। এ সময়ে ঘরের কোণে ফুলের উপস্থিতিতেই আসতে পারে স্নিগ্ধতা।

অনেকেই এ সময়ে ঘর সাজাতে ফুলের ব্যবহার করে থাকেন। ফ্যাশন ডিজাইনারা তাই করে থাকেন। তাদের মতে, যান্ত্রিক যুগে ফুলের এ ধরনের পরিবেশনা মনটাকে সতেজ করে। তবে এই ফুল যে শুধু ফুলদানিতে রাখতে হবে, তা নয়। শখ করে কেনা ফুলের গুচ্ছ থেকে দু একটি ফুল ছোট হয়ে ভেঙে যেতেই পারে। সেসব পাপড়িই একটি মাটির পাত্রে জল দিয়ে ছড়িয়ে দিতে পারেন।

ঘর সাজাতে ফুল রাখার এ পাত্র তেমন দামি বা জমকালো হওয়ারও প্রয়োজন নেই। মাটির তৈরি কালো চাড়ির আকারের পাত্র হলেই চলবে। এ পদ্ধতিতে ফুল পরিবেশন করাটা অনেকটাই সহজ। আর এ ধরনের পাত্রে ফুল রাখলে যোগ হয় আলাদা সৌন্দর্য।

এভাবে পাত্রে ফুল সাজাতে চাইলে পাত্রের আকার ও আকৃতির ওপর নির্ভর করে জল দিতে হবে। বড় পাত্রে অল্প জল বা ছোট পাত্রে বেশি জল দিলে হবে না। এক সজ্জাবিদ জানান, পাত্রের আকারের তিন ভাগের এক ভাগ জল দিতে হবে। এর ওপর পাপড়ি ছিটালে সেটা যেকোনো জায়গা থেকেই দেখা যাবে। দূরে দাঁড়িয়ে থাকলেও যেমন দেখা যাবে, আবার বসে থাকলেও সেটা দেখা যাবে। জল অবশ্যই প্রতিদিন বদলে দিতে হবে।

ঘরের কোন জায়গায় এই ফুলের পাত্র রাখবেন, নির্ভর করবে ঘরের অন্যান্য আসবাব ও অন্দরসাজের ওপর। পাত্রে ভাসমান মোমবাতি দিলে এক কোনায় রাখা যেতে পারে। এর ওপর যদি স্পটলাইটের আলো পড়ে, তাহলে তো কথাই নেই। তবে কোনার কোনো জায়গায় রাখতে না পারলেও সমস্যা নেই। টেবিলেও রাখতে পারেন।

হরিয়ানার আম্বালায় বাস ও ট্রেলারের সংঘর্ষে মৃত ৮, আহত ৪

আম্বালা, ৩ মার্চ ঃ হরিয়ানার আম্বালায় ট্রেলারের সঙ্গে সংঘর্ষের জেরে দুর্ঘটনার কবলে পড়ল একটি বেসরকারি বাস। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৮ জনের এবং ৪ জন আহত হয়েছেন। শুক্রবার দুর্ঘটনাটি ঘটেছে আম্বালার শাহজাদপুরে কাক্কার মাজরা গ্রামের কাছে। পুলিশ জানিয়েছে, হিমাচল প্রদেশের বাড়ি থেকে উত্তর প্রদেশের বরেলি অভিমুখে যাচ্ছিল বেসরকারি বাসটি। শুক্রবার কাক্কার মাজরা গ্রামের কাছে একটি ট্রেলারের সঙ্গে বেসরকারি বাসের সংঘর্ষ হয়। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৮ জনের ও ৪ জনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। মৃতদের মধ্যে ৬টি দেহ নারায়ণগড়ের সিভিল হাসপাতালে পাঠানো হয়েছে, বাকি দু''টি দেহ পাঁচকুলার হাসপাতালে পাঠানো হয়েছে। হরিয়ানার পানিপতে দুর্ঘটনার কবলে পড়ল একটি ট্রাক্টর ট্রলি। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৩ মহিলার, এছাড়াও ১৬ জন আহত হয়েছেন। আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। শুক্রবার ভোররাতে দুর্ঘটনাটি ঘটেছে পানিপতের ৪৪ নম্বর জাতীয় সড়কের ওপর সমালখায় ঝাটিপুর গ্রামের কাছে। পুলিশ জানিয়েছে, উঝা গ্রামের বাসিন্দারা ট্রাক্টর ট্রলিতে চেপে বাড়ি ফিরছিলেন। সমালখার চুলকানা গ্রামের খাটু শ্যাম ধাম থেকে তাঁরা ফিরছিলেন। বাড়ি ফেরার পথে দুর্ঘটনার কবলে পড়ে তাঁদের ট্রাক্টর ট্রলি, তাতেই ৩ মহিলার মৃত্যু হয়েছে ও ১৬ জন আহত হয়েছেন।

রাহুল গান্ধীর নেতৃত্বে কংগ্রেসের স্তর দিন দিন কমছেঃ অমিত শাহ

বিদর, ৩ মার্চ ঃ কংগ্রেসের বিরুদ্ধে তোপ দাগলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও বিজেপি নেতা অমিত শাহ। শুক্রবার কর্ণাটকের বিদরে এক জনসভায় তিনি বলেছেন, রাহুল গান্ধীর নেতৃত্বে কংগ্রেসের স্তর দিন দিন কমছে। তাঁরা স্লোগান দিচ্ছেন ''মোদী তেরি কবর খুদেগি'', আম আদমি পার্টির লোকজন বলছে ''মোদী তুমি মরো''। ভগবান আপনাদের কথা শুনবেন না, কারণ দেশের ১৩০ কোটি মানুষ মোদীজির দীর্ঘায়ু কামনা করছে।অমিত শাহ আরও বলেছেন, এই জায়গা সর্দার প্যাটেলের অবদানকে কখনই ভুলতে পারে না, যিনি পুলিশ অ্যাকশনের সাহায্যে এই অঞ্চল ও দেশকে নিজামদের কবল থেকে মুক্ত করতে সাহায্য করেছিলেন। অমিত বলেন, আমাদের সরকার কর্ণাটকের মহান উন্নয়ন নিশ্চিত করেছে এবং ধর্মীয়ভাবে অনুচ্ছেদ ৩৭১ জে অনুসরণ করছে।

অমিত শাহ বলেছেন, জেডিএস এবং কংগ্রেস উভয়ই পরিবারতান্ত্রিক দল, তারা কখনই কর্ণাটকের কল্যাণ করতে পারে না। সিদ্দারামাইয়া দিল্লিতে বসবাসকারী একটি ''পরিবারের'' জন্য এটিএম হওয়া ছাড়া আর কিছুই করেননি। তিনি দুর্নীতি ছাড়া আর কিছুই করেননি। আমি আপনাদের সকলকে অনুরোধ করছি এই ধরনের মানুষজনকে কখনই কোনও সুযোগ দেবেন না।

দোলযাত্রার জন্য ও হোলির জন্য বিশেষ পরিষেবা

কলকাতা, ০৩ মার্চ ঃ ব্লু লাইনে দোলযাত্রার জন্য ০৭.০৩.২০২৩ (মঙ্গলবার) তারিখে মেট্রো ৬০টি পরিষেবা চালাবে (২৮৮টি পরিষেবার পরিবর্তে ৩০ আপ ৩০

ডাউন। এর মধ্যে, ৫৮টি পরিষেবা (২৯ ঙ্গগু ২৯ ত্তুগ) কবি সুভাষ এবং দক্ষিণেশ্বরের মধ্যে চালানো হবে। সেই দিন, পরিষেবাগুলি ১৪.৩০ টা থেকে শুরু হবে। এই রুট প্রথম পরিষেবাকবি সুভাষ থেকে দক্ষিণেশ্বরে ০৬.৫০ টার পরিবর্তে ১৪.৩০ টায়। দম দম থেকে কবি সুভাষ পর্যন্ত ০৬.৫০ ঘণ্টার পরিবর্তে ১৪.৩০ ঘণ্টায়। দমদম থেকে দক্ষিণেশ্বরে ০৬.৫৫ ঘণ্টার পরিবর্তে ১৪.৩০ ঘণ্টায়।০৭.০০ টার পরিবর্তে দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ পর্যন্ত ১৪.৩০ টায়। শেষ পরিষেবার সময় অপরিবর্তিত থাকবে হোলির জন্য ০৮.০৩.২০২৩ (বুধবার) তারিখে ২৮৮টি পরিষেবার পরিবর্তে ১৮৮টি পরিষেবা (৯৪ আপ ৯৪ ডাউন) চালানো হবে। এর মধ্যে, ১৬৪টি পরিষেবা (৮২ আপ ৮২ ডাউন) কবি সুভাষ এবং দক্ষিণেশ্বরের মধ্যে চালানো হবে। প্রথম এবং শেষ পরিষেবার সময় অপরিবর্তিত থাকবে। গ্রীন লাইনে দোলযাত্রার জন্য ০৭.০৩.২০২৩ (মঙ্গলবার) তারিখে মেট্রো ১০৬টি পরিষেবার পরিবর্তে ২২টি পরিষেবা (১১ ঙ্গগু ১১ ত্তুগ) চালাবে। ওই দিন, এই রুটে পরিষেবা শুরু হবে ১৫.০০ টা থেকে। ১৫.০০ ঘঃটা থেকে ২০.২০ ঘন্টা পর্যন্ত ৩০ মিনিটের ব্যবধানে পরিষেবাগুলি উপলব্ধ হবে। উভয় টার্মিনাল স্টেশন থেকে শেষ পরিষেবা ২০.০০ টায় পাওয়া যাবে। হোলির জন্য ০৮.০৩.২০২৩ (বুধবার) তারিখে ১০৬টি পরিষেবার পরিবর্তে ৯০টি পরিষেবা (৪৫ আপ ৪৫ ডাউন) চালানো হবে। প্রথম এবং শেষ পরিষেবার সময় অপরিবর্তিত থাকবে। বেগুনি লাইনে ০৭.০৩.২০২৩ তারিখে কোনও পরিষেবা থাকবে না তবে এই লাইনে ০৮.০৩.২০২৩ তারিখে সাধারণ পরিষেবাগুলি উপলব্ধ থাকবে।

ত্রিপুরা বিধানসভা নির্বাচন

পোস্টাল ব্যালটে ভোটের অধিকাংশ রায় গিয়েছে বিজেপির বিরুদ্ধে

আগরতলা, ৩ মার্চ ঃ ত্রিপুরায় সপ্তম বেতন কমিশন এবং শেষ মুহূর্তে ১২ শতাংশ মহার্ঘ ভাতা দিয়েও সরকারি শিক্ষক কর্মচারীদের মন জয়ে ব্যর্থ হয়েছে বিজেপি। অন্তত, পোস্টাল ব্যালটের ভোটের হারে এমনটা মনে হওয়া অস্বাভাবিক নয়। অবশ্য, ২০১৮ সালে বিধানসভা নির্বাচনেও পোস্টাল ব্যালট বিজেপির বিরুদ্ধেই গিয়েছে। তেইশের বিধানসভা নির্বাচনে পোস্টাল ব্যালটে ৬৩৪৮০ টি সংগ্রহ হয়েছে। তাতে, ২৩০০৬টি ভোট বিজেপির ঝুলিতে গেছে। ইভিএমের পাশাপাশি পোস্টাল ব্যালট প্রার্থীদের জয়ের ক্ষেত্রে যথেষ্ঠ গুরুত্ব বহন করে থাকে। অনেকক্ষেত্রে দেখা গেছে, পোস্টাল ব্যালটে প্রাপ্ত ভোট দুই প্রার্থীর মধ্যে জয়ের ব্যবধান তৈরি করে দিয়েছে। অবশ্য, তেইশের বিধানসভা নির্বাচনে এমন কোন নজির চোখে পড়েনি। কিন্তু, পোস্টাল ব্যালটে ভোটের হার রাজনৈতিক দলের প্রতি সরকারি শিক্ষক কর্মচারীদের চিন্তাধারার বহিপ্রকাশ ঘটিয়ে থাকে।

নির্বাচনের কমিশনের প্রাপ্ত তথ্যে দেখা গেছে, পোস্টাল ব্যালটে

৬৩৮৪০টি ভোট সংগ্রহ হয়েছে। তাতে, বিজেপি ২৩০০৬টি, কংগ্রেস ৫৫৯০টি, সিপিএম ১৯৫৭৮টি, তিপরা মথা ১৪০৭৭টি, তৃণমূল কংগ্রেস ২৯৩টি, নোটা ৫৭৯টি এবং অন্যান্য ৭১৭টি ভোট পেয়েছে। এই ছবি স্পষ্ট করে দিয়েছে, পোস্টাল ব্যালটে ভোট প্রদানকারীদের বড় অংশ বিজেপির বিরুদ্ধে রায় দিয়েছেন। সবচেয়ে অবাক করার বিষয় হল, টাকারজলা কেন্দ্রে বিজেপি পোস্টাল ব্যালটে মাত্র ২৯টি ভোট পেয়েছে। সেই তুলনায় সিপিএম ৫০টি এবং তিপরা মথা সর্বোচ্চ ১০৩৩টি ভোট পেয়েছে। তেমনি, আশারামবাড়ি কেন্দ্রে পোস্টাল ব্যালটে বিজেপি ৩২টি ভোট পেয়েছে। অন্যদিকে, সিপিএম ৯২টি এবং তিপরা মথা ৫০৯টি ভোট পোস্টাল ব্যালটে পেয়েছে। সেক্ষেত্রে শিক্ষক কর্মচারীদের মন জয়ে আগামী পাঁচ বছর বিজেপিকে বাড়তি কসরত করতে হবে।

কর্ণাটকে ৩০০ একর জমিতে হবে আইফোনের কারখানা

বেঙ্গালুরু, ৩ মার্চ ঃ কর্ণাটকে ৩০০ একর জমিতে হবে আইফোনের কারখানা। আর তার ফলে এক লাখ মানুষের কর্মসংস্থান হবে। শুক্রবার এমনটাই জানালেন কেন্দ্রীয় মন্ত্রী রাজীব চন্দ্রশেখর এবং কর্ণাটকের মুখ্যমন্ত্রী বাসবরাজ বোম্মাই। আইফোনের নির্মাতা সংস্থা ফক্সকনকে বেঙ্গালুরুর কাছে জমি দেওয়া হয়েছে। ৩০০ একরের ম্যানুফ্যাকচারিং ইউনিটটি অ্যাপল ফোনের বৃহত্তম উৎপাদন ইউনিটগুলির মধ্যে একটি বলে জানা গিয়েছে। ব্লুমবার্গের প্রতিবেদনে বলা হয়েছে, তাইওয়ানের কোম্পানি, যার ফ্ল্যাগশিপ ইউনিট হোন হাই প্রেসিজন ইন্ডাস্ট্রি কোম্পানির জন্যও পরিচিত, স্থানীয় বাজারে উৎপাদন বাড়াতে নতুন কারখানায় ৭০০ মিলিয়ন ডলার বিনিযগে করার পরিকল্পনা করছে। টুইটারে এই খবরটি শেয়ার করেছেন কেন্দ্রীয় ইলেকট্রনিক্স এবং আইটি প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখর। তিনি দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কর্ণাটকের মুখ্যমন্ত্রী বাসবরাজ বোম্মাইয়ের 'ডাবল ইঞ্জিন সরকার'-এর প্রশংসা করেছেন। তিনি আরও বলেছেন, এই বিনিয়োগ 'কর্নাটকের জন্য অনেক সুযোগ' তৈরি করবে। সংস্থার চেয়ারম্যান হয়ং লিউর নেতৃত্বে ফক্সকন ম্যানেজমেন্টের ১৭ সদস্যের একটি প্রতিনিধিদল শুক্রবার বিমানবন্দরের কাছে ক্যাম্পাসটি ঘুরে দেখেছে। ফক্সকনের চেয়ারম্যান হয়ং লিউ বলেন, 'বিশ্বের কোম্পানিগুলির কাছে বেঙ্গালুরু প্রথম পছন্দের গন্তব্য। এদিন সন্ধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সাক্ষাৎ করতে নয়াদিল্লি যাবে প্রতিনিধি দলটি।

বিল গেটস ও অশ্বিনী বৈষ্ণবের মধ্যে আলোচনা সম্পন্ন

মালিগাঁও, ৩ মার্চ, ২০২৩ ঃ রেল, যোগাযোগ, বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব সম্প্রতি আমেরিকান বিজনেস ম্যাগনেট, বিনিয়োগকারী, মাইক্রোসফ্টএর সহ প্রতিষ্ঠাতা বিল গেটসের সঙ্গে বার্তালাপ করেন। এই বার্তালাপের সময় স্বাস্থ্য, কৃষি ইত্যাদির মতো খণ্ডগুলিতে বিভিন্ন ডিজিটাল পরিষেবার মাধ্যমে ভারতে যে ইতিবাচক পরিবর্তন তৈরি হয়েছে সেই সম্পর্কে

আলোচনা হয়। ভারতের ডিজিটাল উদ্যোগের প্রশংসা করে বিল গেটস বার্তালাপের সময় উল্লেখ করেন যে, ডিজিটাল সর্বজনীন পরিকাঠামোতে ভারতের দক্ষতা সমগ্র বিশ্বের কাছে প্রেরণা হয়ে উঠতে পারে। এটি ভারতের জন্য বিশ্বজুড়ে উন্নত খণ্ডগুলিতে ডিজিটাল পরিষেবা গ্রহণের নেতৃত্ব প্রদানের সময়। শ্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে অনুষ্ঠিত বৈঠক সম্পর্কে তিনি টুইটার ও ইনস্টাগ্রামের মতো সামাজিক মাধ্যমেও পোস্ট করেছেন।

নবনির্মিত এলএইচবি শেডের উদ্বোধন করছেন উত্তর পূর্ব রেল মহাব্যবস্থাপক শ্রী চন্দ্র বীর রমন এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা।

শালিমার-পাটনা-শালিমারের মধ্যে হোলি বিশেষ ট্রেন চালাবে

কলকাতা, ৩শে মার্চঃ হোলি উৎসবের সময় যাত্রীদের অতিরিক্ত ভিড়ের কথা মাথায় রেখে, দক্ষিণ পূর্ব রেলওয়ে শালিমার-পাটনা-শালিমারের মধ্যে হোলি স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে ০৬.০৩.২০২৩ তারিখে শালিমার ছেড়ে এবং ০৭.০৩.২০২৩ তারিখে পাটনা ছেড়ে যাবে-০৮১১৩ শালিমার-পাটনা হোলি স্পেশাল ০৬.০৩.২০২৩ তারিখে ১৮.১০ ঘটিকায় শালিমার ছাড়বে এবং ০৭.০৩.২০২৩ তারিখে ১১.৩০ ঘটিকা পাটনা পৌঁছবে। ফেরার পথে, ০৮১১৪ পাটনা-শালিমার হোলি স্পেশাল ০৭.০৩.২০২৩ তারিখে ১২.৩০টায় পাটনা ছেড়ে যাবে এবং ০৮.০৩.২০২৩ তারিখে ০৪.০০টায় শালিমার পৌঁছাবে। বিশেষ ট্রেনটির সাঁতরাগাছি, খড়গপুর, টাটানগর, চান্দিল, মুড়ি, রামগড় ক্যান্ট, বারকাকানা, হাজারিবাগ টাউন, কোডারমা, গয়া ।

বি.আর. সিং হাসপাতাল রোগীদের জন্য উন্নত কার্ডিয়াক ইমেজিং শুরু

কলকাতা, ৩ মার্চ ঃ তার কর্মচারী এবং সুবিধাভোগীদের সুপার স্পেশালিটি স্ট্যান্ডার্ড চিকিৎসা সুবিধা প্রদানের প্রয়াসে, শিয়ালদহের বি.আর. সিং হাসপাতালের অ্যাডভান্সড কার্ডিয়াক সেন্টার, ১লা মার্চ ২০২৩ থেকে রোগীদের জন্য নিয়মিত ট্রান্সসোফেজিয়াল ইকোকার্ডিওগ্রাম (টিইই) শুরু করেছে।এটি ইমেজিংয়ের একটি আধা আক্রমণকারী মোড যেখানে হৃৎপিণ্ডের উচ্চ মানের ছবি পেতে ইমেজিং প্রোবটি রোগীর খাদ্যনালীতে (খাদ্য নল) ঢোকানো হয়। এই প্রক্রিয়ায়, রোগীর ঝুঁকি ন্যূনতম, এবং অ্যানেস্থেশিয়া ছাড়াই ডে কেয়ার ভিত্তিতে পদ্ধতিটি করা যেতে পারে। যেহেতু প্রোবটি হৃৎপিণ্ডের খুব কাছাকাছি, এটি প্রচলিত ইকোকার্ডিওগ্রাফির তুলনায় উচ্চ মানের ছবি প্রদান করে এবং ৩ ডি পুনর্গঠিত চিত্রগুলির বিকাশকে সহজতর করে। এটি জন্মগত হৃদরোগের নির্ণয়ের একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার যেমন অ্যাট্রিয়াল সেপ্টাল ত্রুটি এবং পালমোনারি শিরাগুলির অসামঞ্জস্যের পাশাপাশি হৃৎপিণ্ডের অভ্যন্তরে রক্ত জমাট বাঁধা এবং সংক্রামক ফোসি চিত্রিত করা। অধিকন্তু, ফ্লুরোস্কোপির প্রয়োজনীয়তা কমিয়ে টিইই ব্যবহার করে অ্যাট্রিয়াল এবং ভেন্ট্রিকুলার সেপ্টাল ত্রুটির পারকিউটেনিয়াস বন্ধ করা যেতে পারে, যার ফলে রোগীর বিকিরণ ঝুঁকি হ্রাস পায়। এটি ওপেন হার্ট সার্জারি এবং বেলুন ভালভুলোপ্লাস্টির মতো পারকিউটেনিয়াস হস্তক্ষেপের জন্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসাবে কাজ করে। পূর্ব ভারতের খুব কম কেন্দ্র রোগীদের জন্য এই উন্নত ইমেজিং কৌশল অফার করে এবং এটি একটি গর্বের মুহূর্ত যে বি আর সিং রেলওয়ে হাসপাতাল হাসপাতালের এই অভিজাত গ্রুপে যোগদান করেছে।

সন্দীপ দেশপান্ডের উপর প্রাণঘাতী হামলা

মুম্বই, ৩ মার্চ ঃ শুক্রবার হামলার শিকার হলেন মহারাষ্ট্র নবনির্মাণ সেনার (এমএনএস) সাধারণ সম্পাদক সন্দীপ দেশপান্ডে। মুম্বইয়ের দাদর এলাকার শিবাজি পার্কে মর্নিং ওয়াক করার সময় ঘটনাটি ঘটে। বর্তমানে হিন্দুজা হাসপাতালে চিকিৎসাধীন দেশপান্ডে। রাজনৈতিক শত্রুতার জেরে অজ্ঞাত দুর্বৃত্তরা এ হামলা চালিয়েছে বলে ধারণা করা হচ্ছে। জানা গিয়েছে, শুক্রবার সকালে সন্দীপ দেশপান্ডে শিবাজি পার্কে হাঁটছিলেন, তখন অজ্ঞাত ৪ জন তার ওপর হামলা চালায়। ক্রিকেটে ব্যবহৃত স্টাম্প দিয়ে আক্রমণ করা হয় দেশপান্ডেকে। এ সময় চার হামলাকারীরই মুখ কাপড়ে ঢেকে রাখা হয়। হামলাকারীদের ধারণা ছিল সন্দীপ দেশপান্ডে শিবাজি পার্কে মর্নিং ওয়ার্ক করতে যায়। হামলার পর হামলাকারীরা সেখান থেকে পালিয়ে যায়।

গ্রিসে দু'টি ট্রেনের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু বেড়ে ৫৭

এথেন্স, ৩ মার্চ ঃ গ্রিসে দু'টি ট্রেনের মুখোমুখি সংঘর্ষের ঘটনায় মৃতের সংখ্যা বেড়েই চলেছে, সর্বশেষ পাওয়া খবর অনুযায়ী মৃত্যু হয়েছে অন্ততপক্ষে ৫৭ জনের। আহতের সংখ্যা বহু। এই ট্রেন দুর্ঘটনায় কর্তৃপক্ষ রেল নেটওয়ার্ক তত্ত্বাবধানে ব্যর্থতার কথা স্বীকার করেছে। এরপরই রেলের বিরুদ্ধে শুরু হয়েছে বিক্ষোভ। স্থানীয় সময় অনুযায়ী বৃহস্পতিবার এথেন্সে রেলের সদর দফতরের বাইরে বিক্ষোভ দেখান কমপক্ষে ৭০০ জন বিক্ষোভকারী। বিক্ষোভকারীরা জানিয়েছেন, আমরা বর্তমান সরকারের ওপর ক্ষুব্ধ, অতীতের সরকারগুলির ওপরও ক্ষুব্ধ যারা গ্রীক রেলওয়ের অবস্থার উন্নতির জন্য কিছুই করেনি। পুলিশ জানিয়েছে, উত্তরের শহর থেসালোনিকিতে বিক্ষোভকারীরা পাথর ও পেট্রোল বোমা নিক্ষেপ করলে, পরিস্থিতি হিংসাত্মক হয়ে ওঠে। প্রসঙ্গত, ট্রেন সংঘর্ষের ব্যাখ্যা দিতে গিয়ে কর্তৃপক্ষ জানিয়েছে, মানবিক ত্রুটিই দুর্ঘটনার নেপথ্যে কারণ।

ভারতকে অপমান করার অভ্যাস রয়েছে রাহুল গান্ধীর ঃ অনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ৩ মার্চ ঃ কংগ্রেস নেতা রাহুল গান্ধীর বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর। বললেন, রাহুল আবারও বিদেশের মাটিতে হৈচৈ শুরু করেছেন, পেগাসাস তাঁর মনে রয়েছে। অনুরাগ আরও বলেন, মিথ্যা কথা বলার ও ভারতকে অপমান করার অভ্যাস রয়েছে রাহুল গান্ধীর। প্রসঙ্গত, লন্ডনের কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের সামনে বক্তব্য রাখার কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তোপ দেগেছেন রাহুল। পেগাসাস নিয়েও মন্তব্য করেছেন রাহুল। এরই প্রেক্ষিতে রাহুলকে আক্রমণ করলেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। অনুরাগ শুক্রবার এক সাংবাদিক বৈঠকে বলেছেন, রাহুল গান্ধী আবারও বিদেশের মাটিতে হৈচৈয়ের কাজ করছেন। পেগাসাস তাঁর মনে আছে। প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে সমগ্র বিশ্বে ভারতের প্রতি শ্রদ্ধা বেড়েছে এবং বড় বড় নেতারা তা বলছেন। রাহুল গান্ধীর শোনা উচিত ইতালির প্রধানমন্ত্রী প্রধানমন্ত্রী মোদী সম্পর্কে যা বলেছেন। অনুরাগ আরও বলেছেন, রাহুল গান্ধীর মিথ্যা কথা বলা এবং ভারতকে অপমান করার অভ্যাস রয়েছে। স্বাভাবিকভাবেই কংগ্রেসের এজেন্ডা নিয়ে প্রশ্ন উঠেছে।

বৃষ্টি হয়েই চলেছে কাশ্মীরে

শ্রীনগর, ৩ মার্চ ঃ বৃষ্টি হয়েই চলেছে কাশ্মীরে, বিগত ২৪ ঘন্টায় কাশ্মীর উপত্যকার সর্বত্রই হালকা থেকে মাঝারি বৃষ্টি হয়েছে। বৃষ্টির সৌজন্যে কাশ্মীরের সর্বত্রই কমেছে তাপমাত্রার পারদ, পহেলগাম থেকে গুলমার্গ, শ্রীনগর থেকে কাজিগুন্দ সর্বত্রই কমেছে তাপমাত্রা। জম্মু কাশ্মীরের আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ২৪ ঘঃটায় বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে জম্মু ও কাশ্মীরে। শুক্রবার শ্রীনগরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৬.৬ ডিগ্রি সেলসিয়াস, সেখানে সকাল ৮.৩০ মিনিট পর্যন্ত ৫.৭ মিলিমিটার বৃষ্টি হয়েছে, পহেলগামে তাপমাত্রা কমে ১.৭ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে, সেখানে ১৮.১ মিলিমিটার বৃষ্টি হয়েছে। গুলমার্গে এদিন সকালে তাপমাত্রা ছিল মাইনাস ০.৬ ডিগ্রি সেলসিয়াস, লাদাখের লেহ তে মাইনাস ৪.৮ ডিগ্রি সেলসিয়াস, কার্গিলে মাইনাস ২.৪ ডিগ্রি সেলসিয়াস। জম্মুতে তাপমাত্রা কমে ১২.৭ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে।

গুরুগ্রাম হাইওয়েতে গাড়ি ও ট্রাকের সংঘর্ষ

ফরিদাবাদ, ৩ মার্চ ঃ হরিয়ানার ফরিদাবাদে যাত্রীবোঝাই গাড়ি ও ট্রেলার ট্রাকের সংঘর্ষে প্রাণ হারালেন ৬ জন যুবক। শুক্রবার ভোররাত ১.৩০ মিনিট নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে ফরিদাবাদ গুরুগ্রাম হাইওয়ের ওপর মাঙ্গের চকের কাছে। মৃত যুবকদের নাম যতীন, আকাশ, বিশাল, সন্দীপ, বলজিৎ ও পুনিত। সকলের বয়স ২৫-৩০ বছরের মধ্যে। পুলিশ জানিয়েছে, শুক্রবার ভোররাত ১.৩০ মিনিট নাগাদ ফরিদাবাদ গুরুগ্রাম হাইওয়ের ওপর মাঙ্গের চকের কাছে একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে ট্রেলার ট্রাকে ধাক্কা মারে। দুর্ঘটনাস্থলেই মৃত্যু হয় ৬ জন যুবকের। মৃত যুবকদের বাড়ি পালওয়ালে, গুরুগ্রামে একটি অনুষ্ঠান থেকে নিজেদের বাড়িতে ফিরছিল তাঁরা। পুলিশ মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে।

NIQ No-08/DPD-VI, DPMU II, WBMIFMP OF 2022-2023

Sealed quotation is invited by Deputy Project Director (Civil)-VI, DPMU-II, WBMIFMP, I & W Dte, Jalasampad Bhawan, 9 th Floor, Kol-91 from Bonafied Agencies/Organization, Contractors & General order suppliers for "Procurement of Cartridge for SPMU and DPIU Howrah(I) Divn, WBMIFMP" Last date of receiving application-**14.03.2023 up to 02.00PM.** All document and details can be obtained from the office of DPMU-II, WBMIFMP, 9th Floor, Jalasampad Bhawan, Kol-91".

Sd/- Deputy Project Director (Civil)-VI, DPMU-II, WBMIFMP, Irrigation & Waterways Dte.

মালদা মেডিকেল এবং হাসপাতালের উদ্যোগে পালন হল বিশ্ব শ্রবণ দিবস

দুরন্ত বার্তা, মালদা, ৩ মার্চ ঃ মালদা মেডিকেল কলেজ এবং হাসপাতালের উদ্যোগে শুক্রবার সকালে পালন করা হল বিশ্ব শ্রবণ দিবস। মেডিক্যাল কলেজের আউটডোরে অনুষ্ঠিত বিশ্ব শ্রবণ দিবসে উপস্থিত ছিলেন মালদা মেডিকেল কলেজ হাসপাতালের অধ্যক্ষ পার্থপ্রতিম মুখোপাধ্যায়, মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালের নাক, কান এবং গলার বিভাগীয় প্রধান উৎপল জানা সহ চিকিৎসক এবং নার্সরা। জানা যায় এদিন বিশ্ব শ্রবণ দিবসকে সামনে রেখে উপস্থিত রোগী এবং আত্মীয়দের মধ্যে শ্রবণ শক্তির গুরুত্ব এবং কিভাবে এটিকে রক্ষা করতে পারি তা নিয়ে বিস্তারিতভাবে আলোচনা এবং সচেতনতা করা হয়। তার পাশাপাশি কমিউনিকেশনের ক্ষেত্রে কানের গুরুত্ব কতটা তাই কানের যত্ন কিভাবে নিবেন তাও এদিন বিস্তারিতভাবে আলোচনা করা হয়।

প্রবেশ নিষিদ্ধ গৌর প্রাঙ্গণে বসন্ত বন্দনা ঃ আশাহত জনসাধারণ

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ৩ মার্চ ঃ বোলপুরবাসী, ব্যবসায়ী সম্প্রদায়, জন সাধারণ, পর্যটকদের বঞ্চিত করতে প্রথমে পৌষমেলা ও তারপরে বসন্ত উৎসব বন্ধ করে শান্তি নিকেতন গড়লেন উপাচার্য। ঘেরাটোপের গণ্ডিতেই হলো এবারের বসন্ত বন্দনা। এই ব্যাপারে প্রাক্তন ভারপ্রাপ্ত উপাচার্য সবুজ কলি সেন বলেন, প্রাক্তন উপাচার্য অম্লান দত্তের আমলেও একবার অন্যদিন বসন্ত উৎসব হয়েছে। তবে, তিনি মানুষকে নিয়েই বসন্ত উৎসব করেন। মানুষকে বাদ দিয়ে কোনদিন আশ্রমে বসন্ত উৎসব হয় নি। শুক্রবার অনুষ্ঠিত হলো বসন্ত বন্দনার মূল অনুষ্ঠান। ২ মার্চ সন্ধ্যা থেকে লোকসংস্কৃতি উৎসব হয়। সেদিনই রাত নটায় গৌরপ্রাঙ্গনে বৈতালিকের মাধ্যমে শুরু হয় বসন্ত বন্দনা। ৩ মার্চ অর্থাৎ শুক্রবার ভোর পাঁচটায় বৈতালিক, সাতটায় গৌরপ্রাঙ্গনে শোভাযাত্রা ও অনুষ্ঠান, সন্ধ্যা সাতটায় গৌরপ্রাঙ্গনে নৃত্যনাট্য মায়ার খেলা এবং সন্ধ্যা সাড়ে ছটায় পূর্ণ দাস বাউলের গান অনুষ্ঠিত হয়। বিশ্বভারতী সূত্রে জানা গেছে, কবির বালকপুত্র শমীন্দ্রনাথ ১৯০৭ সালে খেলাচ্ছলে এই ঋতু-উৎসবের সূচনা করেছিলেন। বছরের বাঁধা ধরা একটা দিনে আশ্রমে উৎসব হত না এমনটা নয়। ১৯২৩ সালে মাঘী পূর্ণিমায় শান্তিনিকেতনে বসন্ত উৎসব পালিত হয়। ফাল্গুনী পূর্ণিমায় আশ্রম-সম্মিলনীর অধিবেশনে আবারও আয়োজন করা হয়েছিল বসন্ত - বন্দনার। সে বারই শ্রীপঞ্চমীর দিনও আম্রকুঞ্জের সভায় বসেছিল উৎসবের আসর। তাই নির্দিষ্ট দিনে হবে তাও যেমন ঠিক ছিল না, তেমনি স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়াও হয়। ১৯৮২ সালে বসন্ত উৎসব স্থগিত রাখার সিদ্ধান্ত নেন তদান্তীন উপাচার্য অম্লান দত্ত। পরে অবশ্য নিয়ম রক্ষার বসন্ত উৎসব পালিত হয়।

নদীয়ায় স্টেশনের কাছেই ভয়াবহ দুর্ঘটনা, ট্রেনের ধাক্কা চার চাকার গাড়িতে

দুরন্ত বার্তা, নদীয়া, ৩ মার্চ ঃ নদীয়ার চাকদহ এবং শিমুরালির মাঝে পালপাড়া স্টেশনের কাছেই ভয়াবহ দুর্ঘটনা। ট্রেনের সামনে চলে আসে একটি চারচাকার গাড়ি। ট্রেনটিতে ধাক্কা লেগে একেবারে তুবড়ে যায় চার চাকার গাড়িটি। ভয়াবহ ঘটনাটি ঘটেছে শুক্রবার দুপুরে। বরাত জোরে রক্ষা পেয়েছেন গাড়িতে থাকা যাত্রী। গুরুতর আহত হয়েছেন কয়েকজনে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শান্তিপুর লোকাল যাচ্ছিল মনসাপোঁতা দিয়ে। সাড়ে ১১টা নাগাদ শান্তিপুর থেকে ছাড়ে সেই ট্রেন। শিয়ালদহের দিকে যাওয়ার সময় পালপাড়া স্টেশনের আগেই ঘটনাটি ঘটে। সূত্রের খবর, গুরুতর আহত হয়েছেন কয়েকজন। তাঁদের স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। গাড়িটিকে উদ্ধার করে রেল লাইনের বাইরে নিয়ে যাওয়া হয়। স্থানীয় কারও গাড়ি বলেই মনে করা হচ্ছে। আপাতত ট্রেন চলাচল স্বাভাবিক বলেই জানা গিয়েছে। কোনওভাবে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি রেল লাইনে উঠে পড়েছে নাকি এর পিছনে অন্য কোনও কারণ আছে, খতিয়ে দেখা হচ্ছে।

বুড়িরহাট এলাকায় তৃণমূল কংগ্রেসের গাড়ি মিছিল

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩ মার্চ ঃ দিনহাটায় তৃণমূলের গাড়ির র‍্যালি বের হল। শুক্রবার দিনহাটা শহরের সংহতি ময়দান থেকে এই রেলি বের হয়ে ভেটাগুড়ি হয়ে দিনহাটা বিধানসভা কেন্দ্রের বিভিন্ন এলাকায় পরিক্রমার উদ্দেশ্যে রওনা হয়। সূচনা লগ্নে উপস্থিত ছিলেন পৌরসভার চেয়ারম্যান গৌরীশংকর মাহেশ্বরী, তৃণমূল নেতা বিশু ধর, দলের দিনহাটা ২ ব্লক সভাপতি দীপক কুমার ভট্টাচার্য্য, তৃণমূলের দিনহাটা এক বি ব্লক সভাপতি অনন্ত বর্মন, মহিলা তৃণমূলের ব্লগ সভানেত্রী ডালিয়া চক্রবর্তী প্রমুখ। তৃণমূল নেতৃত্ব জানান গত কয়েকদিন আগে কেন্দ্রীয় মন্ত্রী বিরাট গাড়ির কনভয় নিয়ে বুড়িরহাট সহ বিভিন্ন এলাকায় যান এবং তার ফলে এর গোটা এলাকা অশান্ত হয়ে ওঠে। সেই এলাকাগুলিতে মানুষের মধ্যে শান্তি ফিরিয়ে আনতে এবং তৃণমূল কর্মীরা যে পাশে রয়েছে সেই অভয় দিতে এদিন এই গাড়ির র‍্যালি বলে দলীয় নেতৃত্ব জানান।

নকল ডিমের আতঙ্ক মানিকচকে

দুরন্ত বার্তা, মালদা, ৩ মার্চ ঃ নকল ডিমের আতঙ্ক মানিকচকের পুষ্টিকর ও সুষম খাবারের মধ্যে পড়ে ডিম। সেই ডিম যদি নকল বা প্লাস্টিকের হয় তাহলে তো আতঙ্ক হবেই বলা যেতে পারে। এমন এক দৃশ্য দেখা গেল মালদার মানিকচকের এনায়েতপুর এলাকায় । জানা গেছে, টিফিন করার উদ্দেশ্যে বেশ কয়েকটি ডিম আনা হয়েছিল এনায়েতপুরের একটি ডিম ব্যবসায়ীর কাছ থেকে। সিদ্ধ করার পর ডিম খেতে গিয়ে চক্ষু চড়কগাছ ডিম ক্রেতা সুনন্দ মজুমদারের। দেখেন ডিমের মধ্যে যে কুসুম রয়েছে তা দেখতে একেবারে পিচের মতো কালো বলে দাবি ক্রেতা সুনন্দ মজুমদারের। তিনি আরো বলেন আমার মনে হয় ডিম নকল। তিনি প্রশাসনের কাছে যাচাইয়ের অনুরোধ করেছেন। পাশাপাশি শিক্ষিকা সুপর্ণা মানিক বলেন, ডিম পুষ্টিকর খাবার আর তাতেই যদি এমনই ঘটনা। ডিম ভেঙে দেখা যাচ্ছে ভেতরে কালো রঙের কি যেনো আছে। এই ডিম শিশু থেকে শুরু করে গর্ভবতী মায়েরাও খায়। প্রশাসনের কাছে অনুরোধ করবো যাতে এমন ডিম বাজারে আর বিক্রি না হয়। এবিষয়ে ডিম ব্যবসায়ী আজমির বলেন, আমি ডিম কিনে এনেছি মিল্কী থেকে। কোনো দিন এরকম হয়নি। কি ভাবে হলো বুঝতে পারছি না।

নদীয়ায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ভস্মীভূত একাধিক বসত বাড়ি, ঘটনাস্থলে দমকলের দুটি ইঞ্জিন

গোপাল বিশ্বাস, নদীয়া, ৩ মার্চ ঃ সাত সকালে নদীয়ায় ঘটে গেল ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা, ঘটনায় ক্ষতিগ্রস্ত একাধিক বাড়ি। এমনি মর্মান্তিক ঘটনাটি ঘটেছে নদীয়ার ভীমপুর থানার কুলগাছি মাঠপারা এলাকায়। সূত্রের খবর আগুনে পুড়ে ভষ্মিভূত চার থেকে পাঁচটি বাড়ি। স্থানীয় সূত্রে জানা যায় মুর্শিদাবাদের বিভিন্ন এলাকা থেকে বেশ কয়েকটি সাঁওতাল, আদিবাসী পরিবার দীর্ঘদিন ধরে বসবাস করছে এই এলাকায়। এদিন সকালে রান্নাঘরে রান্না করতে গিয়ে ঘটে এই ঘটনা। স্থানীয়রাই আগুন দেখতে পেয়ে ঘটনাস্থলে এসে আগুন নেভানোর চেষ্টা করে, পাশাপাশি খবর দেওয়া হয় দমকল বাহিনীকেও। আগুনের তীব্রতা অতিমাত্রায় বেড়ে যাওয়ায় তা ছড়িয়ে পড়ে, এবং আরো বেশ কয়েকটি বাড়িতে ভয়াবহ আগুন ছড়িয়ে পড়ে । খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ভীমপুর থানার পুলিশ ও দমকলের দুটি ইঞ্জিন। বেশ খানিকটা সময়ের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয় দমকল বাহিনীর কর্মীরা। স্থানীয় সূত্রে আরও জানা যায় এই ঘটনায় প্রায় চার থেকে পাঁচটি বাড়ি আগুনে পুড়ে ভস্মীভূত হয়ে যায়, পাশাপাশি তাদের বেশ কয়েকটি পরিবারের সবর্স্ব আগুনে পুরে নষ্ট হয়ে যায় বলেও জানা যায়। এমনকি নগদ অর্থ, আধার কার্ড, দলিল সহ প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ নথি ও কাগজ পত্রও এই অগ্নিকাণ্ডে ভস্মীভূত হয় বলেও স্থানীয় সূত্রে জানা যায়। যদিও এই ঘটনায় ব্যাপক আতঙ্কের সৃষ্টি হয় এলাকায় । সামগ্রিক ঘটনার তদন্ত শুরু করেছে ভীমপুর থানার পুলিশ।

সাগরদিঘি থেকে কংগ্রেসের জয়ে নকশালবাড়ি ব্লক কংগ্রেসে উৎসাহ

দুরন্ত বার্তা, নকশালবাড়ি, ৩ মার্চ ঃ দীর্ঘদিন পর পশ্চিমবঙ্গের নির্বাচনে ব্যাপক ভোটে জয়ী কংগ্রেস। সাগরদিঘির কংগ্রেস প্রার্থী বাইরন বিশ্বাস ২৫ হাজারের অধিক ভোটে জয়ী হয়। আজ সেই খুশিতে মেতে উল্টো নকশালবাড়ি ব্লক কংগ্রেস। এদিন বাগডোগরায় নকশালবাড়ি ব্লক কংগ্রেস সভাপতি অমিতাভ সরকারের নেতৃত্বে আবির খেলায় মেতে ওঠেন কংগ্রেসের দলীয় কর্মীরা। পাশাপাশি মানুষজনদের মিষ্টিমুখ করানো হয়। নকশালবাড়ি ব্লক কংগ্রেস সভাপতি অমিতাভ সরকার জানান, মাধ্যমিক পরীক্ষার কারণে তারা এই মুহূর্তে কোনো বড়ো মিছিল করা হয় নি। তবে আগামী রবিবার নকশালবাড়ি কংগ্রেস কার্যালয়ে একটি সম্মেলন অনুষ্ঠিত হবে বলে তিনি জানান।

সুইমিং পুলের আনুষ্ঠানিক সূচনা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩ মার্চ ঃ দীর্ঘ ৪ বছর বাদে আজ থেকে আবারও আনুষ্ঠানিকভাবে শুরু হলো বিকাশ ঘোষ মেমোরিয়াল সুইমিং পুল। ২০১৯ সাল থেকে বন্ধ থাকা কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম সংলগ্ন বিকাশ ঘোষ মেমোরিয়াল সুইমিং পুলের আনুষ্ঠানিক শুভ সুচনা করেন শিলিগুড়ি কর্পোরেশনের মেয়র গৌতম দেব। এদিনের এই অনুষ্ঠানে মেয়র ছাড়াও উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র রঞ্জন সরকার,কমিশনার সোনম ওয়াংদি ভুটিয়া, পুর-চেয়ারম্যান প্রতুল চক্রবর্তী, ১২ নম্বর ওর্য়াড কাউন্সিলর বাসুদেব ঘোষ সহ একাধিক বোরো চেয়ারম্যান সহ অন্যান্যরা।

ফাঁড়ির উদ্বোধন

সুজিত দত্ত, পূর্ব বর্ধমান, ৩ মার্চ ঃ প্রশাসনিক কাজে সুবিধার জন্য পূর্ব বর্ধমানের জামালপুরে জামালপুর থানার অন্তর্গত জৌগ্রাম পুলিশ ফাঁড়ি নতুন করে নির্মাণ করা হয়। শুক্রবার এই পুলিশ ফাঁড়ির উদ্বোধন করা হ'ল। উদ্বোধন করেন পূর্ব বর্ধমান জেলার পুলিশ সুপার আই পি এস কামনাশীষ সেন। পুলিশ সুপার ছাড়াও উপস্থিত ছিলেন বর্ধমান সদর দক্ষিণ মহকুমা পুলিশ আধিকারিক সুপ্রভাত চক্রবর্তী, সি আই অরূপ ভৌমিক, জামালপুর থানার আইসি রাকেশ সিং, জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি ভূতনাথ মালিক, পূর্ত কর্মাধক্ষ্য মেহেমুদ খান সহ অন্যান্যরা। নতুন পুলিশ ফাঁড়ির উদ্বোধনে খুশি এলাকার মানুষ।

হোলিতে মাতল পরীক্ষার্থীরা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩ মার্চ ঃ এক বছরের দীর্ঘ প্রস্তুতির অবসান শুক্রবার শেষ হল ২০২৩ মাধ্যমিক পরীক্ষা। এদিন ছিল মাধ্যমিকের ভৌতবিজ্ঞান পরীক্ষা। পরীক্ষা শেষে আনন্দ হুল্লোরে মেতে উঠল মাধ্যমিক পরীক্ষার্থীদের। জলপাইগুড়ি জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের সামনে একই চিত্র দেখা গেল। পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষার্থীরা মেতে উঠল আবির খেলায়। রীতিমতো একে অপরকে রংবেরঙের আবির লাগিয়ে আনন্দে মেতে উঠতে দেখা গেল পরীক্ষার্থীদের।

সুপারভাইজারের বিরুদ্ধে ক্ষোভে পরিষেবা বন্ধ রাখল অ্যাম্বুলেন্স ড্রাইভাররা

দুরন্ত বার্তা, বর্ধমান, ৩ মার্চ ঃ সুপারভাইজারের বিরুদ্ধে ক্ষোভ জানিয়ে পূর্ব বর্ধমান জেলা জুড়ে ১০২ অ্যাম্বুলেন্স পরিষেবা বন্ধ রেখে বিক্ষোভে সামিল হল পরিষেবার সাথে যুক্ত ড্রাইভার ও টেকনিশিয়ানরা। সুপার ভাইজার পদত্যাগ না করলে অ্যাম্বুলেন্স পরিষেবা স্বাভাবিক হবে না বলে হুঁশিয়ারি আন্দোলনকারীদের। এই প্রকল্পে জেলায় ৬২ টি অ্যাম্বুলেন্স এই পরিষেবা দিয়ে থাকে। প্রায় ১৮৪ জন কর্মী এই পরিষেবার সাথে যুক্ত আছে। পূর্ব বর্ধমান জেলার বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতাল, কাটোয়া হাসপাতাল, কালনা হাসপাতাল সহ বিভিন্ন ব্লক স্বাস্থ্য কেন্দ্র এবং উপ স্বাস্থ্য কেন্দ্রে মেলে এই জরুরি পরিষেবা। আন্দোলনকারীদের অভিযোগ, সুপার ভাইজার গৌতম কুন্ডু তাদের সঙ্গে খারাপ ব্যবহার করে। আট ঘন্টার জায়গায় তাদের ১২ ঘন্টা ডিউটি করতে বাধ্য করা হয়। অতিরিক্ত ডিউটি করতে না চাইলে তাদের কাজ থেকে তাড়িয়ে দেবার হুমকি দেওয়া হয়। গত ১ মার্চ অ্যাম্বুলেন্সে রোগীকে গন্তব্যে পৌঁছে ফেরার পথে পথ দুর্ঘটনায় গুরুতর জখম হন টেকনিশিয়ান রামকৃষ্ণ দাস ও অ্যাম্বুলেন্স চালক। তাদের গুরুতর জখম অবস্থায় কলকাতার হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসারত অবস্থায় রামকৃষ্ণ দাস মারা যান। অভিযোগ সেই সময়ও প্রয়োজনীয় পদক্ষেপ নেয়নি সুপার ভাইজার। তাই সুপার ভাইজারকে অবিলম্বে বরখাস্ত করতে হবে এই দাবি নিয়ে গতকাল রাত থেকে ১০২ অ্যাম্বুলেন্স পরিষেবা বন্ধ রেখেছেন চালকরা। যদিও তাদের দাবী জরুরী রেফার পরিষেবা তারা চালু রেখেছেন। অন্যান্য সমস্ত পরিষেবা বন্ধ আছে। যতক্ষণ তাদের দাবী না মিটবে ততক্ষণ তারা গাড়ি চালাবে না বলে সাফ কথা আন্দোলনকারীদের। গৌতম কুন্ডুর সাথে ফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, ড্রাইভাররা অবৈধভাবে রোগীর পরিবারের কাছ থেকে টাকা নেয়। আমি তার বিরুদ্ধে হওয়ায় আমাকে টার্গেট করা হচ্ছে। যদিও এইবিষয়ে ১০২ অ্যাম্বুলেন্স কর্তৃপক্ষের কোন বক্তব্য পাওয়া যায়নি। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক প্রনব রায় দ্রুত পরিষেবা স্বাভাবিক করার ব্যাপারে পদক্ষেপের কথা জানিয়েছেন।

ঝাড়গ্রামে বনদফতরের গাড়ির উপর হামালা চালাল হাতি

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ৩ মার্চ ঃ মাধ্যমিক পরীক্ষার্থীরা যাতে নিরাপদে পরীক্ষাকেন্দ্রে পৌঁছাতে পারে তার জন্য জঙ্গলের রাস্তায় বনকর্মীরা হাতি তাড়ানোর বিশেষ গাড়ি ঐরাবত নিয়ে পাহার দিচ্ছিলেন। সেই সময় হঠাৎ করে একটি হাতি রাস্তায় বেরিয়ে এসে বনদফতরের গাড়িটির উপর হামালা চালায়। শুক্রবার দুপুরে এই ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম জেলার মাণিকপাড়া রেঞ্জের কলসীভাঙ্গা এলাকায়। জানা গিয়েছে এদিন দুপুরে কলসীভাঙ্গার জঙ্গল এলাকায় বনদফতরের হাতি তাড়ানোর বিশেষ গাড়ি ঐরাবত নিয়ে পাহারা দিচ্ছিলেন। সেই সময় হঠাৎ করে একটি হাতি গাড়িটিকে তাড়া করে এগিয়ে আসে। বনদফতর সুত্রে জানা গিয়েছে গাড়িটিকে ভাঙ্গার চেষ্টা করে হাতিটি। তবে হাতিটি সেভাবে গাড়িটির ক্ষতি করতে পারেনি বলে জানা গিয়েছে বনদফতর সূত্রে। এই ঘটনার পর বনদফতরের পক্ষ থেকে এলাকার মানুষজনকে মাইকিং করে সচেতন করেন। যাতে হাতিটিকে কোনো ভাবে উত্ত্যক্ত না করে তার জন্য আবেদন করেন বনকর্মীরা। এদিকে ভর দুপুরে হাতি রাস্তায় বেরিয়ে এসে আক্রমণ চালানোর পর ব্যাপক আতঙ্কিত হয়ে পড়েন এলাকার বাসিন্দারা। বাসিন্দারা হাতিটিকে দ্রুত এলাকা থেকে তাড়ানোর দাবি করেন। উল্লেখ্য মাধ্যমিকের প্রথম দিন পরীক্ষা কেন্দ্রে যাওয়ার সময় শিলিগুড়ি এলাকায় হাতির তান্ডবে মৃত্যু হয় এক পরীক্ষার্থীর। সেই ঘটনার পর থেকে জঙ্গলমহলের মাধ্যমিক পরীক্ষার্থীরা যাতে জঙ্গলের রাস্তা দিয়ে যাতে নিরাপদে যাতায়াত করতে পারে তার জন্য পাহারা দেন বনকর্মীরা। বনদফতর জানিয়েছে ওই এলাকায় একটি হাতি রয়েছে। বনদফতরের কর্মীরা হাতিটিকে মণিটারিং করছেন। এবিষয়ে বনদফতর। এবিষয়ে ঝাড়গ্রামের ডিএফও শেক ফরিদ বলেন, হাতিটি জঙ্গল থেকে বেরিয়ে এসে গাড়িটির উপর হামলা চালায়। গাড়ির সামনে কাঁচটি ক্ষতি হয়েছে।

'মৃত ছেলের রক্তমাখা ভাত খাওয়ানো হয়েছিল বৃদ্ধা মাকে', কংগ্রেসকে সাঁইবাড়ির ইতিহাস মনে করালেন কুণাল

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মার্চ ঃ সাগরদিঘির ভোটে তৃণমূলকে হারিয়ে জয়ী হয়েছেন বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী বাইরন বিশ্বাস। আর তারপর থেকেই বাম-কংগ্রেস নির্বাচনী বোঝাপড়ার সমীকরণ নিয়ে নতুন করে চর্চা শুরু হয়েছে। সামনেই রাজ্যে পঞ্চায়েত ভোট, সেখানেও কি বাম-কংগ্রেস হাত ধরাধরি করে ময়দানে নামবে? এই নিয়ে যখন জোর জল্পনা, তখন তৃণমূল মুখপাত্র তথা শাসক দলের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ স্মরণ করিয়ে দিচ্ছেন সাঁইবাড়ি গণহত্যার কথা। সালটা ছিল ১৯৭০। ১৭ মার্চ। তখনও তৃণমূল কংগ্রেস গঠিত হয়নি। সেই সময় বর্ধমানের সাঁইবাড়িতে এক ভয়ঙ্কর ঘটনার সাক্ষী থেকেছিল গোটা বাংলা। কংগ্রেস কর্মী ও সমর্থকরা সেই সময় সিপিএম-এর কর্মী-সমর্থকদের হাতে আক্রান্ত হয়েছিলেন বলে অভিযোগ। একই পরিবারের তিনজনের মৃত্যু হয়েছিল, মারা গিয়েছিলেন এক গৃহশিক্ষকও। সেই কথা স্মরণ করিয়ে দিয়ে কুণাল ঘোষ বলেন, 'একের পর এক মৃত্যুই কেবল নয়, মৃত ছেলের রক্তমাখা ভাত খাওয়ানো হয়েছিল বৃদ্ধা মাকে। নৃশংস গণহত্যা হয়েছিল। সেই ঘটনার প্রতিবাদে আগামী ১৭ মার্চ সাঁইবাড়ি দিবসে বর্ধমান সহ বিভিন্ন জায়গায় সিপিএম-এর সন্ত্রাস, গণহত্যা, নির্যাতন আবারও তুলে ধরা হবে।' সাঁইবাড়ি দিবসে তৃণমূলের কর্মসূচির কথা জানিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীর উদ্দেশে কুণালের প্রশ্ন, কংগ্রেস গলা মেলাবে কি না তৃণমূলের সঙ্গে। জানতে চাইলেন, 'সাঁইবাড়ির প্রতিবাদ হবে তো?' সেই সঙ্গে তৃণমূল মুখপাত্রের বক্রোক্তি, 'প্রতিবাদ তৃণমূলই করে চলেছে, আপনারা তো বিক্রি হয়ে গিয়েছেন।' যদিও কুণাল ঘোষের এই কটাক্ষের পাল্টা জবাব দিয়েছেন কংগ্রেস নেতা সৌম্য আইচ রায়ও। কুণাল ঘোষকে তাঁর পরামর্শ, 'বাংলায় পঞ্চায়েত নির্বাচনের সময় যে হত্যা ও রক্তপাত হয়েছে, সেই নিয়ে পথে নামুন। আমরাও কুণাল ঘোষের সঙ্গে পথে নামব। নিজেদের অপকর্ম ঢাকতে অন্যের চাদর ব্যবহারের মধ্যে কোনও বাহাদুরি আছে বলে আমি মনে করি না। সাঁইবাড়ি নিয়ে ওনাদের এত দরদ উথলে পড়ছে, তাহলে রেজ্জাক মোল্লার মতো সিপিএম নেতাকে দলে নিয়েছেন কেন? কমল গুহর ছেলে উদয়ন গুহ কোন গান্ধীবাদী আন্দোলনের নেতা ছিলেন? সেই সময় যাঁরা সিপিএম- এর হার্মাদ ছিল, আজ তাঁদের তৃণমূল দলে নিয়েছে। এখন কুণালবাবুরা দেখাতে চাইছেন তাঁরা সিপিএম বিরোধী। তাঁরা এখন ধরা পড়ে গিয়েছেন, তাই এসব বলছেন। প্রতিদিন বোমা উদ্ধার হচ্ছে।'

বীরভূমে উদ্ধার প্রায় ১০০ তাজা বোমা, আগ্নেয়াস্ত্র

দুরন্ত বার্তা, রামপুরহাট, ৩ মার্চ ঃ দিনভর তল্লাশি চালিয়ে বীরভূমের সাঁইথিয়া এলাকায় বলাইচণ্ডী ও সিজা গ্রাম থেকে প্রায় ১০০ তাজা বোমা উদ্ধার করল পুলিশ। বোমার পাশাপাশি আগ্নেয়াস্ত্রও উদ্ধার করেছে তদন্তকারীরা। বৃহস্পতিবার রাত পর্যন্ত তল্লাশি চালিয়ে এই বোমা বাজেয়াপ্ত করা হয়েছে। গোপন সূত্রে খবর পেয়ে বীরভূম জেলা পুলিশ বৃহস্পতিবার তল্লাশি অভিযানে নামে। সেই তল্লাশি অভিযানে নেমে বীরভূমের সাঁইথিয়া এলাকায় বলাইচণ্ডী ও সিজা গ্রাম থেকে প্রায় ১০০ তাজা বোমা উদ্ধার করে পুলিশ। মোট পাঁচটি ড্রাম ভর্তি শতাধিক বোমা উদ্ধার হয়েছে। তাজা বোমা উদ্ধারের পাশাপাশি, সাঁইথিয়ার বহরাপুর গ্রামের একটি পরিত্যক্ত বাড়ি থেকে বোমা তৈরির মশলাও বাজেয়াপ্ত করে তদন্তকারীরা। প্রায় ২ কেজি বোমা তৈরির মশলা উদ্ধার করেছে পুলিশ। এদিন তল্লাশি অভিযানে নেমে সাঁইথিয়ার বাতাসপুর এলাকা থেকে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। তার কাছ থেকে দুটি মাস্কেট, দুটি ওয়ান সাটার বন্দুক ও ছয় রাউন্ড গুলি উদ্ধার করেছে পুলিশ।

কারখানায় চলেছে আবির তৈরির কাজ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩ মার্চ ঃ সামনেই হোলি তাই শিলিগুড়ি ইস্ট্রান বাইপাস সংলগ্ন শাস্ত্রি নগর এলাকায় কারখানায় জোরকদমে চলেছে আবির তৈরির কাজ। বিভিন্ন রঙের আবির তৈরি হচ্ছে এই কারখানায়। মূলতঃ এরারুট, ফুলের পাপড়ি এবং রং দিয়েই তৈরি হয় এই আবির, গত লকডাউনে সেরকম ব্যবসা না হলেও এবার আশাবাদী ব্যবসা ভালো হবে। শিলিগুড়ির এই আবির কারখানায় ৩০ - ৩৫ জন কাজ করেন এই আবির তৈরিতে। এই আবির শিলিগুড়ি শহরের মহাবীর স্থান সহ অন্যান্য জায়গার পাশাপাশি শিলিগুড়ির বাইরেও তাদের আবির বিক্রি হয় বলে জানান।

মর্মান্তিক দুর্ঘটনা মুর্শিদাবাদে, মৃত ২

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৩ মার্চ ঃ লরি ও ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষ হয় প্রাণ হারান দুই ব্যক্তি। জানা গিয়েছে, সারগাছি ৩৪ নম্বর জাতীয় সড়কে এই দুর্ঘটনা ঘটেছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শুক্রবার সকাল ৬ টা নাগাদ সারগাছি ৩৪ নম্বর জাতীয় সড়কে একটি লরি ও এক ট্র্যাক্টরের মুখোমুখি সংঘর্ষ হয়। বিকট শব্দ পেয়ে ছুটে আসেন স্থানীয় মানুষজন। তড়িঘড়ি উদ্ধারকাজে হাত লাগান তাঁরা। ঘটনার খবর দেওয়া হয় বেলডাঙা থানায়। খবর পেয়ে ঘটনাস্থলে এসে পৌঁছায় পুলিশ। ঘটনাস্থল থেকে দুটি মৃতদেহ উদ্ধার করে বহরমপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে ময়নাতদন্তের জন্য। দুর্ঘটনার ফলে বেশকিছুক্ষণ ধরে যানযট তৈরি হয় ৩৪ নম্বর জাতীয় সড়কে। ক্ষতিগ্রস্ত লরি ও ট্র্যাক্টরটিকে রাস্তা থেকে সরিয়ে দিয়েছে পুলিশ। অন্যদিকে সাত সকালে দুর্ঘটনায় দুই ব্যক্তির মৃত্যুতে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। কীভাবে এমন ঘটল তার তদন্ত শুরু করেছে পুলিশ। মৃত দুজনের নাম পরিচয় জানার চেষ্টা চালাচ্ছে তদন্তকারীরা। নিয়ন্ত্রণ হারিয়ে এই দুর্ঘটনা নাকি চালক ঘুমিয়ে পড়েছিলেন, নাকি কুয়াশার কারণে দৃশ্যমানতা কমে যাওয়ার জন্য এই মর্মান্তিক ঘটনা ঘটল তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

বধূ নির্যাতনে ধৃত ১

দুরন্ত বার্তা, বর্ধমান, ৩ মার্চ ঃ স্ত্রীকে নির্যাতনের অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পূর্ব বর্ধমান জেলার মন্তেশ্বর থানার পুলিশ। ধৃত সাগর হাজরা মন্তেশ্বরের শুশুনিয়া পঞ্চায়েতের পশ্চিম খরমপুর গ্রামের বাসিন্দা । ধৃতকে শুক্রবার কালনা আদালতে পাঠায় পুলিশ। থানা সূত্রে জানা গেছে, বুধবার শম্পা হাজরা নামে এক মহিলা মন্তেশ্বর থানায় লিখিত অভিযোগে জানান, বিগত কয়েক মাস ধরেই তার স্বামী সাগর হাজরা তার ওপর মানসিক ও শারীরিক নির্যাতন চালাচ্ছে। বুধবার রাতেই সাগরকে গ্রেফতার করেছে পুলিশ।

দোল উৎসব নিয়ে হকাস কর্নারে সেজে উঠেছে নানান রঙের আবিরের দোকান

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩ মার্চ ঃ আর কিছুদিন পরেই বসন্ত উৎসব। বসন্ত উৎসবে রঙ খেলার আনন্দ উৎসবে মেতে ওঠেনা এমন মানুষ

হয়তো খুবই কম দেখা যায়। দোলযাত্রা যেন বসন্তের আহ্বান। এই উৎসবটি যেন জানিয়ে দেয় শীত বিদায় নিয়েছে, এসেছে বসন্তের ছোঁয়া। দোল পূর্ণিমার মূল আকর্ষণ আবির। এই দোল উৎসব নিয়ে শিলিগুড়ির হকাস কর্নারে সেজে উঠেছে নানান রঙের আবিরের দোকান। তার পাশাপাশি ছোট থেকে বড় রং এর পিচকারী, নানান রকমের মুখোশ এবং আরো বিভিন্ন জিনিস। বাজারে দেখা যাচ্ছে ক্রেতাদের ভিড়। প্রত্যেক বছরের মতো এবছরও তাদের ব্যবসায় লাভের মুখ দেখবেন বলে আশাবাদী ব্যবসায়ীরা। এক ব্যবসায়ী জানালেন এ বছর জিনিসের দাম অনেকটাই বেড়েছে কিন্তু মনে কোথাও আশা নিয়ে রয়েছে যে ঠিক প্রত্যেক বছরের মতো এবছরও আবির এবং নানান রঙের জিনিসগুলো ভালোভাবেই বিক্রি হবে।

এলাকার উন্নয়নে বিধায়ক তহবিল থেকে স্বাস্থ্য কেন্দ্রে অ্যাম্বুলেন্স প্রদান

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৩ মার্চ ঃ বিধায়কের এলাকা উন্নয়ন তহবিল থেকে ব্লক স্বাস্থ্য কেন্দ্রে একটি অ্যাম্বুলেন্স প্রদান করলেন ছাতনার বিধায়ক সত্যনারায়ন মুখোপাধ্যায়। বাঁকুড়ার জঙ্গলমহলের ইন্দপুর ব্লক স্বাস্থ্য কেন্দ্রের বি এম ও এইচ এর হাতে আজ আনুষ্ঠানিক ভাবে গাড়ির চাবি তুলে দেন বিধায়ক। অ্যাম্বুলেন্স এর চাবি হাসপাতালের বিএমও এইচ এর হাতে তুলে দিয়ে সত্যনারায়ন বাবু বলেন, এলাকায় অধিবাসীদের দীর্ঘদিনের দাবী ছিল একটি আধুনিক মানের একটি অ্যাম্বুলেন্স, মরনাপন্ন রোগিদের সত্বর হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য যা আবশ্যিক। সেই দাবী পূরন করতে পেরে খুশি তিনি। উল্লেখ্য আদিবাসী অধ্যুষিত ইন্দ্রপুর ব্লকে এই স্বাস্থ্য কেন্দ্র টিই একমাত্র ভরসা। স্বাস্থ্য কেন্দ্রের বি এম ও এইচ এম অ্যাম্বুলেন্স এর চাবি গ্রহন করে বলেন আদিবাসী অধ্যষিত এই এলাকায় স্বাস্থ্য পরিষেবায় সার্বিক উন্নতি ঘটবে।

শিয়ালদহ ডিভিশনে সীমিত উচ্চতার সাবওয়ে নির্মাণের জন্য কিছু ট্রেনের নিয়ন্ত্রণ

শিয়ালদহ ডিভিশনের কৃষ্ণনগর সিটি জংশন–লালগোলা শাখায় সীমিত উচ্চতার সাবওয়ে (এলএইচএস) নির্মাণের জন্য, বেলডাঙা ও সারগাছি স্টেশনের মধ্যে লেভেল ক্রসিং গেট নং ১২১/ই-তে আপ ও ডাউন লাইনে ০৫.০৩.২০২৩ তারিখে (রবিবার) ৯ ঘন্টা ৩০ মিনিটের (সকাল ১০.৪৫ মিনিট থেকে রাত্রি ৮.১৫ মিনিট পর্যন্ত) জন্য ট্র্যাফিক ও পাওয়ার ব্লক-এর প্রয়োজন হবে। এর ফলে, ওইদিন ট্রেন চলাচলের ক্ষেত্রে নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে : ● যে সকল ট্রেন বাতিল : রবিবার (০৫.০৩.২০২৩) : আপ–০৩১৯৩ (কলকাতা–লালগোলা), ৩১৭৭১ (রানাঘাট–লালগোলা), ৩১৮৬১ (কৃষ্ণনগর সিটি জংশন–লালগোলা), ৩১৮১৯ (শিয়ালদহ–কৃষ্ণনগর সিটি জংশন)। ডাউন–০৩১৯৪ (লালগোলা–কলকাতা), ৩১৭৭২ (লালগোলা–রানাঘাট), ৩১৮৬৪ (লালগোলা–কৃষ্ণনগর সিটি জংশন), ০৩১৯২ (লালগোলা–শিয়ালদহ) এবং ৩১৮৪০ (কৃষ্ণনগর সিটি জংশন–শিয়ালদহ)। সোমবার (০৬.০৩.২০২৩) : আপ–০৩১৭১ (শিয়ালদহ–লালগোলা)। ● রবিবার যে সকল ট্রেনের সংক্ষিপ্ত যাত্রা শেষ/শুরু : (১) ৩১৭৭৩ (রানাঘাট–লালগোলা) ট্রেনটি বেলডাঙাতে সংক্ষিপ্ত যাত্রা শেষ করবে এবং ৩১৭৭০ (লালগোলা–রানাঘাট) ট্রেনটি লালগোলার পরিবর্তে বেলডাঙা থেকে সংক্ষিপ্ত যাত্রা শুরু করবে। (২) ০৩১১৫ (শিয়ালদহ–লালগোলা) ট্রেনটি রেজিনগর-এ সংক্ষিপ্ত যাত্রা শেষ করবে এবং রেজিনগর থেকে ০৩১৯২-এর পথে ডাউন প্যাসেঞ্জার স্পেশাল হিসেবে চলবে। (৩) ৩১৭৬৯ (রানাঘাট–লালগোলা) ট্রেনটি বেলডাঙাতে সংক্ষিপ্ত যাত্রা শেষ করবে এবং ৩১৭৭৪ (লালগোলা–রানাঘাট) ট্রেনটি লালগোলার পরিবর্তে বেলডাঙা থেকে সংক্ষিপ্ত যাত্রা শুরু করবে। (৪) ০৩১৯৬ (লালগোলা–শিয়ালদহ) ট্রেনটি লালগোলার পরিবর্তে রানাঘাট থেকে সংক্ষিপ্ত যাত্রা শুরু করবে। ● কিছু ট্রেনের নিয়ন্ত্রণ/পুনর্নির্ধারণ : (১) ১৩১১৪ (লালগোলা–কলকাতা) ট্রেনটি ২ ঘন্টা দেরিতে যাত্রা শুরু করবে অর্থাৎ লালগোলা থেকে সন্ধ্যা ৬.৪৫ মিনিটে ছাড়বে এবং ব্লক শেষ হওয়া পর্যন্ত যাত্রাপথে বহরমপুর কোর্ট স্টেশন পর্যন্ত নিয়ন্ত্রণ করা হবে। (২) ০৩১৮৩ (শিয়ালদহ–লালগোলা) ট্রেনটি ২ ঘন্টা দেরিতে ছাড়বে অর্থাৎ শিয়ালদহ থেকে বেলা ১২.৪০ মিনিটের পরিবর্তে দুপুর ২.৪০ মিনিটে ছাড়বে এবং ব্লক শেষ হওয়া পর্যন্ত যাত্রাপথে বেলডাঙা পর্যন্ত নিয়ন্ত্রণ করা হবে। (৩) ০৩১৯৮ (লালগোলা–শিয়ালদহ) ট্রেনটি ১ ঘন্টা দেরিতে ছাড়বে অর্থাৎ লালগোলা থেকে সন্ধ্যা ৬.৩৫ মিনিটের পরিবর্তে সন্ধ্যা ৭.৩৫ মিনিটে ছাড়বে এবং ব্লক শেষ হওয়া পর্যন্ত যাত্রাপথে কাশিমবাজার পর্যন্ত নিয়ন্ত্রণ করা হবে। (৪) ১৩১১৭ (কলকাতা–লালগোলা এক্সপ্রেস) ট্রেনটি ১ ঘন্টা দেরিতে ছাড়বে অর্থাৎ কলকাতা থেকে বিকাল ৪.১০ মিনিটের পরিবর্তে বিকাল ৫.১০ মিনিটে ছাড়বে। অসুবিধার জন্য দুঃখিত।

ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, শিয়ালদহ

পূর্ব রেলওয়ে
আমাদের অনুসরণ করুন : @EasternRailway
@easternrailwayheadquarter
G20

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Executive Engineer (Electrical)/Lighting/Br.-I/Zone-I, KMC** invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/LTG/Z1/BR1/WD6/22/22-23

Name of the Work: **Installation work of lighting arrangement at the Ghat near Laxmi Press Gali in Ward No. 6, Br.-I.** Estimated Amount: **Rs. 2,49,820.00.** Earnest Money: **Rs. 5,000.00.** Period of Completion: **25 days.** Last Date and Time of Submission of Bid: **15.03.2023 at 1.00 p.m.**

(2) NIT No. : KMC/LTG/Z1/BR1/WD1/24/22-23

Name of the Work: **Installation of lighting arrangement at Cossipore Road and different other places in Ward No. 1, Br.-I.** Estimated Amount: **Rs. 3,49,846.00.** Earnest Money: **Rs. 7,000.00.** Period of Completion: **20 days.** Last Date and Time of Submission of Bid: **16.03.2023 at 2.00 p.m.** The bid forms and other details are available on and from **04.03.2023 at 5.00 p.m.** from the website **https://etender.wb.nic.in [For Sl. No. 1 & 2].**

The **Director General (Electrical), KMC** invites tender online percentage rate two bid systems as per order taken from Hon'ble MMIC (Lighting) dated 31.01.2023 for the following work:

NIT No. : LTG/172/WD-39/BR-IV/Z-II/23-24

Name of the Work: **O&M work of street, bustee and park lighting system in Ward No. 39, Br.-IV.** Estimated Amount: **Rs. 3,96,845.00.** Earnest Money: **Rs. 8,000.00.** Period of Completion: **305 days.** Last Date and Time of Submission of Bid: **21.03.2023 upto 2.30 p.m.** The bid forms and other details are available on and from **21.02.2023 (5.30. p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Dy. Chief Engineer (E)/S&D, KMC** invites e-tender online percentage rate two bid system for the following work:

NIT No. : KMC/PBPS/AD/M-21/2022-23

Name of the Work: **Manufacturing, supply and installation of new mechanical water level indicator at Charu Avenue DPS (LS-6) under PBPS(Drg.)/S&D.** Estimated Amount: **Rs. 1,04,493.00.** Earnest Money: **Rs. 2,200.00.** Period of Completion: **15 days.** Last Date and Time of Submission of Bid: **15.03.2023 at 2.30 p.m.** The bid forms and other details are available on and from **06.03.2023 (5.00. p.m.)** from the website **https://wbtenders.gov.in**

The **Executive Engineer (Civil/HQ), KMC** invites tender online percentage rate two bid system for the following work:

NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/104/2022-23, Dated - 03/03/2023

Name of the Work: **Demolition and disposal of temporary dala shop (87 Nos.) at Kali Temple Road adjacent to Kali Temple Premises at Kalighat under E.E.(Civil/H.Q.) Department.** Estimated Amount (Including GST & LWC): **Rs. 4,74,987.00.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **30 days.** Last Date and Time of Submission of Bid: **16.03.2023 at 11.00 a.m.** The bid forms and other details are available on and from **06.03.2023 (5.00. p.m.)** from the website **https://etender.wb.nic.in**

CORRIGENDUM

NIT No. (1) KMC/EEC/VII/GMBG/13/22-23, (2) KMC/EEC/VII/66/52/22-23/BS published in this Newspaper on **21.02.2023 (Key No. 1103/22-23) (Sl. No. 3 & 5)** of Engineering Civil, Brough-VII, Department. Last date and time of submission of bid will be read as **14.03.2023 upto 12.00 noon** instead of **02.03.2023 upto 12.00 noon** and the tender will be opened on **16.03.2023 at 12.00 noon** instead of **04.03.2023 at 12.00 noon.**

1138/22-23

বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে চলে গেল অস্ট্রেলিয়া

কতটা কঠিন হল ভারতের পথ?

ইন্দোর, ৩ মার্চঃ ইন্দোরে বর্ডার-গাভাসকর ট্রফির তৃতীয় টেস্ট জিতে বাজিমাত করেছে অস্ট্রেলিয়া। ভারতের বিরুদ্ধে চলতি সিরিজ জয়ের আশা নেই স্টিভ স্মিথদের কাছে। তা সত্ত্বেও ইন্দোরে ভারতকে ৯ উইকেটে হারিয়ে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের জন্য যোগ্যতা অর্জন করেছে ক্যাঙারুরা। ২০২৩ ডব্লিউটিসি ফাইনালের প্রথম ফাইনালিস্ট অস্ট্রেলিয়া। এই প্রথম বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে উঠল তারা। ২০২১ সালে প্রথম ডব্লিউটিসি ফাইনালে মুখোমুখি হয়েছিল ভারত ও নিউজিল্যান্ড। ফাইনালে ভারতকে হারিয়ে ইতিহাস গড়ে কিউয়িরা। ইন্দোর টেস্ট জিতলে হাসতে হাসতে জুন মাসে শুরু হতে চলা ডব্লিউটিসি ফাইনালে পা রাখতে পারতেন রোহিত শর্মারা। সেই পরিকল্পনায় জল ঢেলে দিয়েছে অজিরা। ফাইনালে উঠতে গেলে ভারতের সামনে আর কোন পথ খোলা রয়েছে? বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকা অনুযায়ী প্রথম দুইয়ে রয়েছে যথাক্রমে অস্ট্রেলিয়া ও ভারত। ইন্দোর টেস্টের আগে ৬৬.৬ পয়েন্ট পার্সেন্টেজ নিয়ে প্রথম স্থানে ছিল অস্ট্রেলিয়া। ৬৪.০৬ পয়েন্ট নিয়ে ভারত ছিল দুইয়ে। ইন্দোর টেস্টে ভারত ৯ উইকেটে হেরে যাওয়ার পর দুই দলের স্থানের পরিবর্তন ঘটেনি। তবে অস্ট্রেলিয়ার থেকে পয়েন্টের ব্যবধান বেড়েছে ভারতের। বর্তমানে অজিদের পয়েন্ট পার্সেন্টেজ ৬৮.৫২। ভারতের ৬০.২৯। আগামী জুন মাসে ওভাল গ্রাউন্ডে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল খেলতে হলে বর্ডার-গাভাসকর সিরিজের শেষ টেস্ট জিততেই হবে ভারতকে। সিরিজ ৩-০ বা ৩-১ ব্যবধানে জিতলেই ফাইনালে পৌঁছে যাবে টিম ইন্ডিয়া। ৩-০-র পথ বন্ধ হয়ে গিয়েছে। ভারতের লক্ষ্য সিরিজ ৩-১ ব্যবধানে শেষ করা। আমেদাবাদ টেস্ট জিতলে সরাসরি ফাইনালে এন্ট্রি হবে ভারতের। কিন্তু শেষ টেস্ট যদি হেরে যায় ভারত? আমেদাবাদে ম্যাচ ড্র হলেও ফাইনালে যাওয়ার সম্ভাবনা টিকে থাকবে। কিন্তু হেরে গেলে ফাইনালের অঙ্ক জটিল হয়ে দাঁড়াবে। সেক্ষেত্রে তাকিয়ে থাকতে হবে অন্যান্য টিমের দিকে। অস্ট্রেলিয়া ও ভারতের পর পয়েন্ট তালিকার তৃতীয় স্থানে রয়েছে শ্রীলঙ্কা। চলতি মাসের শেষদিকে টেস্ট সিরিজের জন্য নিউজিল্যান্ড সফর রয়েছে শ্রীলঙ্কার। ভারত যদি আমেদাবাদে হেরে যায় এবং একইসঙ্গে কিউয়িদের টেস্ট সিরিজে ২-০ ব্যবধানে হারিয়ে দেয় লঙ্কা টিম, তাহলে রোহিত শর্মা অ্যান্ড কোম্পানির টানা দ্বিতীয়বার বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল খেলা হবে না। যদিও শ্রীলঙ্কা হেরে গেলে ভারতের ফাইনাল খেলা আটকাবে না। শ্রীলঙ্কা ও নিউজিল্যান্ড সিরিজ ড্র হলেও ভারতীয় দল পৌঁছে যাবে ফাইনালে। ভারতের ডব্লিউটিসি ফাইনাল খেলা একপ্রকার নিশ্চিত ধরে নেওয়াই যায়। তবে আশঙ্কা একেবারেই উড়িয়ে দেওয়া যায় না। স্বাভাবিকভাবেই এত জটিলতার মধ্যে পড়তে চাইবেন না রোহিত শর্মারা। তাই আমেদাবাদে বর্ডার-গাভাসকর ট্রফির শেষ টেস্ট জিতে সরাসরি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে পা রাখার মরিয়া চেষ্টা চালাবে ভারত।

‘মিরাকল’ ঘটল না

ইন্দোর টেস্টে হার ভারতের

ইন্দোর, ৩ মার্চঃ মিরাকলের আশা করেছিল ভারত। ৭৬ রানের পুঁজি নিয়েও ইন্দোরের হোলকার স্টেডিয়ামে মাঠে অস্ট্রেলিয়াকে রুখে দিতে মরিয়া ছিলেন রোহিত শর্মারা। কিন্তু সেই পরিকল্পনায় জল ঢেলে দিয়েছেন ট্রাভিস হেড, মার্নাস লাবুশেনরা। উসমান খোয়াজা দ্রুত ফিরলেও অজিদের চাপ কমিয়ে টেস্ট জিতিয়ে মাঠ ছাড়লেন হেড, লাবুশেনরা। তৃতীয় দিনের খেলা শুরুর পর দেড় ঘণ্টাও লাগল না ইন্দোর টেস্টের ফয়সালা হতে। ৯ উইকেটে ইন্দোর টেস্ট হারল ভারত। সিরিজ ২-১ অবস্থায় রয়েছে। প্রথম দুটি টেস্টে নাস্তানাবুদ হওয়ার পর তৃতীয় টেস্ট জিতে জমি খুঁজে পেল অজিরা। পাশাপাশি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালের জন্য যোগ্যতা অর্জন করে ফেলল। এদিকে তৃতীয় টেস্ট জিতলেই বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল নিশ্চিত হয়ে যেত ভারতের। এখনও সুযোগ রয়েছে টিম ইন্ডিয়ার সামনে। আগামী জুন মাসে ডব্লুটিসি ফাইনালে খেলা নিশ্চিত করতে হলে আমেদাবাদে শেষ টেস্ট জিততেই হবে রোহিত শর্মা অ্যান্ড কোম্পানিকে। অস্ট্রেলিয়ার কাছে সিরিজ জেতার সুযোগ নেই। তবে সিরিজ ড্র করার সুযোগ রয়েছে। নাগপুরের পর দিল্লি টেস্টে হারের পর অস্ট্রেলিয়া দলে আমূল পরিবর্তন ঘটেছে। অনেকেই দেশে ফিরে গিয়েছেন। ব্যক্তিগত কারণে অধিনায়ক প্যাট কামিন্স দেশে ফিরে যান। এই পরিবর্তন ঘটতেই কাজ হল ম্যাজিকের মতো। স্ট্যান্ড ইন অধিনায়ক স্টিভ স্মিথের নেতৃত্বে ইন্দোর টেস্ট জিতে আত্মবিশ্বাস ফিরিয়ে আনার পাশাপাশি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে যোগ্যতা অর্জন করে নিল অস্ট্রেলিয়া। তৃতীয় দিনে অস্ট্রেলিয়ার ইনিংসের শুরুতেই উসমান খোয়াজাকে ফিরিয়ে

চেষ্টা ও সাহসের খামতি ছিল

-রোহিত শর্মা

অজি শিবিরকে চাপে ফেলে দেন রবিচন্দ্রন অশ্বিন। এরপর আর উইকেট হারায়নি অস্ট্রেলিয়া। ট্রাভিস হেড তাঁর আগ্রাসী ব্যাটিং এবং মার্নাস লাবুশেনের সঙ্গে জুটি বেঁধে অস্ট্রেলিয়াকে জয় এনে দিলেন। হেডের অবদান ৫৩ বলে ৪৯ রান। লাবুশেন করলেন ২৮ রান। বর্ডার-গাভাসকর ট্রফির তৃতীয় টেস্টে প্রথম দিনের শেষে ব্যাকফুটে ছিল ভারতীয় দল। দ্বিতীয় দিনের শেষেও পরিস্থিতি বদল হয়নি। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতের প্রথম ইনিংস শেষ হয়েছিল মাত্র ১০৯ রানে। দ্বিতীয় ইনিংসে পূজারার (৫৯) অর্ধশতরানের সৌজন্যে ১৬৩ রান করে ভারত। অস্ট্রেলিয়া প্রথম ইনিংসে ৮৮ রানের লিড নিয়েছিল। ভারতের দ্বিতীয় ইনিংসে ৮ উইকেট নেন নাথান লিয়ঁ। ম্যাচ সেরা হলেন তিনিই। তৃতীয় টেস্টে ৯ উইকেটে হার হজম করতে হয়েছে ভারতকে। ৬ বছর পর ভারতের মাটিতে টেস্টে জয়ের স্বাদ পেল ক্যাঙারুরা। অর্ধযুগ পর ভারতের মাটিতে অস্ট্রেলিয়ার জয়কে ভালো চোখে দেখছেন না সমর্থকরা। অধিনায়ক হিসেবে বেশ কিছু সিদ্ধান্তের জন্য রোহিত শর্মার দিকে আঙুল উঠছে। তবে হারের জন্য রোহিত কার দিকে আঙুল তুললেন? নাগপুর ও দিল্লি টেস্টের থেকে ইন্দোরে কোন জায়গায় পিছিয়ে পড়ল ভারত? ম্যাচ পরবর্তী প্রশ্নোত্তর পর্বে হারের কারণ ব্যাখ্যা করলেন অধিনায়ক রোহিত শর্মা। ব্যাটিং ব্যর্থতার দিকে বেশি জোর দেন রোহিত। টিম ইন্ডিয়ার অধিনায়ক বলেন, ‘‘টেস্ট ম্যাচ হেরেছি কারণ বেশ কিছু বিষয় আমাদের পক্ষে যায়নি। ব্যাটিং দিয়ে শুরু করব। আমরা প্রথম ইনিংসে ভালো ব্যাট করতে পারিনি। প্রথম ইনিংসে স্কোরবোর্ডে বেশি রান তোলা কতটা প্রয়োজন তা বুঝেছি। ওরা যখন ৮০-৯০ রানের লিড নিয়ে নিল তখন ব্যাটিংয়ে আমাদের পারফরম্যান্স আরও ভালো হওয়া উচিত ছিল। আমরা সেটা করতে পারিনি। মাত্র ৭৫ রানের লক্ষ্য দিতে পেরেছি।’’ ইন্দোরের পিচ নিয়ে সমালোচনা হয়েছে বিস্তর। রোহিত বলেন, ‘‘টিম হিসেবে কোন জায়গায় উন্নতির প্রয়োজন সেটা বুঝতে হবে। কঠিন পিচে খেলতে হলে সঠিকভাবে বল করতে হবে। আমরা ওদের বোলারদের একটা জায়গায় বল করার সুযোগ দিয়েছি। এসব বলে অবশ্য কারও ক্রেডিট কেড়ে নিতে চাই না। বিশেষ করে নাথান লিয়ঁর। আমাদের চেষ্টার এবং আরও সাহসী হওয়ার প্রয়োজন ছিল। আমার মতে, এগুলির খামতি ছিল।’’ ইন্দোর টেস্ট হেরে যাওয়ায় বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে ওঠা হয়নি ভারতের। আমেদাবাদে শেষ টেস্টের জন্য পরিকল্পনা কী হবে ভারতের? রোহিত বললেন, ‘‘এই সবে টেস্ট শেষ হল। এখনও কিছু ভাবিনি। হাতে সময় রয়েছে। প্রথম দুটি টেস্টে আমরা যেভাবে ব্যাট করেছি তা তারিফযোগ্য। ঠিক সেভাবেই এগোতে হবে। দলের কয়েকজনের আরও ভালো পারফর্ম করা প্রয়োজন ছিল।’’

অবশেষে অভিভাবক পেল ভারতীয় পুরুষ হকি দল

নয়াদিল্লি, ৩ মার্চঃ হকি বিশ্বকাপে বেদনাদায়ক বিদায় স্বীকার করতে হয়েছে ভারতের হকি দলকে। নিজেদের দেশের মাটিতে আয়োজিত হকি বিশ্বকাপে আশানুরূপ ফলাফল পায়নি হরমনপ্রীত সিংয়ের নেতৃত্বাধীন ভারতীয় হকি দল। যার জেরে পদত্যাগ করেন ভারতীয় হকি দলের কোচ গ্রাহাম রিড। ভারতের সামনে এখন এফআইএইচ প্রো লিগ। প্রতিপক্ষ জার্মানি ও অস্ট্রেলিয়া। এমন সময়ে কোচহীন ভারতীয় দলের দায়িত্ব পেলেন একজন প্রোটিয়াস। কে তিনি? প্রায় ২৫ বছরের অভিজ্ঞতা নিয়ে ভারতীয় পুরুষ হকি দলের প্রশিক্ষণের দায়িত্ব পেলেন দক্ষিণ আফ্রিকার ক্রেগ ফুলটন। গ্রাহাম রিডের জায়গা পেলেন তিনি। কোচ গ্রাহামের তত্ত্বাবধানেই টোকিও অলিম্পিকে ঐতিহাসিক ব্রোঞ্জ পদক জিতেছিল ভারতের পুরুষ হকি দল। কিন্তু হকি ওয়ার্ল্ড কাপ থেকে ভারতের বিদায়ের পর তিনি পদত্যাগ করেন। ভারতীয় দলের দায়িত্ব পেয়ে নতুন কোচ ফুলটন বলেন, ‘‘ভারতীয় দলের কোচিংয়ের দায়িত্ব পেয়ে আমি খুবই সম্মানিত বোধ করছি। হকির ইতিহাসে ভারতের অবদান অনস্বীকার্য। সেই অবদানকে আমি আরও এক ধাপ এগিয়ে নিয়ে যেতে চাই। বর্তমানে এই দলে বহু প্রতিভাবান প্লেয়ার রয়েছেন। কোচ হিসেবে ক্রেগ ফুলটনের পরিসংখ্যানও ঈর্ষণীয়। অতীতে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত তিনি আয়ারল্যান্ডের জাতীয় দলের

কোচ ছিলেন। এই সময়ে আয়ারল্যান্ড ১০০ বছরে প্রথমবারের জন্য অলিম্পিকে খেলার যোগ্যতা অর্জন করে। সেই মাইলস্টোন ছোঁয়ার পরেই তিনি ২০১৫ সালে আন্তর্জাতিক হকি ফেডারেশনের বর্ষসেরা কোচ বিবেচিত হন। ২০১৮ সালের হকি বিশ্বকাপজয়ী বেলজিয়াম দলের কোচিংয়ের দায়িত্বও ছিল ৪৮ বছরের এই প্রোটিয়াসের কাছে। ভারতের সামনে এখন এফআইএইচ প্রো লিগ। যা অনুষ্ঠিত হতে চলেছে রৌরকেল্লায়। এই লিগেরই দুটি ম্যাচে বিশ্ব চ্যাম্পিয়ন জার্মানি এবং অস্ট্রেলিয়ার মুখোমুখি হতে চলেছে ভারত। নতুন কোচের তত্ত্বাবধানে হরমনপ্রীতরা কেমন পারফর্মে করেন সেটাই দেখার।

ভারতে নেতৃত্ব দেওয়া পছন্দ করি স্মিথ

ইন্দোর, ৩ মার্চঃ ইন্দোরে অধিনায়ক স্মিথ ফুল মার্কস নিয়ে গেলেন। একইসঙ্গে চার ম্যাচের ভারত-অস্ট্রেলিয়া টেস্ট সিরিজে ঘুরে দাঁড়াল অস্ট্রেলিয়া। সিরিজ দাঁড়িয়ে এখন ২-১। স্মিথের কাঁধে যখন ক্যাপ্টেন্সির দায়িত্ব আসে সেই সময় অস্ট্রেলিয়া ০-২ ব্যবধানে সিরিজে পিছিয়ে ছিল। সেখান থেকে ইন্দোর টেস্টে দাপট দেখিয়ে জিতেছে অস্ট্রেলিয়া। ফলে, আমেদাবাদে সিরিজের শেষ টেস্টে নামার আগে আত্মবিশ্বাসী হয়ে নামতে পারবে অজিরা। রোহিতদের হোলকার স্টেডিয়ামে হারানোর পর স্মিথ জানিয়েছেন, বিশ্বের বিভিন্ন প্রান্তের মধ্যে ভারতের মাটিতে নেতৃত্ব দেওয়া বেশ পছন্দ তাঁর। ইন্দোর টেস্টে ৯ উইকেটে জেতার পর স্টিভ স্মিথ জানান, ২-০ পিছিয়ে থাকার পরে তাঁর দল যেভাবে কামব্যাক করেছে তা অসাধারণ। তিনি বলেন, ‘‘আমার সময় শেষ হয়ে গিয়েছে। এটা এখন প্যাটের টিম।’’ আসলে ২০১৮ সালে বল বিকৃতি কাণ্ডে জড়িয়ে ক্যাপ্টেন্সি খুইয়েছিলেন স্মিথ। তবে এখনও স্মিথের মধ্যে ক্যাপ্টেন্সি দেওয়ার ক্ষমতা রয়েছে। তার প্রমাণ পাওয়া গেল ইন্দোর টেস্টে। তিনি বলেন, ‘‘সত্যি বলতে গেলে বিশ্বের বিভিন্ন প্রান্তের মধ্যে ভারতে নেতৃত্ব দেওয়া আমার সবচেয়ে পছন্দের। এই কন্ডিশনে আমি অধিনায়কত্বটা বেশ উপভোগ করি। কারণ, আমি কন্ডিশনটা বেশ ভালো বুঝতে পারি। এখানকার কন্ডিশন বিশ্বের অন্য যে কোনও জায়গার থেকে আলাদা।’’

‘তোমাকে কেউ বাঁচাতে পারবে না’

মেসিকে হুমকি বন্দুকবাজের, চলল গুলি!

রোজারিও, ৩ মার্চঃ নিজের জন্মস্থানে মৃত্যুর হুমকি পেলেন লিওনেল মেসি। আর্জেন্টিনায় লিওনেল মেসির বাড়ি রোজারিওর একটি সুপার মার্কেটে হামলা চালায় বন্দুকবাজরা। ওই সুপার মার্কেটটি রোকুজ্জোদের। অর্থাৎ মেসির শ্বশুরবাড়ির মালিকানাধীন। সেখানেই হামলা চালিয়ে মেসিকে খুনের হুমকি দিয়ে চিরকুট রেখে আসে বন্দুকবাজরা। ঘটনায় ব্যপক আতঙ্ক ছড়িয়েছে এলাকায়। মেসির শ্বশুরবাড়ির লোকজনও তটস্থ হয়ে রয়েছেন। আর্জেন্টিনার সময় অনুযায়ী বৃহস্পতিবার রাত ৩টে নাগাদ ঘটনাটি ঘটে। ছেলেবেলার ক্লাব রোজারিওর নিউওয়েলস ওল্ড বয়েজের হয়ে কেরিয়ার শেষ করতে চান মেসি। কিন্তু এই ঘটনার পর

সেই সিদ্ধান্ত নিয়ে দু’বার ভাবতে হবে তাঁকে। মেসির স্ত্রী আন্তোনেল্লা রোকুজ্জোর বাপের বাড়ির মালিকানাধীন ওই সুপার মার্কেটটি। সেখানেই এলোপাথাড়ি গুলিতে হামলা চালায় বন্দুকবাজরা। ভোর রাতে ঘটনাটি ঘটায় সুপার মার্কেটটি খালি ছিল। বাইরে থেকে সুপার মার্কেটের দরজায় গুলি করে মোটর সাইকেল হাঁকিয়ে পালিয়ে যায় দুষ্কৃতিরা। সুপার মার্কেটের বাইরে ১৪ বার গুলির আওয়াজ শোনা গিয়েছে। যাওয়ার আগে কাগজে মেসির জন্য হুমকি লেখা বার্তা লিখে যায় বন্দুকবাজরা। রাস্তায় ফেলে যাওয়া ওই চিরকুটে লেখা ছিল, তোমার জন্য আমরা অপেক্ষা করছি মেসি। পাবলো ইয়াভকিন (রোজারিওর মেয়র) একজন মাদকের চোরা কারবারি। ও তোমায় বাঁচাতে পারবে না। দেশের ফুটবল সুপারস্টারকে মৃত্যু হুমকি দেওয়ায় হইচই পড়ে গিয়েছে আর্জেন্টিনায়। মেসির সুরক্ষা নিয়ে চিন্তিত তাঁর অনুরাগীরা। সময় পেলেই স্ত্রী-পুত্রদের নিয়ে রোজারিওর বাড়িতে যান মেসি। ঘটনার তদন্ত শুরু করেছে আর্জেন্টিনার ক্রাইম ইনভেস্টিগেশন ব্যুরো। ঘটনাস্থল থেকে চিরকুটটি উদ্ধার করেছে তারা। ওই সুপার মার্কেটটি আপাতত বন্ধ থাকবে। সুপার মার্কেটের রাস্তায় সাধারণ মানুষের যাতায়াত বন্ধ করে দেওয়া হয়েছে।

মহিলাদের নিখরচায় প্রবেশ, উইমেন্স প্রিমিয়র লিগ-এর উদ্বোধনী ম্যাচের টিকিট ‘সোল্ড আউট’

মুম্বই, ৩ মার্চঃ মেয়েদের প্রিমিয়র লিগের বোধন শনিবার। ৪ মার্চ থেকে শুরু হয়ে যাচ্ছে উইমেন্স প্রিমিয়র লিগ। আইপিএলের থেকে ডব্লিউপিএলের কোনও অংশে খামতি রাখছে না বিসিসিআই। আইপিএল নিয়ে যেমন ভারতীয় ক্রিকেট সমর্থকদের উত্তেজনা থাকে, মেয়েদের প্রিমিয়র লিগেও তেমনটাই আশা করছিল দেশের ক্রিকেট বোর্ড। যত দিন গড়িয়ে আসছে, ডব্লিউপিএল নিয়ে ক্রিকেটপ্রেমীদের উন্মাদনা বাড়ছে। প্রথম সংস্করণ থেকেই মেয়েদের প্রিমিয়র লিগ নিয়ে হইচই তুঙ্গে। শনিবার টুর্নামেন্টের প্রথম ম্যাচে মুখোমুখি হবে মুম্বই ইন্ডিয়ান্স ও গুজরাত জায়ান্টস। ডি ওয়াই পাটিল স্টেডিয়ামে উদ্বোধনী ম্যাচের সব টিকিট ঝড়ের গতিতে বিক্রি হয়ে গিয়েছে। বিসিসিআই জানিয়েছিল, মেয়েদের প্রিমিয়র লিগের ম্যাচ দেখতে হলে মহিলাদের কোনওরকম টিকিট কাটতে হবে না। বিনামূল্যে ম্যাচ দেখতে পাবেন মহিলারা। মেয়েদের টি-২০ ফ্র্যাঞ্চাইজি লিগের প্রথম সংস্করণ মহিলাদের বেশি করে মাঠে আনার পরিকল্পনা বোর্ডের। এই পরিকল্পনা কতটা সফল হবে তা টুর্নামেন্ট গড়ালেই বোঝা যাবে। তবে টুর্নামেন্টের প্রথমদিনের বাকি আসনের টিকিট বিক্রি হয়ে গিয়েছে। পুরুষদের জন্য টিকিটের দাম রাখা হয়েছে ১০০ টাকা থেকে ৪০০ টাকার মধ্যে। ডি ওয়াই পাটিল স্টেডিয়ামে ডব্লিউপিএলের উদ্বোধন মাতিয়ে দেবেন বলিউডের নামীদামি মুখগুলি। নাচের ছন্দে উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চ মাতাবেন কিয়ারা আদবানি, কৃতি স্যাননের মতো প্রথম সারির নায়িকারা। গানে গানে মঞ্চে আলোড়ন তুলবেন এপি ধিলোঁ, শঙ্কর মহাদেবনরা। মঞ্চে সেদিন মেয়েদের আইপিএলের অ্যান্থেম গাইতে পারেন এপি ধিঁলো। গানটি নাকি তিনিই লিখেছেন। উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চে গানটির আনুষ্ঠানিক রিলিজ হবে। ডব্লিউপিএলের প্রথম বল গড়ানোর আগে নাচে গানে মঞ্চ মাতিয়ে দিতে প্রস্তুত কিয়ারা, কৃতিরা। কিয়ারা তাঁর বেশ কিছু হিট গানের তালে কোমর দোলাবেন। কৃতিও ‘পরম সুন্দরী’তে উদ্বোধনের মঞ্চে ‘আগুন’ জ্বালাতে প্রস্তুত। মেয়েদের প্রিমিয়র লিগের প্রথম সংস্করণ মুম্বইয়ের বাইরে আরও কোথাও খেলা হবে না।



আত্মঘাতী গোলে এল ক্লাসিকো জয় বার্সেলোনার, ঘরের মাঠে হারল রিয়াল

একের পর এক আক্রমণেও সুবিধা করতে পারল না রিয়াল মাদ্রিদ। প্রতিপক্ষের জমাট রক্ষণে আছড়ে পড়ল তাদের সব প্রচেষ্টা। এর মাঝেই শুরুর দিকে এদের মিলিতাওয়ের আত্মঘাতী গোলে এগিয়ে গেল বার্সেলোনা। বাকিটা সময় রক্ষণাত্মক ফুটবলে ব্যবধান ধরে রেখে কোপা দেল রের ফাইনালে ওঠার পথে এগিয়ে গেল শাভি হার্নান্দেজের দল।

মাদ্রিদ, ৩ মার্চঃ সান্তিয়াগো বের্নাবেউয়ে বৃহস্পতিবার রাতে সেমিফাইনালের প্রথম লেগে ১-০ গোলে জিতেছে কাতালান ক্লাবটি। এই নিয়ে টানা দুটি ক্লাসিকো জিতল তারা, জানুয়ারিতে রিয়ালকে হারিয়েই স্প্যানিশ সুপার কাপ জিতেছিল বার্সেলোনা। টানা দুই ম্যাচে জয়শূন্য রইলো রিয়াল। গত সপ্তাহে লা লিগায় আতলেতিকো মাদ্রিদের সঙ্গে ১-১ ড্র করেছিল তারা। সব প্রতিযোগিতা মিলিয়ে টানা ১৮ ম্যাচ অপরাজিত থাকার পর গত ২৩ ফেব্রুয়ারি ইউরোপা লিগের প্লে অফে ম্যানচেস্টার ইউনাইটেডের বিপক্ষে হেরে বাদ পড়ে যায় বার্সেলোনা। এর তিন দিন পর লা লিগায় দুর্বল আলমেরিয়ার বিপক্ষে ভীষণ বাজে পারফরম্যান্স করে হেরে বসে শাভির দল। টানা দুই হারের ধাক্কা সামলে কক্ষপথে ফেরার অভিযানে চিরপ্রতিদ্বন্দ্বিদের মাঠে শুরুতে বেশ এলোমেলো দেখা যায় বার্সেলোনাকে। আক্রমণে রবের্ত লেভানডফস্কির শূন্যতা প্রকট হয়ে ওঠে সময় গড়ানোর সঙ্গে সঙ্গে। তবে খেলার ধারার বিপরীতে শুরুর দিকেই গোল পেয়ে যায় তারা। প্রথম থেকে অধিকাংশ সময় বল দখলে রেখে আক্রমণ করতে থাকে রিয়াল। খুব ভালো সুযোগ যদিও তৈরি করতে পারছিল না তারা। দ্বাদশ মিনিটে বাঁ দিক থেকে সতীর্থের বাড়ানো ক্রস বুক দিয়ে নামিয়ে কোনাকুনি শটে জালে বল পাঠান করিম বেনজেমা। তবে পরিষ্কার অফসাইডে ছিলেন তিনি। ২৬তম মিনিটে প্রথম উল্লেখযোগ্য আক্রমণেই এগিয়ে যায় বার্সেলোনা। ডি-বক্সে বল পেয়ে কোত দি ভোয়ার মিডফিল্ডার ফঁক কেসিয়ের নেওয়া শট কোনোমতে পা দিয়ে ঠেকান থিবো কোর্তোয়া। তবে ফিরতি বল ডিফেন্ডার এদের মিলিতাওয়ের পায়ে লেগে জালে জড়ায়। রাফিনিয়া অফসাইডে থাকায় শুরুতে গোল দেননি রেফারি। তবে তার মুভ বলের দিকে না থাকায় ভিএআরে আসে গোলের সিদ্ধান্ত। এরপরও খেলার ধারায় কোনো পরিবর্তন আসেনি। আক্রমণ করতে থাকে রিয়াল, তবে বার্সেলোনার জমাট রক্ষণ ভেদ করে কোনো শটই নিতে পারছিল না তারা। প্রথমার্ধে গোলের উদ্দেশ্যে পাঁচটি শট নিলেও প্রতিপক্ষ গোলরক্ষককে সেভাবে ভাবাতে পারেনি বেনজেমা-ভিনিসিউসরা। তাদের একটি শটও যে লক্ষ্যে ছিল না। বিপরীতে ঘর সামলানোয় মনোযোগী বার্সেলোনা ওই একটি শটই নিতে পারে প্রথম ৪৫ মিনিটে। দ্বিতীয়ার্ধেও একইরকম আক্রমণাত্মক শুরু করে রিয়াল। ৪৯তম মিনিটে ফেদেরিকো ভালভেরদের পাস বক্সে পেয়ে ভিনিসিউসের নেওয়া শট রক্ষণে প্রতিহত হয়। ৭২তম মিনিটে ভাগ্যের ফেরে গোলবঞ্চিত হয় বার্সেলোনা। ডি-বক্সে অরক্ষিত কেসিয়ের শট লক্ষ্যেই ছিল কিন্তু মাঝপথে সতীর্থ আনসু ফাতির পায়ে লাগে বল। দুই মিনিট আগে বদলি নামা স্প্যানিশ ফরোয়ার্ডের এটাই ছিল বলে প্রথম ছোঁয়া, কী দুর্ভাগ্যজনক! নির্ধারিত সময়ের শেষ মিনিটে দূর থেকে চেষ্টা করেন রদ্রিগো। তবে নাচো ফার্নান্দেজের বদলি নামা ব্রাজিলিয়ান ফরোয়ার্ডের শটও লক্ষ্যে থাকেনি। ম্যাচজুড়ে এত চেষ্টার পরও রিয়াল যে গোল পায়নি, তার কারণ তাদের ফরোয়ার্ডদের ব্যর্থতাও। পুরো ম্যাচে গোলের উদ্দেশ্যে ১৩টি শট নিয়েছে তারা, কিন্তু লক্ষ্যে রাখতে পারেনি একটিও! বিপরীতে, কেবল ৩৫ শতাংশ সময় বল দখলে রাখা বার্সেলোনা চার শট নিয়ে লক্ষ্যে রাখতে পারে দুটি। আগামী ৫ এপ্রিল কাম্প ন্যুয়ে হবে ফিরতি লেগ। অবশ্য তার আগে আরেকবার দেখা হবে চিরপ্রতিদ্বন্দ্বি এই দুই দলের। আগামী ১৯ মার্চ লা লিগাতেও ঘরের মাঠে খেলবে বার্সেলোনা।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501